# Daily Monitoring Report

**Directorate of Monitoring**
**Bangladesh Betar, Dhaka**
e-mail: dmr.dm@betar.gov.bd

Srabon 04, 1433 Bangla, July 19, 2026, Sunday, No. 194, 56th year

# H I G H L I G H T S

Prime Minister Tarique Rahman has directed authorities concerned to intensify efforts to curb air and noise pollution. (Jago FM: 12)

Government will launch pilot phase of Probashi Card programme next month. (R. Today: 19)

Prime Minister's Adviser and Office Spokesperson Mahadi Amin has said government has achieved unprecedented and multidimensional achievements during its first five months in office. (Jago FM: 10)

Commerce Minister has sought a three-year extension to Bangladesh's preparatory period for graduating from LDC category. (R. Today: 21)

Information and Broadcasting Minister has said, Bangladesh's foreign policy is guided by economic priorities rather than geopolitical considerations. (R. Today: 23)

Prime Minister's Press Secretary has informed that government is gradually implementing 31-point election manifesto of BNP and July Charter. (Jago News: 09)

Government has a plan to introduce about 1,400 electric buses to modernize country's public transportation system. (R. Today: 19)

Flood Forecasting and Warning Centre has warned of short-term flooding in five northern districts of country due to heavy rainfall and onrush water. (R. Today: 19)

A free special surgery program has been launched at Government Employees Hospital to provide free surgeries to children with cleft lip and cleft palate. (Jago FM: 08)

Iran has alleged that its civilian installations including power plants have been targeted by US attacks. (BBC: 03)

| Director: 44813046 | Deputy News Controller: 44813048<br>44813179 | Assistant News Controller: 44813047<br>44813178 |
| --- | --- | --- |

**দৈনিক মনিটরিং রিপোর্ট**
**মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা**
**শ্রাবণ ০৪, বাংলা ১৪৩৩, জুলাই ১৯, ২০২৬, রবিবার, নং- ১৯৪, ৫৬তম বছর**

# শিরোনাম

বায়ু ও শব্দদূষণ নিয়ন্ত্রণে দ্রুত ও কার্যকর পদক্ষেপ নিতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে প্রধানমন্ত্রী তারেক রহমানের নির্দেশ। (জাগো এফএম: ১২)

আগামী মাসের মধ্যে ‘প্রবাসী কার্ড’-এর পরীক্ষামূলক কার্যক্রম শুরু করবে সরকার। (রে. টুডে: ১৯)

সরকারের পাঁচ মাসে ‘বহুমাত্রিক অর্জনের’ দাবি প্রধানমন্ত্রীর উপদেষ্টা ও কার্যালয়ের মুখপাত্র মাহদী আমিনের। (জাগো এফএম: ১০)

বাংলাদেশের এলডিসি উত্তরণের প্রস্তুতি পর্ব তিন বছর বাড়ানোর আহ্বান বাণিজ্য মন্ত্রীর। (রে. টুডে: ২১)

তথ্য ও সম্প্রচার মন্ত্রী বলেছেন , ভূ-রাজনীতি নয়, বরং অর্থনৈতিক নিয়াময়কই বাংলাদেশের বৈদেশিক ও কূটনৈতিক নীতির মূল ভিত্তি। (রে. টুডে: ২৩)

বিএনপির নির্বাচনি ইশতেহারের ৩১ দফা ও জুলাই সনদ পর্যায়ক্রমে সরকার বাস্তবায়ন করে যাচ্ছে বলে জানিয়েছেন প্রধানমন্ত্রীর প্রেস সচিব। (জাগো এফএম: ০৯)

দেশের গণপরিবহন ব্যবস্থার আধুনিকায়নে প্রায় ১ হাজার ৪০০টি বৈদ্যুতিক বাস চালুর পরিকল্পনা সরকারের। (রে. টুডে: ১৯)

ভারি বৃষ্টিপাত ও উজানের ঢলে দেশের উত্তরাঞ্চলের ৫ জেলায় স্বল্পমেয়াদি বন্যার শঙ্কার কথা জানিয়েছে বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র । (রে. টুডে: ১৯)

জন্মগত ঠোঁটকাটা ও তালুকাটা সমস্যায় আক্রান্ত শি শুদের সরকারি কর্মচারী হাসপাতালে বিনামূল্যে বিশেষ অস্ত্রোপচার কর্মসূচি শুরু। (জাগো এফএম: ০৮)

ইরানের বিদ্যুৎকেন্দ্রসহ বেসামরিক স্থাপনা মার্কিন হামলার শিকার হয়েছে বলে অভিযোগ দেশটির। (বিবিসি: ০৩)

# বিবিসি

## বিদ্যুৎকেন্দ্রসহ বেসামরিক স্থাপনায় যুক্তরাষ্ট্র হামলা চালাচ্ছে অভিযোগ ইরানের

ইরান অভিযোগ করেছে, বিদ্যুৎকেন্দ্রসহ তাদের বেসামরিক নানা স্থাপনা মার্কিন হামলার শিকার হয়েছে। তবে এই দাবি প্রত্যাখ্যান করে ইরানের "নজরদারি কেন্দ্র, সামরিক সরবরাহ অবকাঠামো, ভূগর্ভস্থ অস্ত্র সংরক্ষণাগার এবং সামুদ্রিক সক্ষমতার ওপর হামলা" চালানোর দাবি করেছে যুক্তরাষ্ট্র। মার্কিন সামরিক বাহিনীর সেন্ট্রাল কমান্ড (সেন্টকম) জানিয়েছে, প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প অস্থায়ী যুদ্ধবিরতি চুক্তি "শেষ" বলে ঘোষণা করার পর থেকে তারা টানা সপ্তম রাতের মতো বৃহস্পতিবার রাতে ইরানে হামলা চালিয়েছে তারা। বিবৃতিতে বলা হয়েছে, কয়েক ঘণ্টা ধরে চালানো হামলায় "মার্কিন বাহিনী যুদ্ধবিমান, ড্রোন ও যুদ্ধজাহাজসহ অন্যান্য সামরিক সক্ষমতা ব্যবহার করেছে"। তবে তেহরানের আগের সেই দাবি যুক্তরাষ্ট্র অস্বীকার করেছে যে, তারা ইরানের বেসামরিক অবকাঠামো, যেমন সেতু, রেলস্টেশন ও বিমানবন্দরে হামলা চালিয়েছে। যদিও গত মঙ্গলবার ট্রাম্প হুমকি দিয়েছিলেন, ইরান যদি আলোচনায় ফিরে না আসে, তাহলে সেতু ও বিদ্যুৎকেন্দ্রগুলোতে হামলা চালানো হবে। এদিকে, ইরানের রাষ্ট্রীয় গণমাধ্যম জানিয়েছে, মধ্যাঞ্চলের ইয়াজদ শহর, কেশম দ্বীপ এবং হরমুজ প্রণালির পাশে অবস্থিত বন্দর আব্বাসে বিস্ফোরণের শব্দ শোনা গেছে। বিবিসি নিউজ ফার্সি দুটি ভিডিও যাচাই করেছে, যেখানে বন্দর আব্বাসের উত্তরে অবস্থিত শহিদ মিরজাই জোড়া টানেল ও এর আশপাশে ক্ষয়ক্ষতি এবং ধ্বংসাবশেষ দেখা যায়। স্থানীয় কর্তৃপক্ষ আরও জানিয়েছে, জাস্কের কাছে একটি স্থাপনায় বিদ্যুৎ অবকাঠামো ও লবণমুক্তকরণ পাম্পে হামলার কারণে ২০টি গ্রামের প্রায় ১০ হাজার মানুষ পানযোগ্য পানি থেকে বঞ্চিত হয়েছে।

এদিকে, উত্তর হরমোজগান প্রদেশে ১০০টিরও বেশি টেলিযোগাযোগ টাওয়ার অচল হয়ে গেছে, যার ফলে ল্যান্ডলাইন, মোবাইল ও ইন্টারনেট সেবা ব্যাহত হচ্ছে। ইরানের স্বাস্থ্য মন্ত্রণালয়ের একজন মুখপাত্র জানিয়েছেন, যুক্তরাষ্ট্রের বিমান হামলায় "৫০ জন নিহত এবং ৫০০ জনের বেশি আহত" হয়েছেন। ইরান এটাও জানিয়েছে, আঘাতের জবাবে তারা ওই অঞ্চলে যুক্তরাষ্ট্রের মিত্র দেশগুলোকে লক্ষ্যবস্তু করেছে। এর মধ্যে কুয়েত রয়েছে, যারা জানিয়েছে একটি বিদ্যুৎকেন্দ্র ও একটি তেল স্থাপনায় হামলা হয়েছে। যুদ্ধ বন্ধে আলোচনার সুযোগ তৈরি করতে জুন মাসে যুক্তরাষ্ট্র ও ইরান যুদ্ধবিরতিতে সম্মত হয়েছিল। যুদ্ধবিরতি মোটামুটি মেনে চলা হয়েছিল। যদিও তেহরান পরে দাবি করে, হরমুজ প্রণালি অতিক্রমের আগে জাহাজগুলোকে অনুমোদন নিতে বাধ্য করার উদ্দেশ্যে তেলবাহী জাহাজে হামলা চালিয়েছিল তারা। জাহাজ চলাচলে ইরানের ওই হামলার পর যুক্তরাষ্ট্র ইরানের বিরুদ্ধে হামলা শুরু করে। আলোচনা শুরু হলেও এতে কোনো অগ্রগতি হয়নি বলে দেখা যায় এবং গত সপ্তাহে ট্রাম্প যুদ্ধবিরতি শেষ হওয়ার ঘোষণা দেন। এর পর থেকে ইরানের বিভিন্ন স্থাপনায় হামলার পাশাপাশি যুক্তরাষ্ট্র আবারও ইরানের বন্দরগুলোর ওপর নৌ অবরোধ আরোপ করেছে। ইরান হরমুজ প্রণালি জাহাজ চলাচলের জন্য বন্ধ ঘোষণা করেছে এবং সেখান দিয়ে চলাচল প্রায় থেমে গেছে। বিশ্বের এক-পঞ্চমাংশ তেল ও তরলীকৃত প্রাকৃতিক গ্যাস আগে এই প্রণালি দিয়ে পরিবাহিত হতো। আন্তর্জাতিক জ্বালানি সংস্থার প্রধান ফাতিহ বিরোল বিশ্বব্যাপী জ্বালানি সরবরাহ নিয়ে উদ্বেগ প্রকাশ করেছেন।

মার্কিন সামরিক বাহিনী ইরানের ফার্স সংবাদ সংস্থার একটি প্রতিবেদন অস্বীকার করেছে। ওই প্রতিবেদনে বলা হয়েছিল, "হরমুজ প্রণালির দক্ষিণে মাইন পাতা একটি পথ দিয়ে যাওয়ার সময় দুটি তেলবাহী জাহাজ বিস্ফোরিত হয়ে আগুন ধরে যায়।" সেন্টকম বলেছে, "আইআরজিসির অধিকাংশ দাবির মতো এটিও মিথ্যা।" শুক্রবার ইরানের সশস্ত্র বাহিনী দাবি করে, তারা কুয়েত, বাহরাইন, জর্ডান এবং প্রথমবারের মতো সিরিয়ায় যুক্তরাষ্ট্রের একাধিক সামরিক স্থাপনায় হামলা চালিয়েছে, যুক্তরাষ্ট্র যে দাবি অস্বীকার করেছে। বিবিসির মার্কিন অংশীদার সিবিএস নিউজকে সূত্রগুলো জানিয়েছে, গত সপ্তাহে জর্ডানে অবস্থিত দুটি ঘাঁটিতে ইরানি হামলায় কয়েকজন মার্কিন সেনাসদস্য আহত হয়েছেন। শনিবার কুয়েতের রাষ্ট্রীয় বার্তা সংস্থা জানায়, ইরানি একাধিক হামলায় একটি তেল স্থাপনার উল্লেখযোগ্য ক্ষতি হয়েছে এবং কয়েকজন আহত হয়েছেন।

জর্ডানের সামরিক বাহিনীও জানিয়েছে, তারা রাতে তাদের আকাশসীমায় প্রবেশ করা ইরানের ছোড়া ১০টি ক্ষেপণাস্ত্র প্রতিহত করেছে। কোনো ক্ষয়ক্ষতির খবর পাওয়া যায়নি। বাহরাইনও দাবি করেছে, তাদের আকাশ প্রতিরক্ষা ব্যবস্থা ইরানের হামলা ব্যর্থ করে দিয়েছে। বিবিসি ভেরিফাই ও বিবিসি ফার্সি ইরানের হরমোজগান প্রদেশে গারিভেহ সেতুর ক্ষয়ক্ষতির ভিডিও যাচাই করেছে। রাতে ধারণ করা ভিডিওতে সেতুর ওপর আগুনের গোলা দেখা যায়। দিনের আলোয় তোলা ছবিতে সেতুর ভাঙা অংশের চারপাশে ধ্বংসস্তূপসহ রাস্তার একটি অংশ ধসে পড়তে দেখা যায়। ক্ষতিগ্রস্ত অঞ্চল হরমোজগান প্রদেশের কর্তৃপক্ষ জানিয়েছে, হামলায় সাতজন নিহত হয়েছেন।

হোয়াইট হাউসের একজন মুখপাত্র বিবিসিকে বলেন, যুক্তরাষ্ট্র "শুধু সামরিক লক্ষ্যবস্তুতে হামলা চালিয়েছে, যার মধ্যে সামরিক সরবরাহ অবকাঠামো অন্তর্ভুক্ত ছিল।" যুক্তরাষ্ট্র আরও জানিয়েছে, তারা চাবাহার বন্দরের একটি নিয়ন্ত্রণ টাওয়ার ধ্বংস করেছে। প্রতিরক্ষামন্ত্রী পিট হেগসেথ হামলার আঘাতে টাওয়ারটি ভেঙে পড়ার একটি ছবি শেয়ার করেছেন। সেন্টকম বলেছে, টাওয়ারটি আইআরজিসির একটি সামুদ্রিক নজরদারি নেটওয়ার্কের অংশ ছিল। ইরানের স্বাস্থ্য মন্ত্রণালয়ের মুখপাত্র হোসেইন কেরমানপুর জানিয়েছেন, যুক্তরাষ্ট্রের হামলা আবার শুরু হওয়ার পর "৫০ জন নিহত এবং ৫০০ জনের বেশি আহত" হয়েছেন। নিহতদের মধ্যে "পাঁচজন নারী এবং ১৮ বছরের কম বয়সী দুই শিশু

ও কিশোর" রয়েছে। তিনি আরও বলেন, আহতদের মধ্যে "৩২ জন নারী ও ১৮ জন কিশোর" রয়েছেন। স্বাস্থ্য মন্ত্রণালয়ের মুখপাত্রের মতে, "আহতদের মধ্যে ৩৭ জন" এখনো হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন। এদিকে, ইরানের উপ-পররাষ্ট্রমন্ত্রী কাজেম গারিবাবাদি বলেছেন, তারা "ইসলামাবাদ সমঝোতা স্মারকের অধীনে নিজেদের সব প্রতিশ্রুতি স্থগিত" করেছেন। তিনি জোর দিয়ে বলেন, "যুক্তরাষ্ট্র তাদের আগ্রাসী কর্মকাণ্ডের মাধ্যমে ইসলামাবাদ সমঝোতা স্মারকের অধীনে থাকা সব দায়বদ্ধতা লঙ্ঘন করেছে।" তিনি ইরানের এই পদক্ষেপকে যুক্তরাষ্ট্রের আচরণের প্রতিক্রিয়া হিসেবে বর্ণনা করেন। যুক্তরাষ্ট্রের সঙ্গে আলোচনাকারী দলের সদস্য মি. গারিবাবাদি আরও বলেন, "বর্তমান পরিস্থিতিতে দেশের অগ্রাধিকার হলো দৃঢ়ভাবে ইরানকে রক্ষা করা এবং আগ্রাসীদের জবাব দেওয়া।"
(বিবিসি ওয়েব পেজ : ১৮.০৭.২০২৬ নারগীস)

## বৃষ্টি ও বন্যা নিয়ে আবহাওয়ার পূর্বাভাসে কী বলা হচ্ছে

বাংলাদেশের দুটি জেলায় নদীর পানি এখন বিপৎসীমার উপর দিয়ে প্রবাহিত হচ্ছে এবং একই সাথে দেশের উত্তরাঞ্চলের কয়েকটি জেলায় নদ-নদীর পানি বিপৎসীমা অতিক্রম করে বন্যা পরিস্থিতি তৈরি হতে পারে বলে আভাস দিয়েছে বন্যা তথ্য কেন্দ্র। বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র বলছে, কুশিয়ারা নদী সিলেটের ফেঞ্চুগঞ্জে ও সুনামগঞ্জের মারকুলি পয়েন্টে বিপৎসীমার উপর দিয়ে প্রবাহিত হচ্ছে। ওদিকে আগামী দুইদিনে উত্তরাঞ্চলের তিস্তা, ধরলা ও দুধকুমার নদীর পান বেড়ে কিছু জায়গায় বিপৎসীমার উপর দিয়ে প্রবাহিত হতে পারে, যা অন্তত পাঁচটি জেলার নিম্নাঞ্চলে স্বল্পমেয়াদি বন্যা পরিস্থিতি তৈরি করতে পারে। কুড়িগ্রাম পানি উন্নয়ন বোর্ডের নির্বাহী প্রকৌশলী মো. রাকিবুল হাসান বলছেন, ওই জেলায় কোন নদ নদীর পানি এখনো বিপৎসীমা অতিক্রম করেনি, তবে উজানে বৃষ্টি থাকায় তিস্তা ধরলা ও দুধকুমারের পানি বিপৎসীমা অতিক্রম করতে পারে। "ভারতের আসাম অর্থাৎ উজানে প্রবল বৃষ্টির কারণে পানি বাড়ছে। তবে ব্রহ্মপুত্র নদের পানি এবার বিপৎসীমা অতিক্রম করবে না। সে কারণে নদী সংলগ্ন এলাকায় পানি উঠলেও বন্যা পরিস্থিতি নিয়ে উদ্বেগের কিছু নেই," বিবিসি বাংলাকে বলেছেন তিনি। গাইবান্ধা ও রংপুর পানি উন্নয়ন বোর্ড জানিয়েছে, সেখানকার সব নদীর পানিই বাড়ছে এবং এর মধ্যে তিস্তার পানি কোনো কোনো জায়গায় বিপৎসীমা অতিক্রম করতে পারে। কর্মকর্তারা বলছেন, উজানে অর্থাৎ ভারতের আসামে প্রবল বৃষ্টিপাতের কারণে বাংলাদেশের এসব এলাকায় নদ-নদীর পানি বাড়বে। "তবে এ নিয়ে উদ্বেগের কিছু নেই। কয়েকদিন পর পানি আবার নেমে যাবে," বিবিসি বাংলাকে বলেছেন গাইবান্ধা পানি উন্নয়ন বোর্ডের নির্বাহী প্রকৌশলী শরিফুল ইসলাম।

### পূর্বাভাসে আর কী আছে

চলতি মাসের শুরুতেই একবার বন্যা পরিস্থিতির উদ্ভব হয়েছিল গাইবান্ধার চরাঞ্চলে। ওই সময় জেলার গাইবান্ধা সদর, সুন্দরগঞ্জ, ফুলছড়ি এবং সাঘাটা উপজেলার চরাঞ্চলে পানি উঠেছিল ব্রহ্মপুত্র ও যমুনা নদীর পানি বিপৎসীমার উপরে চলে যাওয়ার কারণে। বন্যার পানির স্রোতে বেশ কিছু চরে বাড়িঘর তলিয়ে গিয়েছিল তখন। এখন আবারও উজানে অর্থাৎ ভারতের দিকে প্রবল বৃষ্টিপাতের কারণে একই পরিস্থিতির আশঙ্কা তৈরি হয়েছে বলে বলে জেলার ফুলছড়ি উপজেলার মানিককর চরের অধিবাসী রফিকুল ইসলাম। সম্ভাব্য দুর্যোগ ও বন্যা মোকাবেলায় ব্যবস্থা নিতে ইতোমধ্যেই জেলা প্রশাসকের সভাপতিত্বে জেলার দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির সভা হয়েছে। গাইবান্ধা পানি উন্নয়ন বোর্ডের নির্বাহী প্রকৌশলী শরিফুল ইসলাম বলছেন, জেলার সব নদীরই পানি ক্রমশ বাড়ছে। "তিস্তায় পানি বিপৎসীমা অতিক্রম করার সম্ভাবনা আছে। তবে যমুনায় পানি বাড়লেও বিপৎসীমা অতিক্রম করবে না। তারপরেও আগামী ২/৩ দিন সব নদ-নদীর পানি বাড়বে এবং তাতে করে নিম্নাঞ্চলে পানি উঠবে," বিবিসি বাংলাকে বলছিলেন। বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র বলছে, গত চব্বিশ ঘণ্টায় ব্রহ্মপুত্র-যমুনা নদীর পানি বাড়লে এখনো বিপৎসীমার নীচেই আছে। "আগামী ৫ দিন এসব নদ নদীর পানি বাড়তে পারে। আগামী ২৪ থেকে ৪৮ ঘণ্টায় কিছু জায়গায় বিপৎসীমার উপর দিয়ে প্রবাহিত হতে পারে এবং লালমনিরহাট, নীলফামারী, রংপুর, গাইবান্ধা ও কুড়িগ্রাম জেলার নদীসংলগ্ন নিম্নাঞ্চলে কোথাও কোথাও স্বল্পমেয়াদি বন্যা পরিস্থিতি তৈরি হতে পারে," পূর্বাভাসে বলা হয়েছে।

রংপুর পানি উন্নয়ন বোর্ডের নির্বাহী প্রকৌশলী মো. রবিউল ইসলাম বিবিসি বাংলাকে বলেছেন, ভারতের দিকে বৃষ্টির কারণে তিস্তার পানি রংপুর ও কুড়িগ্রামে বাড়বে। "এসব এলাকায় স্বল্পমেয়াদি বন্যার আশঙ্কা আছে। তবে এখনো পানি প্রবাহ বিপৎসীমা থেকে নীচেই আছে," বলছিলেন তিনি। এছাড়া দেশের উত্তরাঞ্চল, উত্তর-পশ্চিমাঞ্চল ও মধ্যাঞ্চলে গঙ্গা পদ্মা অববাহিকাতেও আগামী ৫ দিন পানি বাড়বে, তবে তা বিপৎসীমার উপরে যাওয়ার সম্ভাবনা নেই। ওদিকে সুরমা কুশিয়ারা অববাহিকায় কুশিয়ারা নদী সিলেট ও সুনামগঞ্জের দুটি জায়গায় বিপৎসীমার উপর দিকে প্রবাহিত হচ্ছে। এছাড়া সুরমা নদী ছাতকে এবং কুশিয়ারা মৌলভীবাজারের শেরপুরে সতর্কসীমায় প্রবাহিত হচ্ছে। এসব নদীর পানি আগামী তিনদিনে আরও বাড়তে পারে এবং কোথাও কোথাও বিপৎসীমার উপর যেতে পারে বলে বলছে বন্যা সতর্কীকরণ কেন্দ্র। তিস্তা নদী নীলফামারীর ডালিয়া ও কাউনিয়া এবং গাইবান্ধার হরিপুর ও তারাপুর স্টেশনে সতর্কসীমায় প্রবাহিত হচ্ছে। তিস্তার পানি আগামী কয়েকদিন আরও বাড়তে বলে জানিয়েছে গাইবান্ধা পানি উন্নয়ন বোর্ড। এদিকে আত্রাই, করতোয়া, ছোটো যমুনা ও যমুনেশ্বরী নদীগুলোর পানি কমেছে। যদিও আত্রাই ও ছোটো যমুনা নওগাঁর দুটি পয়েন্টে এখনো সতর্কসীমায় প্রবাহিত হচ্ছে। অন্যদিকে নেত্রকোনার কলমাকান্দা পয়েন্টে সোমেশ্বরী নদীর পানিও বিপৎসীমার ওপর দিয়ে প্রবাহিত হচ্ছে।

জামালপুর ও বগুড়ার কিছু এলাকায় ব্রহ্মপুত্র-যমুনার পানি সতর্ক সীমার কাছাকাছি প্রবাহিত হতে পারে। এতে নদীর কাছাকাছি নিম্নাঞ্চল প্লাবিত হওয়ার ঝুঁকি রয়েছে। বন্যা পূর্বাভাস কেন্দ্রের তথ্য অনুযায়ী, ঢাকা ও এর চারদিকে থাকা নদীর মধ্যে ধলেশ্বরীর পানি বেড়েছে আর স্থিতিশীল আছে বুড়িগঙ্গা, তুরাগ ও টঙ্গীখালের পানি। আগামী তিনদিন এসব নদীর পানি স্থিতিশীল থাকবে বলে পূর্বাভাসে বলা হয়েছে। অন্যদিকে, আবহাওয়া অধিদপ্তরের পূর্বাভাসে বলা হয়েছে, আজ শনিবার থেকে পরবর্তী পাঁচদিন বিভিন্ন মাত্রার বৃষ্টি সারাদেশে অব্যাহত থাকবে। “মৌসুমি বায়ু বাংলাদেশের উত্তরাঞ্চলের উপর সক্রিয় এবং দেশের অন্যত্র এটি মোটামুটি ভাবে সক্রিয়। তবে উত্তর বঙ্গোপসাগরে প্রবল অবস্থায় রয়েছে।” এতে বলা হয়েছে, দেশের প্রায় সব বিভাগেই হালকা থেকে মাঝারি কিংবা ভারী বৃষ্টি হতে পারে। তবে রংপুর বিভাগের কোথাও কোথাও অতি ভারী বর্ষণ হতে পারে। ওদিকে নদীর পানির অস্বাভাবিক জোয়ারের কারণে দক্ষিণাঞ্চলের কিছু জেলার চরাঞ্চলে ঘরবাড়ি, রাস্তাঘাট ও হাটবাজার প্লাবিত হওয়ার খবর পাওয়া গেছে। রোববার পর্যন্ত অস্বাভাবিক জোয়ার অব্যাহত থাকতে পারে বলে জানিয়েছে পানি উন্নয়ন বোর্ড।

প্রসঙ্গত, চলতি মাসের শুরুতে এক সপ্তাহের টানা বর্ষণে চট্টগ্রাম ও বান্দরবানসহ অন্তত সাতটি জেলায় বন্যার পানি উঠেছিল। এই অতিবৃষ্টি ও কিছু জায়গায় পাহাড় ধসের কারণে অন্তত ৫৮ জনের মৃত্যুর তথ্য দিয়েছিল ত্রাণ ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়। মন্ত্রণালয়ের তথ্য অনুযায়ী, এ দুর্যোগে সবচেয়ে বেশি ৩২ জনের মৃত্যু হয়েছে কক্সবাজার জেলায়। এর মধ্যে ১৯ জন সেখানকার স্থানীয় বাসিন্দা এবং ১৩ জন রোহিঙ্গা।

(বিবিসি ওয়েব পেজ : ১৮.০৭.২০২৬ নারগীস)

## এনএইচকে

### বেসামরিক অবকাঠামো লক্ষ্য করে যুক্তরাষ্ট্র ও ইরানের হামলা

যুদ্ধবিরতি চুক্তি ভেঙ্গে যাওয়ার পর থেকে যুক্তরাষ্ট্র ও ইরান তাদের হামলা বাড়িয়ে চলেছে। মার্কিন সেন্ট্রাল কমান্ড জানিয়েছে, তারা এখন পর্যন্ত টানা সাত দিন ধরে অবকাঠামো ও সামরিক স্থাপনাগুলোকে লক্ষ্য করে হামলা চালিয়েছে। তারা দাবি করে , বৃহস্পতিবার ইরানের ওমান উপসাগরীয় উপকূলে একটি গুরুত্বপূর্ণ পর্যবেক্ষণ টাওয়ার তারা ধ্বংস করেছে। সেন্ট্রাল কমান্ড জানিয়েছে , ইসলামি বিপ্লবী রক্ষী বাহিনী বা আইআরজিসি , হরমুজ প্রণালিতে জাহাজের ‘নজরদারি ও লক্ষ্যবস্তু নির্ধারণ ’ করার জন্য টাওয়ারটি ব্যবহার করত। তাদের ভাষ্যমতে , এটি ‘সরাসরি’ ধ্বংস করার ফলে ‘নিরীহ বেসামরিক ’ নাবিকদের ওপর হামলা চালানোর ক্ষেত্রে আইআরজিসি 'র সক্ষমতা হ্রাস পাবে। ইরানের গণমাধ্যম জানিয়েছে, মার্কিন বাহিনী একাধিক সেতু ও একটি বিমানবন্দরেও হামলা চালিয়েছে। মার্কিন সংবাদ সংস্থা অ্যাক্সিওস'এর ভাষ্যানুযায়ী, ট্রাম্প প্রশাসন এই অভিযানের "সম্ভাব্য সম্প্রসারণের" জন্য প্রস্তুতি নিচ্ছে। কর্মকর্তাদের উদ্ধৃতি দিয়ে সংস্থাটি জানায় যে, ওয়াশিংটন ইসরায়েলকে এটি জানিয়ে দিয়েছে যে তারা অতিরিক্ত কয়েক ডজন জ্বালানি সরবরাহকারী বিমান পাঠাবে। তারা এও বলে যে , প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রা ম্প "আগামী দিনগুলোতে" আরও ব্যাপক পদক্ষেপের নির্দেশ দিতে পারেন। ওদিকে, ইরানি বাহিনী মধ্যপ্রাচ্য জুড়ে মার্কিন ঘাঁটিগুলোতে হামলা চালিয়ে আসছে। তারা কুয়েত ও বাহরাইনের রাডার ব্যবস্থা, হেলিকপ্টার এবং গোয়েন্দা বিমানকে লক্ষ্যবস্তু করেছে। কুয়েতের কর্মকর্তারা শুক্রবার ঘোষণা করেন যে , একটি হামলায় একটি পানি পরিশোধন কেন্দ্রে আগুন লেগেছে এবং এর বিদ্যুৎ কেন্দ্রগুলো ক্ষতিগ্রস্ত হয়েছে। কাতারের স্বরাষ্ট্র মন্ত্রণালয় জানিয়েছে , প্রতিহত করা একটি ক্ষেপণাস্ত্রের ধ্বংসাবশেষের আঘাতে এক শিশু আহত হয়েছে। শুক্রবার ইরানের রাষ্ট্রী য় সম্প্রচার মাধ্যম জানিয়েছে , সর্বোচ্চ নেতার সামরিক উপদেষ্টা মোহসেন রেজাই হুঁশিয়ারি দিয়েছেন যে এরপরেও আরও মার্কিন হামলা হতে পারে। তিনি বলেন , এই হামলা যদি "আরও কয়েকদিন" চলতে থাকে, তবে তেহরানও "পূর্ণাঙ্গ" হামলার একটি নতুন পর্যায় শুরু করবে।

(এনএইচকে ওয়েব পেজ: ১৮.০৭.২০২৬ রুবাইয়া)

## রেডিও তেহরান

### মার্কিন-ইসরায়েলি ষড়যন্ত্র বাস্তবায়নের সেবায় সৌদি আরব নিয়োজিত: ইয়েমেনের অভিযোগ

ইয়েমেনের আনসারুল্লাহর একজন ঊর্ধ্বতন সদস্য বলেছেন, সৌদি আরব এই অঞ্চলে আমেরিকান প্রকল্প বাস্তবায়নের সেবায় তার রাজনৈতিক, আর্থিক এবং সামরিক সক্ষমতা নিয়োজিত করেছে এবং ইসরায়েল-বিরোধী অবস্থান গ্রহণকারী দেশগুলোকে দুর্বল করার চেষ্টা করছে। মেহর নিউজ এজেন্সিকে উদ্ধৃত করে পার্স টুডে জানিয়েছে, আনসারুল্লাহর রাজনৈতিক ব্যুরোর সদস্য মোহাম্মদ আল-ফারাহ বলেছেন, সৌদি সরকার আমেরিকা এবং ইসরায়েলের সাথে জোট বজায় রেখেছে। তিনি জোর দিয়ে বলেন, সৌদি আরব এই অঞ্চলে আমেরিকান প্রকল্পের সেবায় তার রাজনৈতিক, আর্থিক এবং সামরিক সক্ষমতা নিয়োজিত করেছে এবং ইসরায়েল-বিরোধী অবস্থান গ্রহণকারী দেশগুলোকে দুর্বল করার চেষ্টা করছে। ইয়েমেনের জনগণের বিরুদ্ধে সামরিক হামলা এবং সর্বাৎমক অবরোধ বজায় থাকার কথা উল্লেখ করে আল-ফারাহ বলেন, রিয়াদ ইয়েমেনের বিরুদ্ধে এই আগ্রাসনের জন্য তার সরাসরি দায় এড়ানোর চেষ্টা করছে। আনসারুল্লাহর রাজনৈতিক ব্যুরোর সদস্য বলেছেন, ইয়েমেনের সশস্ত্র বাহিনী সতর্ক অবস্থায় রয়েছে এবং পরবর্তী পর্যায়ে আগ্রাসন মোকাবেলায় মাঠ পর্যায়ের যুদ্ধে আমরা দেখিয়ে দেব। তিনি বিজয় অর্জনের ব্যাপারে আত্মবিশ্বাস

প্রকাশ করে জোর দিয়ে বলেন, সৌদি সরকারকে ইয়েমেনের প্রতি তাদের বৈরি নীতির পরিণতির মুখোমুখি হতে হবে। (রেডিও তেহরান ওয়েব পেজ : ১৮.০৭.২০২৬ নারগীস)

### আমরা আমাদের ভূমির প্রতিটি ইঞ্চি শেষ নিঃশ্বাস পর্যন্ত রক্ষা করব: আরাকচি

দক্ষিণ ইরানে মার্কিন সামরিক আগ্রাসন এবং বেশ কয়েকজন বেসামরিক নাগরিকের শাহাদাতের প্রতিক্রিয়ায় ইরানের পররাষ্ট্রমন্ত্রী বলেছেন, আমরা আমাদের ভূমির প্রতিটি ইঞ্চি শেষ নিঃশ্বাস পর্যন্ত রক্ষা করব। তাসনিম নিউজের বরাত দিয়ে পার্সটুডে জানিয়েছে, দক্ষিণ ইরানে মার্কিন সামরিক আগ্রাসন এবং বেশ কয়েকজন বেসামরিক নাগরিকের শাহাদাতের প্রতিক্রিয়ায় ইরানের পররাষ্ট্রমন্ত্রী সাইয়্যেদ আব্বাস আরাকচি তার ব্যক্তিগত পেজে লিখেছেন, বন্দর খামির সেতু পার হওয়ার সময় তিনজন গ্রামবাসী শহিদ হয়েছেন। তারা সম্পূর্ণ নির্দোষ ছিলেন এবং আমরা তাদের নির্দোষ রক্তকে কখনও পদদলিত হতে দেব না। ইরান আমাদের মাতৃভূমি; দক্ষিণ থেকে উত্তর এবং পূর্ব থেকে পশ্চিম পর্যন্ত। আমরা এই ভূমির প্রতিটি ইঞ্চি শেষ নিঃশ্বাস পর্যন্ত রক্ষা করব। ইরানের ভাইস প্রেসিডেন্ট মোহাম্মদ রেজা আরেফও দক্ষিণ ইরানে মার্কিন সামরিক আগ্রাসনের প্রতিক্রিয়ায় বলেছেন, ইসলামী প্রজাতন্ত্র ইরানের জাতীয় ও কৌশলগত বাস্তবতা হচ্ছে 'বৃহত্তর ইরান' নামক একটি একক সত্তা এবং এই ভূখণ্ডের প্রতিটি ইঞ্চির উপর আক্রমণকে বৃহত্তর ইরানের সমগ্র ব্যবস্থা, সার্বভৌমত্ব এবং ভৌগোলিক অখণ্ডতার উপর আক্রমণ হিসেবে গণ্য করা হয়। তিনি বলেন, "এই নির্লজ্জ আগ্রাসনের জবাবে ইসলামী প্রজাতন্ত্র ইরানের প্রতিক্রিয়া সুদূরপ্রসারী, বুদ্ধিদীপ্ত পরিকল্পনা এবং বড়ো ধরনের বিস্ময়ের উপর নির্ভরশীল।" (রেডিও তেহরান ওয়েব পেজ : ১৮.০৭.২০২৬ নারগীস)

### দক্ষিণ লেবাননে ইসরায়েলি বিমান হামলা, গুলিবর্ষণ ও বিস্ফোরণ

ইসরায়েলি দখলদার বাহিনী যুদ্ধ-বিরতি লঙ্ঘন করে দক্ষিণ লেবাননে হামলা অব্যাহত রেখেছে। সীমান্তবর্তী বিভিন্ন এলাকায় তারা বিমান হামলা, ভারী মেশিনগান দিয়ে গুলিবর্ষণ, বিস্ফোরণ এবং সামরিক তৎপরতা চালিয়েছে। আজ (শনিবার) ভোরে ইসরায়েলি যুদ্ধবিমান আল-মানসুরি ও মাজদাল জুন শহরের উপকণ্ঠে বিমান হামলা চালায়। একই সময়ে দখলদার বাহিনী বাসতারা খামার এলাকার দিকে ভারী মেশিনগান দিয়ে গুলিবর্ষণ করে। পাশাপাশি আল-খিয়াম শহরকেও একই ধরনের গুলিবর্ষণের লক্ষ্যবস্তু করে দখলদার ইসরায়েল। এছাড়া নাবাতিয়েহ জেলার কাফর তাবনিত শহরের আশপাশে ইসরায়েলি বাহিনীর সংঘটিত একটি বিস্ফোরণের বিকট শব্দ শোনা গেছে। একইসঙ্গে ইহুদিবাদী ইসরায়েলি সেনারা আইন আরাব ও আল-মারি শহরের মধ্যবর্তী কৃষিজমিতে কর্মরত কয়েকজন কৃষককে জোরপূর্বক তাদের জমি ছেড়ে চলে যেতে বাধ্য করে। এদিকে, ইসরায়েলি গণমাধ্যম জানিয়েছে যে, ইসরায়েলি সেনাবাহিনী মেতুলা বসতির আকাশে একটি প্রতিরোধী (ইন্টারসেপ্টর) ক্ষেপণাস্ত্র নিক্ষেপ করেছে। তাদের দাবি, এটি ভুল শনাক্তকরণের (ভুল হুমকি মূল্যায়ন) কারণে ঘটেছে। (রেডিও তেহরান ওয়েব পেজ : ১৮.০৭.২০২৬ নারগীস)

## ডয়চে ভেলে

### এবার মোদির পদত্যাগ চান ককরোচেরা

অনির্দিষ্টকালের অনশন কর্মসূচির ঘোষণা দিয়ে ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর পদত্যাগ দাবি করেছেন ককরোচ জনতা পার্টি (সিজেপি) এর প্রতিষ্ঠাতা ও আহ্বায়ক অভিজিৎ দিপকে। শনিবার দেশটির রাজধানী নয়াদিল্লিতে অনশনরত সমাজকর্মী সোনম ওয়াংচুককে হাসপাতালে নেওয়ার পরই দিপকে এই ঘোষণা দিয়েছেন। তার দাবি, পুলিশ জোর করে ওয়াংচুককে নিয়ে গেছেন।সংবাদমাধ্যমে পাঠানো এক ভিডিওবার্তায় দিপকে বলেন, "তারা যদি মনে করে সোনম স্যারকে সরিয়ে নিলে এই আন্দোলন শেষ হয়ে যাবে, তাহলে তারা ভুল করছে। আমরা এখানেই থাকব এবং ২০ জুলাই সংসদের দিকে পদযাত্রা করব।" তিনি আরও বলেন, "এতদিন আমরা শুধু ধর্মেন্দ্র প্রধানের পদত্যাগ দাবি করেছিলাম। কিন্তু এই নিন্দনীয় ঘটনার পর এখন আমরা নরেন্দ্র মোদীর পদত্যাগও দাবি জানাব।" সিজেপি এক্স প্ল্যাটফর্মে জানিয়েছে, "অভিজিৎ দিপকে অনির্দিষ্টকালের অনশনে বসেছেন।"

### হাসাপাতালে ওয়াংচুক

ভারতের নয়াদিল্লিতে অনশনরত সমাজকর্মী সোনম ওয়াংচুককে হাসপাতালে নিয়ে গেছে পুলিশ। তরুণদের নেতৃত্বে গড়ে ওঠা ককরোচ জনতা পার্টি (সিজেপি) অভিযোগ করেছে, অনশন কর্মসূচির ২১তম দিনে পুলিশ জোর করে ওয়াংচুককে সরিয়ে নিয়েছে। নয়াদিল্লি পুলিশের ডেপুটি কমিশনার 'এক্স' প্ল্যাটফর্মে লিখেছেন, ওয়াংচুকের শারীরিক অবস্থার অবনতি হওয়ায় আদালতের নির্দেশ ও চিকিৎসকদের পরামর্শে তার জরুরি চিকিৎসা নিশ্চিত করতেই তাকে হাসপাতালে নেওয়া হয়েছে।৫৯ বছর বয়সি ওয়াংচুক গত ২৮ জুন থেকে অনশন করছেন। ভর্তি পরীক্ষায় অনিয়মের অভিযোগ তুলে শিক্ষামন্ত্রী ধর্মেন্দ্র প্রধানের পদত্যাগের দাবিতে শিক্ষার্থীদের চলমান আন্দোলনে সংহতি জানিয়ে অনশন শুরু করেন তিনি। ককরোচ জনতা পার্টির প্রতিষ্ঠাতা অভিজিৎ দিপকে জানিয়েছিলেন দীর্ঘ অনশনের কারণে ওয়াংচুকের ওজন প্রায় ৮.৭ কেজি কমে গেছে এবং তিনি খুব দুর্বল হয়ে পড়েছেন। (ডয়চে ভেলে ওয়েব পেজ: ১৮.০৭.২০২৬ রনি)

### কোনো সীমান্ত নিরাপদ থাকবে না: ইরান

যুক্তরাষ্ট্র দ্রুত হামলা বন্ধ না করলে ইরান কৌশল পরিবর্তন করবে বলে হুঁশিয়ারি দিয়েছেন ইরানের সর্বোচ্চ নেতা আয়াতোল্লাহ মোজতবা খামেনেই-এর জ্যেষ্ঠ সামরিক উপদেষ্টা। ইরানি সংবাদমাধ্যমকে মেজর জেনারেল মোহসেন

রেজায়ি বলেছেন, ''মার্কিন হামলা যদি আরও কয়েক দিন ধরে চলতে থাকে, তাহলে আমরা পূর্ণমাত্রার আক্রমণাত্মক অভিযানে যাব।'' ইরানি সংবাদমাধ্যম আইআরআইবি রেজায়িকে উদ্ধৃত করে লিখেছে, ''ইরান আর শুধু পাল্টা জবাব দেওয়ার মধ্যে সীমাবদ্ধ থাকবে না। কোনো রাজনৈতিক সীমান্তই তখন নিরাপদ থাকবে না।'' এদিকে, টানা সপ্তম রাতেও ইরানে হামলা চালিয়েছে যুক্তরাষ্ট্র। সপ্তম দিনে ইরানের বিভিন্ন নজরদারি কেন্দ্র, সামরিক রসদ সরবরাহ অবকাঠামো, ভূগর্ভস্থ অস্ত্রভান্ডারে হামলা চালিয়েছে মার্কিন বাহিনী। পেন্টাগন বলেছে, তারা এখনও ইরানের বন্দরগুলোর ওপর নৌ অবরোধ কঠোরভাবে কার্যকর রাখছে। মার্কিন সেন্ট্রাল কমান্ড (সেন্টকম) এক বিবৃতিতে জানিয়েছে, ''মধ্যপ্রাচ্যজুড়ে ৫০ হাজারের বেশি মার্কিন সেনা সদস্য মোতায়েন রয়েছেন। তারা সর্বোচ্চ সতর্ক অবস্থায় আছেন এবং যুদ্ধের জন্য প্রস্তুত।'' এদিকে, কুয়েতের বিদ্যুৎ, পানি ও নবায়নযোগ্য জ্বালানি মন্ত্রণালয় জানিয়েছে, শনিবার একটি বিদ্যুৎ ও সমুদ্রের পানি বিশুদ্ধিকরণ কেন্দ্র শত্রুপক্ষের হামলার শিকার হয়েছে। এ জন্য ইরানকে দায়ী করেছে দেশটি। কুয়েতের ফায়ার সার্ভিস জানিয়েছে, ইরানের হামলার পর দুটি স্থানে আগুন ধরে যায়। আগুন নেভাতে গিয়ে কয়েকজন অগ্নিনির্বাপক কর্মী এবং একজন শ্রমিক আহত হয়েছেন। ইরানি সেনাবাহিনী দাবি করেছে, যুক্তরাষ্ট্রের হামলার জবাবে তারা বাহরাইনের একটি মার্কিন বিমানঘাঁটিতে হামলা চালিয়েছে। রাষ্ট্রীয় সংবাদমাধ্যমের খবরে বলা হয়, ড্রোন হামলায় শেখ ইসা বিমানঘাঁটির বিমান রাখার শেল্টার, পার্কিং এলাকা, জ্বালানি সংরক্ষণ ট্যাংক এবং কয়েকটি সংযোগ সেতু ক্ষতিগ্রস্ত হয়েছে। ইরান বলেছে, এই ঘাঁটিটি মধ্যপ্রাচ্যে মার্কিন বাহিনীর অন্যতম গুরুত্বপূর্ণ সামরিক ও সরঞ্জাম সরবরাহ কেন্দ্র। তবে এই দাবি স্বাধীনভাবে যাচাই করা সম্ভব হয়নি এবং যুক্তরাষ্ট্রের সামরিক বাহিনীও এ বিষয়ে কোনো মন্তব্য করেনি। অন্যদিকে, বাহরাইনের সেনাবাহিনী জানিয়েছে, তাদের আকাশ প্রতিরক্ষা ব্যবস্থা ইরানের বেশ কয়েকটি আকাশপথে হামলা প্রতিহত করেছে। জর্ডানও একই কথা বলেছে। দেশটির সেনাবাহিনী শনিবার জানিয়েছে, ইরানের ছোড়া ১০টি ক্ষেপণাস্ত্র হামলা প্রতিহত করা হয়েছে এবং এতে কোনো হতাহত বা সম্পদের ক্ষয়ক্ষতি হয়নি। (ডয়চে ভেলে ওয়েব পেজ: ১৮.০৭.২০২৬ রনি)

## হামের উপসর্গ নিয়ে আরও চার শিশুর মৃত্যু

বাংলাদেশে গত ২৪ ঘণ্টায় হামের উপসর্গ নিয়ে আরও চার শিশু মারা গেছে। তাদের মধ্যে সিলেটে তিনজনের ও ঢাকায় একজনের মৃত্যু হয়েছে। তবে এ সময়ে নিশ্চিত হামে কেউ মারা যায়নি। মূলত শুক্রবার সকাল ৮টা থেকে শনিবার সকাল ৮টা পর্যন্ত সময়টিকে ২৪ ঘণ্টা হিসাব করে এ তথ্য তুলে ধরা হয়েছে স্বাস্থ্য অধিদপ্তরের হামবিষয়ক প্রতিবেদনে। সব মিলিয়ে গত মার্চ থেকে হাম ও এর উপসর্গে মোট ৭৮৪ জনের মৃত্যু হয়েছে। এর মধ্যে নিশ্চিত হামে ৯৫ জন ও হামের উপসর্গে ৬৮৯ জন মারা গেছে। এতে বলা হয়, গত ২৪ ঘণ্টায় ৭৪ জনের হাম শনাক্ত হয়েছে এবং গত ১৫ মার্চ থেকে ১৪ হাজার ৩১৮ জনের হাম শনাক্ত হলো। একই সময়ে ৬৯৯ জন সন্দেহভাজন হাম রোগী শনাক্ত হয়েছে এবং এ নিয়ে সন্দেহভাজন হাম রোগী শনাক্ত হলো ১ লাখ ১৬ হাজার ৭১০ জন।
(ডয়চে ভেলে ওয়েব পেজ: ১৮.০৭.২০২৬ রনি)

## স্থানীয় নির্বাচনে আওয়ামী লীগ ঠেকাতে ইসিতে জামায়াত

বাংলাদেশে স্থানীয় সংসদ নির্বাচনে দলীয় কার্যক্রমে নিষেধাজ্ঞা থাকা আওয়ামী লীগ নেতা-কর্মীদের প্রার্থী হওয়ার সুযোগ বন্ধ করতে নির্বাচন কমিশনে প্রস্তাব দিয়েছে সংসদে প্রধান বিরোধী দল বাংলাদেশ জামায়াতে ইসলামী। সরকারের সিদ্ধান্তে কার্যক্রম নিষিদ্ধ কোনো রাজনৈতিক দলের পদধারী বা সক্রিয় নেতা –কর্মীকে নির্বাচনে অংশগ্রহণের অযোগ্য ঘোষণা করার বিধান স্থানীয় সরকারের সিটি করপোরেশন, পৌরসভা, জেলা, উপজেলা ও ইউনিয়ন পরিষদের প্রস্তাবিত নির্বাচনি আচরণে যুক্ত করতেই এই প্রস্তাব দিয়েছে দলটি। ইসির জ্যেষ্ঠ সচিবকে দেওয়া এক চিঠিতে এই প্রস্তাব জানিয়েছে জামায়াত। দলটির প্রচার ও মিডিয়া বিভাগের সেক্রেটারি এহসানুল মাহবুব জুবায়ের শনিবার বাংলাদেশে ডয়চে ভেলের কনটেন্ট পার্টনার প্রথম আলোকে বলেন, কার্যক্রম নিষিদ্ধ দলের কোনো পর্যায়ের নেতার স্বাভাবিকভাবেই স্থানীয় সরকার নির্বাচনে প্রার্থী হওয়ার সুযোগ নেই। ইসিকে পাঠানো চিঠিতে জামায়াতের পক্ষ থেকে কার্যক্রম নিষিদ্ধ দলের কাউকে নির্বাচনে অংশগ্রহণের সুযোগ না দেওয়ার প্রস্তাব করা হয়েছে। ২০২৪ সালের গণ অভ্যুত্থানে আওয়ামী লীগ ক্ষমতাচ্যুত হওয়ার পরের বছর দলটির কার্যক্রমে নিষেধাজ্ঞা আরোপ করে অন্তর্বর্তী সরকার। বাংলাদেশের আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে আওয়ামী লীগ ও দলটির নেতাদের বিচারকার্য সম্পন্ন না হওয়া পর্যন্ত যাবতীয় কার্যক্রমে নিষেধাজ্ঞা দেওয়া হয়। এরপর ইসি আওয়ামী লীগের নিবন্ধন স্থগিত করায় গত ফেব্রুয়ারির ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনেও অংশ নিতে পারেনি আওয়ামী লীগ। বর্তমান সরকার আগামী অক্টোবরে ইউনিয়ন পরিষদ নির্বাচন আয়োজনের মধ্য দিয়ে স্থানীয় সরকার পর্যায়ে নির্বাচন শুরু করার সিদ্ধান্ত নিয়েছে। এরপরই আওয়ামী লীগের অংশগ্রহণ নিয়ে নতুনভাবে আলোচনা ওঠে। কারণ, স্থানীয় সরকার নির্বাচন হবে নির্দলীয় প্রতীকে। জামায়াতে ইসলামী আরও যেসব প্রস্তাব দিয়েছে, সেগুলো হলো: নির্বাচনি প্রচারে গুরুত্বপূর্ণ ব্যক্তিদের অংশগ্রহণ নিষিদ্ধ করা হলেও মন্ত্রী ও সংসদ সদস্যদের অংশগ্রহণ নিষিদ্ধ করার বিষয়টি স্পষ্টভাবে উল্লেখ নেই, এটি নিষিদ্ধ করার বিধান সংযোজন; স্থানীয় সরকার প্রশাসনে নিযুক্ত কোনো প্রশাসক বা উন্নয়ন কর্তৃপক্ষ পদে নিযুক্ত ব্যক্তিকে নির্বাচনে অযোগ্য ঘোষণার বিধান যুক্ত করা; নির্বাচনি প্রচারে কৃত্রিম বুদ্ধিমত্তা (এআই) ব্যবহারে আন্তর্জাতিক মান অনুসরণ করে স্পষ্ট ও সুনির্দিষ্ট নীতিমালা প্রণয়ন করা। এ ছাড়া আরও দুটি বিশেষ প্রস্তাবও দিয়েছে দলটি। এগুলো হলো: সংরক্ষিত নারী সদস্যপদ

বাতিল করে ইউনিয়ন পরিষদ নির্বাচনে প্রতিটি ওয়ার্ডে নারী সদস্যপদে সরাসরি নির্বাচন। জেলা পরিষদ চেয়ারম্যান নির্বাচনে কারা ভোটার হবেন, তা নিয়ে চূড়ান্ত সিদ্ধান্তের আগে রাজনৈতিক দলগুলোর সঙ্গে আলোচনা করা। (ডয়চে ভেলে ওয়েব পেজ: ১৮.০৭.২০২৬ রনি)

## জাগো নিউজ

### সরকারি কর্মচারী হাসপাতালে ঠোঁট-তালুকাটা শিশুদের বিনামূল্যে অস্ত্রোপচার

জন্মগত ঠোঁটকাটা ও তালুকাটা সমস্যায় আক্রান্ত শিশুদের স্বাভাবিক জীবনে ফিরিয়ে আনতে সরকারি কর্মচারী হাসপাতালে বিনামূল্যে বিশেষ অস্ত্রোপচার কর্মসূচি শুরু হয়েছে। শনিবার (১৮ জুলাই) সরকারি কর্মচারী হাসপাতালে এ বিশেষ কর্মসূচির উদ্বোধন করেন প্রধানমন্ত্রীর জনপ্রশাসন মন্ত্রণালয়বিষয়ক উপদেষ্টা মো . ইসমাইল জবিউল্লাহ। জনপ্রশাসন মন্ত্রণালয়ের সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে। উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে উপদেষ্টা বলেন, বিশ্বব্যাপী প্রতি ৫০০ থেকে ৬০০ নবজাতকের মধ্যে একজন ঠোঁটকাটা বা তালুকাটা সমস্যাসহ জন্ম নেয়। বাংলাদেশেও প্রতি বছর প্রায় পাঁচ হাজার শিশু এ ধরনের জন্মগত ত্রুটির মুখোমুখি হয়। একটি সফল অস্ত্রোপচার শুধু একটি শিশুর মুখমণ্ডলই পরিবর্তন করে না , বরং তার পুরো জীবন বদলে দিতে পারে। তিনি বলেন , জন্মগত এসব ত্রুটি সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধি এবং সময়মতো অস্ত্রোপচার নিশ্চিত করতে সরকার সমন্বিত উদ্যোগ নিয়ে কাজ করছে। সরকারি কর্মচারী হাসপাতালে ঠোঁট -তালুকাটা শিশুদের বিনামূল্যে অস্ত্রোপচার কার্যক্রমের উদ্বোধনী অনুষ্ঠানে অতিথিরা/ছবি: জনপ্রশাসন মন্ত্রণালয় উপদেষ্টা আরও বলেন , সাধারণ মানুষের স্বাস্থ্যসেবা সহজলভ্য করতে দেশের প্রতিটি উপজেলা হাসপাতালকে ১০১ শয্যায় উন্নীত করার কাজ শুরু হয়েছে। পাশাপাশি বিভাগীয় পর্যায়ে সরকারি কর্মকর্তা-কর্মচারীদের জন্য বিশেষায়িত স্বাস্থ্যসেবা নিশ্চিত করা এবং সরকারি কর্মচারী হাসপাতালের সব কার্যক্রম পর্যায়ক্রমে ডিজিটালাইজড করার পরিকল্পনাও রয়েছে। বিনামূল্যে অস্ত্রোপচার কর্মসূচির উদ্বোধনের পর সরকারি কর্মচারী হাসপাতালের কল সেন্টারেরও উদ্বোধন করেন তিনি। অনুষ্ঠানে জনপ্রশাসন মন্ত্রণালয় ও স্বাস্থ্য মন্ত্রণালয়ের সচিবসহ সংশ্লিষ্ট ঊর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন। জাগো নিউজ ওয়েব পেজ: ১৮.০৭.২০২৬ রুবাইয়া)

### চট্টগ্রামে সাজাপ্রাপ্ত আসামি গ্রেফতার

চট্টগ্রাম নগরের পাহাড়তলী থানা এলাকায় বিশেষ অভিযান চালিয়ে এক বছরের সাজাপ্রাপ্ত এক আসামিকে গ্রেফতার করেছে পুলিশ। শুক্রবার (১৭ জুলাই) দিবাগত রাত সাড়ে ১২টার দিকে পাহাড়তলী থানার একটি দল অভিযান চালিয়ে মো. জামাল হোসেনকে গ্রেফতার করে। পু লিশ জানায়, গ্রেফতার জামাল হোসেন দক্ষিণ পাহাড়তলীর মনছুরাবাদ সিএন্ডবি এলাকার মৃত জয়নাল আবেদীনের ছেলে। তার বিরুদ্ধে পাঁচলাইশ মডেল থানার সিআর মামলা নম্বর - ৫৩৯/২১-এ নেগোশিয়েবল ইনস্ট্রুমেন্টস (এনআই) আইন, ১৩৮ ধারায় এক বছরের সাজা পরোয়ানা ছিল। পাহাড়তলী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মুহাম্মদ নুরুল আবছারের নেতৃত্বে পরিচালিত অভিযানে তাকে গ্রেফতার করা হয়। তিনি জানান, গ্রেফতারের পর তাকে সাজা পরোয়ানা অনুযায়ী আদালতে সোপর্দ করা হয়েছে।
(জাগো নিউজ ওয়েব পেজ: ১৮.০৭.২০২৬ রুবাইয়া)

### সাইবার অপরাধ মোকাবিলায় আধুনিক জ্ঞান অর্জনের আহ্বান আইজিপির

সাইবার অপরাধ, সন্ত্রাসবাদ, বিভিন্ন ধরনের অপরাধ , ভুয়া তথ্য বিস্তার এবং প্রযুক্তির অপব্যবহারের মতো চ্যালেঞ্জ মোকাবিলায় আধুনিক জ্ঞান , গবেষণা ও দক্ষতা অর্জনের আহ্বান জানিয়েছেন পুলিশ মহাপরিদর্শক (আইজিপি) মো. আলী হোসেন ফকির। শনিবার (১৮ জুলাই) পুলিশ স্টাফ কলেজে মাস্টার অব অ্যাপ্লাইড ক্রিমিনোলজি অ্যান্ড পুলিশ ম্যানেজমেন্ট (এমএসিপিএম) মাস্টার্স প্রোগ্রামের ১০ম ব্যাচের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ আহ্বান জানান। আইজিপি বলেন, দ্রুত পরিবর্তনশীল বৈশ্বিক বাস্তবতায় পুলিশিংকেও সময়োপযোগী ও আ ধুনিক হতে হবে। আধুনিক পুলিশিংয়ের সফলতা কেবল অপরাধ দমন বা অপরাধী গ্রেফতারের মাধ্যমে মূল্যায়িত হয় না। বরং জনগণের আস্থা অর্জন, আইনের শাসন প্রতিষ্ঠা, মানবাধিকার সুরক্ষা, পেশাগত সততা, জবাবদিহিতা এবং নাগরিকদের মানসম্মত সেবা নিশ্চিত করার মধ্যেই এর প্রকৃত সাফল্য নি হিত। তিনি বলেন, আধুনিক পুলিশ নেতাদের কৌশলগত চিন্তাশীল, দক্ষ ব্যবস্থাপক , নৈতিক নেতৃত্বসম্পন্ন এবং আজীবন শিক্ষার্থী হিসেবে গড়ে উঠতে হবে। গবেষণা , তথ্যভিত্তিক বিশ্লেষণ ও উদ্ভাবনী চিন্তার মাধ্যমে কার্যকর সিদ্ধান্ত গ্রহণ এবং বাস্তবমুখী সমাধান উদ্ভাবনের ওপরও তিনি গুরুত্বারোপ করেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন পুলিশ স্টাফ কলেজের রেক্টর কাজী মো . ফজলুল করিম। স্বাগত বক্তব্য দেন কলেজের পরিচালক (একাডেমিক) সরকার ওমর ফারুক। এক বছর মেয়াদি ও দুই সেমিস্টারবিশিষ্ট এমএসিপিএম প্রোগ্রামের ১০ম ব্যাচে এবার ৫০ জন শিক্ষার্থী অংশ নিচ্ছে ন। তাদের মধ্যে বাংলাদেশ পুলিশ , সশস্ত্র বাহিনী, চিকিৎসক, বিচার বিভাগ, জাতীয় গোয়েন্দা সংস্থা এবং অন্যান্য পেশাজীবী প্রতিষ্ঠানের সদস্যরা রয়েছেন।
(জাগো নিউজ ওয়েব পেজ: ১৮.০৭.২০২৬ রুবাইয়া)

### কারখানার বাথরুমে ঝুলছিল পোশাকশ্রমিকের মরদেহ

রাজধানীর বংশালে একটি পোশাক কা রখানার বাথরুম থেকে মো . শামীম (২২) নামে এক শ্রমিকের ঝুলন্ত মরদেহ উদ্ধার করা হয়েছে। শনিবার (১৮ জুলাই) সন্ধ্যা সাড়ে ৬টার দিকে তাকে অচেতন অবস্থায় উদ্ধার করা হয়। পরে ঢাকা

মেডিকেল কলেজ (ঢামেক) হাসপাতালের জরুরি বিভাগে নিয়ে এলে সন্ধ্যা সোয়া ৭টার দিকে কর্তব্যরত চিকিৎসক মৃত ঘোষণা করেন। তাকে হাসপাতালে নিয়ে আসা আরেক শ্রমিক রাশেদুল ইসলাম জানান, সন্ধ্যা সাড়ে ৬টার দিকে শামীম কারখানার বাথরুমে যান। দীর্ঘক্ষণ পার হয়ে গেলেও তিনি বের না হওয়ায় সহকর্মীরা ডাকাডাকি শুরু করেন। কোনো সাড়াশব্দ না পেয়ে মুন্না নামের এক সহকর্মী ছোট ফাঁ কা দিয়ে উঁকি দিয়ে দেখতে পান, শামীম গলায় গামছা প্যাঁচানো অবস্থায় পাইপের সঙ্গে ঝুলে আছেন। পরে দ্রুত বাথরুমের দরজা ভেঙে তাকে উদ্ধার করে ঢামেকের জরুরি বিভাগে আনা। সেখানে চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন। রাশেদুল ইসলাম আরও জানান, নিহত শামীম শেরপুরের নালিতাবাড়ী উপজেলার রানীগাঁও গ্রামের আবুল কাশেমের ছেলে। বংশালের নাজিরাবাজার চৌরাস্তা সংলগ্ন ইদ্রিস প্লাজার ৭ম তলায় রাজু ফ্যাশন নামে পোশাক কারখানায় কর্মরত ছিলেন এবং সেখানেই থাকতেন। ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল পুলিশ ক্যাম্পের ইনচার্জ (পরিদর্শক) মো. ফারুক চিকিৎসকের বরাত দিয়ে মৃত্যুর বিষয়টি নিশ্চিত করেন। তিনি জানান, মরদেহ মর্গে রাখা হয়েছে। বিষয়টি সংশ্লিষ্ট থানায় জানানো হয়েছে।
(জাগো নিউজ ওয়েব পেজ: ১৮.০৭.২০২৬ রুবাইয়া)

## বিদ্যালয়ের ছয়তলা ভবন থেকে পড়ে প্রাণ গেলো নির্মাণশ্রমিকের

রাজধানীর খিলগাঁও সরকারি উচ্চবিদ্যালয়ের নির্মাণাধীন ছয়তলা ভবন থেকে নিচে পড়ে এক শ্রমিক প্রাণ হারিয়েছেন। শনিবার (১৮ জুলাই) সকাল সাড়ে ৮টার দিকে এই ঘটনা ঘটে। নিহত শ্রমিকের নাম মো. শামীম (২২)। তিনি ঠাকুরগাঁও সদর উপজেলার জগন্নাথপুর গ্রামের সাদিকুল ইসলামের ছেলে। তিনি ওই নির্মাণাধীন ভবনেই থাকতেন। খিলগাঁও থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মোহাম্মদ শফিকুল ইসলাম জানান, খিলগাঁও উচ্চবিদ্যালয়ে একটি নির্মাণাধীন ভবনের ছয়তলায় ক্রেন দিয়ে ইট-বালু উঠানোর সময় ওপর থেকে অসাবধানতাবশত নিচে পড়ে ঘটনাস্থলেই শামীমের মৃত্যু হয়। পরে তার মরদেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল মর্গে পাঠানো হয়। ময়নাতদন্ত শেষে পরিবারের কাছে মরদেহ হস্তান্তর করা হয়। এই ঘটনা পরবর্তী আইনি প্রক্রিয়া চলমান রয়েছে বলে জানান ওসি। (জাগো নিউজ ওয়েব পেজ: ১৮.০৭.২০২৬ রুবাইয়া)

## সরকার পর্যায়ক্রমে ৩১ দফা ও জুলাই সনদ বাস্তবায়ন করছে

বিএনপির নির্বাচনি ইশতেহারের ৩১ দফা ও জুলাই সনদ পর্যায়ক্রমে সরকার বাস্তবায়ন করে যাচ্ছে বলে জানিয়েছেন প্রধানমন্ত্রীর প্রেস সচিব সালেহ শিবলী। সরকারের দায়িত্ব গ্রহণের পাঁচ মাস পূর্তি উপলক্ষ্যে শনিবার (১৮ জুলাই) বিকেলে রাজধানীর তেজগাঁওয়ে প্রধানমন্ত্রীর কার্যালয়ে আয়োজিত সংবাদ সম্মেলনে তিনি এ কথা বলেন। প্রধানমন্ত্রীর প্রেস উইং এ সংবাদ সম্মেলনের আয়োজন করে। প্রেস সচিব বলেন, বিগত সরকারের সময় উন্নয়নের 'গালগল্প' অনেক হয়েছে, কিন্তু সেই উন্নয়ন কোথায়। তার ভাষ্য, অনেক ক্ষেত্রে ফ্যাসিস্ট সরকারের আমলে অবনতি হয়েছে। এর মধ্যে সবচেয়ে বেশি অবনতি হয়েছে ধর্মীয়, সামাজিক ও পারিবারিক মূল্যবোধের। তিনি বলেন, মানসিক ও পারিবারিক মূল্যবোধের উন্নয়ন না হলে কোনো ক্ষেত্রেই উন্নয়ন সম্ভব নয়। সালেহ শিবলী বলেন, কথায় নয়, কাজের মাধ্যমে দেশের গুণগত পরিবর্তনে নিজেই কাজ করছেন প্রধানমন্ত্রী। তিনি বলেন, যে দলেরই হোক, যে মতেরই হোক, মতাদর্শ যাই হোক, সমৃদ্ধশালী বাংলাদেশ গড়তে প্রধানমন্ত্রী সবাইকে আহ্বান জানিয়েছেন। তার মতে, মতের পার্থক্য ব্যালটে হতে পারে, কিন্তু দেশ গড়তে হলে সবাইকে একসঙ্গে হতে হবে। প্রধানমন্ত্রীর প্রেস সচিব আরও বলেন, প্রধানমন্ত্রী অপসংস্কৃতি থেকে বের হয়ে এসেছেন। কোথাও কারও কোনো বন্দনা করেন না, যা আগে অহরহ দেখা যেত। তিনি বলেন, প্রধানমন্ত্রী জনবিচ্ছিন্ন হচ্ছেন না; মানুষের সঙ্গে মিশে কাজ করছেন। জনসম্পৃক্ততা বাড়াতে তিনি প্রতি মাসেই ঢাকার বাইরে কোনো না কোনো জেলায় যাচ্ছেন। বাজেট প্রসঙ্গে সালেহ শিবলী বলেন, এবারের বাজেট সরকারের একটি অর্জন। তার দাবি, বাজেট পাস হওয়ার পর কোনো পণ্যের দাম বাড়েনি এবং জনজীবনে অস্থিরতাও বাড়েনি। তার ভাষায়, এটি একটি জীবনবান্ধব বাজেট। সংবাদ সম্মেলনে প্রধানমন্ত্রীর উপদেষ্টা ও প্রধানমন্ত্রীর কার্যালয়ের মুখপাত্র মাহদী আমিন, অতিরিক্ত প্রেস সচিব আতিকুর রহমান রুমনসহ প্রধানমন্ত্রীর প্রেস উইংয়ের অন্য সদস্যরা উপস্থিত ছিলেন। (জাগো নিউজ ওয়েব পেজ: ১৮.০৭.২০২৬ রুবাইয়া)

## বন্যায় ক্ষতিগ্রস্ত কৃষক-খামারিদের প্রয়োজনীয় সহায়তা দেওয়া হচ্ছে

চট্টগ্রাম অঞ্চলের বন্যায় ক্ষতিগ্রস্ত কৃষক ও খামারিদের দ্রুত ঘুরে দাঁড়াতে বীজ, সার, গবাদিপশুর ভ্যাকসিনসহ প্রয়োজনীয় সহায়তা দেওয়া হচ্ছে বলে জানিয়েছেন মৎস্য ও প্রাণিসম্পদ এবং কৃষিমন্ত্রী মোহাম্মদ আমিন উর রশিদ। শনিবার (১৮ জুলাই) চট্টগ্রাম সার্কিট হাউজে বিভাগীয় ও জেলা পর্যায়ের কর্মকর্তাদের সঙ্গে মতবিনিময় সভায় তিনি এ কথা বলেন। কৃষিমন্ত্রী বলেন, বন্যায় চট্টগ্রাম অঞ্চলে ব্যাপক ক্ষয়ক্ষতি হয়েছে। সরকারের পক্ষে একবারে সব ক্ষতি পূরণ করা সম্ভব না হলেও ক্ষতিগ্রস্ত কৃষকদের দ্রুত পুনর্বাসনে প্রয়োজনীয় সহায়তা দেওয়া হচ্ছে। গবাদিপশুর স্বাস্থ্য সুরক্ষার বিষয়ে তিনি বলেন, আগামী ১৫ দিনের মধ্যে বন্যাকবলিত এলাকার শতভাগ গবাদিপশুকে ক্ষুরা রোগ (এফএমডি) প্রতিরোধী টিকার আওতায় আনা হবে। ছয় মাস আগে যেসব পশুকে টিকা দেওয়া হয়েছে, নির্ধারিত সময় অনুযায়ী সেগুলোকেও পুনরায় টিকা দেওয়া নিশ্চিত করতে হবে। মন্ত্রী বলেন, একটি গবাদিপশু মারা গেলে একজন খামারি আর্থিক ও মানসিকভাবে ক্ষতিগ্রস্ত হন। সে বিষয়টি বিবেচনায় নিয়েই সরকার ভ্যাকসিন কার্যক্রম জোরদার করছে। তিনি সংশ্লিষ্ট কর্মকর্তাদের উদ্দেশে বলেন, সরকারি সহায়তা যেন প্রকৃত ক্ষতিগ্রস্ত মানুষের কাছে পৌঁছায় এবং

কেউ বঞ্চিত না হন, তা নিশ্চিত করতে হবে। বীজ ও ভ্যাকসিন বিতরণে কোনো ধরনের অনিয়ম বা দুর্নীতি সহ্য করা হবে না। এ বিষয়ে সরকারের অবস্থান 'জিরো টলারেন্স'। কোথাও অনিয়ম বা অবহেলার অভিযোগ পাওয়া গেলে দ্রুত ব্যবস্থা নেওয়া হবে। মোহাম্মদ আমিন উর রশিদ আরও বলেন, দুর্যোগের সময়ে সরকার ও সমাজ ক্ষতিগ্রস্ত মানুষের পাশে দাঁড়ালে তারা নতুন করে ঘুরে দাঁড়ানোর শক্তি পান। তাই ক্ষতিগ্রস্ত কৃষক ও খামারিদের পুনর্বাসনে সরকার সর্বোচ্চ আন্তরিকতার সঙ্গে কাজ করছে। সরকারি সহায়তা বিতরণে অতিরিক্ত অর্থ আদায় বা অন্য কোনো অনিয়ম বরদাশত করা হবে না। (জাগো নিউজ ওয়েব পেজ: ১৮.০৭.২০২৬ রুবাইয়া)

## সরকারের সমালোচনা করুন, তবে অপসাংবাদিকতা নয়: অতিরিক্ত প্রেস সচিব

সরকারের সমালোচনা করা যাবে, তবে স্বাধীন সাংবাদিকতার আড়ালে অপসাংবাদিকতা ও বিভ্রান্তিকর সংবাদ পরিবেশন গ্রহণযোগ্য নয় বলে মন্তব্য করেছেন প্রধানমন্ত্রীর অতিরিক্ত প্রেস সচিব আতিকুর রহমান রুমন। 'জনগণের ভোটে নির্বাচিত সরকারের দায়িত্ব গ্রহণের পাঁচ মাস পূর্তি' উপলক্ষ্যে প্রধানমন্ত্রীর প্রেস উইং আয়োজিত সংবাদ সম্মেলনে তিনি এ মন্তব্য করেন। শনিবার (১৮ জুলাই) বিকেলে রাজধানীর তেজগাঁওয়ে প্রধানমন্ত্রীর কার্যালয়ের 'করবী' হলে সংবাদ সম্মেলনটি হয়। আতিকুর রহমান রুমন বলেন, বর্তমান সরকার দায়িত্ব গ্রহণের পর থেকেই সংবাদমাধ্যম স্বাধীনভাবে কাজ করছে। সরকার সংবাদপত্র ও সাংবাদিকতার স্বাধীনতায় বিশ্বাস করে। তবে কিছু সাংবাদিক স্বাধীনতার সুযোগ নিয়ে বিভ্রান্তিকর ও দায়িত্বজ্ঞানহীন সংবাদ পরিবেশন করছেন, যা সাংবাদিকতার নীতির সঙ্গে সামঞ্জস্যপূর্ণ নয়। তিনি বলেন, সরকারের সমালোচনা অবশ্যই করবেন। কিন্তু স্বাধীন সাংবাদিকতার আড়ালে অপসাংবাদিকতা করবেন না। দায়িত্বশীল সাংবাদিকতা গণতন্ত্রকে শক্তিশালী করে, আর অপপ্রচার শুধু বিভ্রান্তি সৃষ্টি করে। একটি সাম্প্রতিক আন্দোলনের প্রসঙ্গ টেনে অতিরিক্ত প্রেস সচিব দাবি করেন, আন্দোলনে অংশগ্রহণকারীর প্রকৃত সংখ্যা খুবই সীমিত ছিল। কিন্তু সেখানে বিপুলসংখ্যক মোবাইল সাংবাদিক উপস্থিত থাকায় ঘটনাটিকে ভিন্নভাবে উপস্থাপনের চেষ্টা হয়েছে। তিনি বলেন, কিছু মোবাইল সাংবাদিকের কার্যক্রম দেখে মনে হয়েছে, তারা সংবাদ পরিবেশনের চেয়ে পরিস্থিতিকে ভিন্নভাবে তুলে ধরতেই বেশি আগ্রহী ছিলেন। এ ধরনের কর্মকাণ্ড জনমনে বিভ্রান্তি সৃষ্টি করে।

সরকারের বয়স মাত্র পাঁচ মাস উল্লেখ করে আতিকুর রহমান রুমন বলেন, দীর্ঘদিনের নানা সমস্যা, ঋণগ্রস্ত প্রতিষ্ঠান ও অকার্যকর ব্যবস্থাগুলো রাতারাতি ঠিক করা সম্ভব নয়। এসব সংস্কারে সময় প্রয়োজন। তাই দায়িত্বশীল ভূমিকা পালনের পাশাপাশি ভিত্তিহীন প্রচারণা থেকে বিরত থাকার আহ্বান জানান তিনি। সাংবাদিকদের উদ্দেশে তিনি বলেন, সরকার সংবাদমাধ্যমকে প্রতিপক্ষ নয়, অংশীদার হিসেবে দেখে। দায়িত্বশীল ও বস্তুনিষ্ঠ সাংবাদিকতার মাধ্যমেই জনগণের কাছে সঠিক তথ্য পৌঁছে দেওয়া সম্ভব। (জাগো নিউজ ওয়েব পেজ: ১৮.০৭.২০২৬ রুবাইয়া)

## পাঁচ মাসে 'বহুমাত্রিক অর্জনের' দাবি সরকারের

প্রধানমন্ত্রীর কার্যালয়ের মুখপাত্র ও প্রধানমন্ত্রীর উপদেষ্টা মাহদী আমিন বলেছেন, জনগণের ভোটে নির্বাচিত সরকারের পাঁচ মাসে জনগণের আস্থা, নির্বাচনি ইশতেহার বাস্তবায়ন, রাষ্ট্র সংস্কার, অর্থনৈতিক স্থিতিশীলতা, জাতীয় সার্বভৌমত্ব রক্ষা এবং প্রধানমন্ত্রী তারেক রহমানের নেতৃত্ব - এই পাঁচটি ক্ষেত্রকে সরকারের বহুমাত্রিক অর্জন হিসেবে দেখছে সরকার। শনিবার (১৮ জুলাই) রাজধানীর তেজগাঁওয়ে প্রধানমন্ত্রীর কার্যালয়ে সরকারের পাঁচ মাস পূর্তি উপলক্ষ্যে আয়োজিত সংবাদ সম্মেলনে তিনি এসব কথা বলেন। বক্তব্যের শুরুতে মাহদী আমিন ২০২৪ সালের জুলাই আন্দোলনে নিহতদের স্মরণ করেন। তিনি বলেন, দুই বছর আগে ১৮ জুলাই শান্তিপূর্ণ আন্দোলনকারীদের ওপর গুলি চালানো হয়েছিল। রংপুরে আবু সাঈদ, চট্টগ্রামে ওয়াসিম আকরাম, ঢাকায় ফারহান ফাইয়াজসহ নিহতদের আত্মত্যাগের মধ্যদিয়ে আন্দোলন গণঅভ্যুত্থানে রূপ নেয় এবং ফ্যাসিবাদী শক্তির পতন ঘটে। তিনি বলেন, দীর্ঘ ১৬ বছরের আন্দোলনে বিএনপির প্রায় ৬০ লাখ নেতাকর্মীর বিরুদ্ধে মামলা হয়েছে এবং সাম্প্রতিক গণঅভ্যুত্থানে দলের ৪০০'র বেশি নেতাকর্মী নিহত হয়েছেন, যাদের মধ্যে ছাত্রদলের ১৪০ জনের বেশি রয়েছেন। মাহদী আমিন বলেন, প্রধানমন্ত্রী তারেক রহমানের নেতৃত্বাধীন সরকারের ১৫০ দিন পূর্ণ হয়েছে। এই সময়ে সরকার স্বচ্ছতা, সুশাসন, জনকল্যাণ, গণতান্ত্রিক প্রতিষ্ঠান পুনর্গঠন, অর্থনৈতিক স্থিতিশীলতা, দ্রব্যমূল্য নিয়ন্ত্রণ, আর্থিক খাতের শৃঙ্খলা পুনরুদ্ধার, পাচার হওয়া অর্থ ফেরত আনা, বিভিন্ন প্রকল্পে ব্যয় সাশ্রয়, বন্যাদুর্গতদের পুনর্বাসন এবং স্বাস্থ্য ও শিক্ষাখাত পুনর্গঠনে কাজ করছে। (জাগো নিউজ ওয়েব পেজ: ১৮.০৭.২০২৬ রুবাইয়া)

## ঠাকুরগাঁও ও পঞ্চগড়ের বিএনপি নেতাদের সঙ্গে বৈঠকে তারেক রহমান

প্রধানমন্ত্রী ও বিএনপি চেয়ারম্যান তারেক রহমান ঠাকুরগাঁও ও পঞ্চগড় জেলার দলীয় নেতাদের সঙ্গে সাংগঠনিক বৈঠকে বসেছেন। শনিবার (১৮ জুলাই) সন্ধ্যায় রাজধানীর গুলশানে বিএনপি চেয়ারম্যানের রাজনৈতিক কার্যালয়ে এ বৈঠক শুরু হয়। বিষয়টি নিশ্চিত করেছেন বিএনপির মিডিয়া সেলের সদস্য শায়রুল কবির খান। বৈঠকে বিএনপির মহাসচিব ও স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রী মির্জা ফখরুল ইসলাম আলমগীর, প্রধানমন্ত্রীর উপদেষ্টা ও দলের জ্যেষ্ঠ যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী, রংপুর বিভাগীয় সাংগঠনিক সম্পাদক অধ্যাপক আমিনুল ইসলাম, প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন আজাদসহ ঠাকুরগাঁও ও পঞ্চগড় জেলার বিএনপি এবং অঙ্গ-সহযোগী সংগঠনের নেতারা

উপস্থিত রয়েছেন।বৈঠকে দুই জেলার সাংগঠনিক কার্যক্রম , দলীয় কার্যক্রমের অগ্রগতি এবং আগামী দিনের কর্মপরিকল্পনা নিয়ে আলোচনা হওয়ার কথা রয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ: ১৮.০৭.২০২৬ রুবাইয়া)

**বসুন্ধরা আবাসিক এলাকায় গাড়ির ধাক্কায় সাবেক পুলিশ সদস্য নিহত**

রাজধানীর বসুন্ধরা আবাসিক এলাকায় দ্রুতগামী গাড়ির ধাক্কায় সাবেক এক পুলিশ সদস্য নিহত হয়েছেন। নিহত ব্যক্তির নাম সেকান্দার আলী (৭২)। গ্রামের বাড়ি চাঁদপুরের মতলব দক্ষিণ উপজেলায়। তিনি বর্তমানে বসুন্ধরা আবাসিক এলাকায় থাকতেন। শনিবার (১৮ জুলাই) বিকেল পৌনে ৫টার দিকে সেকান্দারকে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালের জরুরি বিভাগে নিয়ে এলে কর্তব্যরত চিকিৎসক মৃত ঘোষণা করেন। তাকে হাসপাতালে নিয়ে আসা মো. রোকন উদ্দিন জানান, সেকান্দার অবসরপ্রাপ্ত পুলিশ সদস্য। দুপুর সাড়ে ১২টার দিকে রাস্তা পারাপারের সময় দ্রুতগামী গাড়ির ধাক্কায় তিনি গুরুতর আহত হন। পরে তাকে উদ্ধার করে কুর্মিটোলা জেনারেল হাসপাতালে নেওয়া হয়। সেখান থেকে উন্নত চিকিৎসার জন্য ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে নিয়ে এলে চিকিৎসক মৃত ঘোষণা করেন। ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল পুলিশ ফাঁড়ির ইনচার্জ (পরিদর্শক) মো. ফারুক জানান, মরদেহ জরুরি বিভাগের মর্গে রাখা আছে। (জাগো নিউজ ওয়েব পেজ: ১৮.০৭.২০২৬ রুবাইয়া)

**ঢাকা দক্ষিণে বর্জ্যের ১৫ শতাংশই প্লাস্টিক, ব্যবস্থাপনাই বড় চ্যালেঞ্জ**

ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনে প্রতিদিন প্রায় তিন হাজার ২০০ থেকে ৩০০ টন বর্জ্য উৎপাদন হয়। এই তিন হাজার ৩০০ টনের ভেতরে ১৪ থেকে ১৫ শতাংশই হলো প্লাস্টিক বর্জ্য। আর প্লাস্টিক বর্জ্যের ভেতরে অধিকাংশই হলো একবার ব্যবহৃত প্লাস্টিক। এ ধরনের বর্জ্য ব্যবস্থাপনা করপোরেশনের জন্য বড় একটা চ্যালেঞ্জ। বৃহস্পতিবার (১৬ জুলাই) রাজধানীর আগারগাঁওয়ে পরিবেশ অধিদপ্তরে বিশ্ব পরিবেশ দিবস -২০২৬ উপলক্ষ্যে 'বাংলাদেশে টেকসই প্লাস্টিক বর্জ্য ব্যবস্থাপনা: চ্যালেঞ্জ ও অংশীদারদের দায়িত্ব' শীর্ষক গোলটেবিল বৈঠকে এসব কথা বলেন ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের (ডিএসসিসি) প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা এয়ার কমোডর মো. মাহাবুবুর রহমান তালুকদার। পরিবেশ অধিদপ্তর ও প্রাণ -আরএফএল গ্রুপ যৌথভাবে গোলটেবিল বৈঠকের আয়োজন করে। মিডিয়া পার্টনার ছিল জাগোনিউজ২৪.কম। ডিএসসিসির প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা এয়ার কমোডর মো. মাহাবুবুর রহমান তালুকদার বলেন, রাজধানীর বর্জ্য কে সম্পদে রূপান্তরের লক্ষ্যে কোরিয়ান একটি প্রতিষ্ঠানের সঙ্গে যৌথভাবে পাঁচটি বর্জ্য প্রক্রিয়াজাতকরণ প্ল্যান্ট স্থাপনের কাজ শুরু হচ্ছে। আগামী মাস থেকে নির্মাণ কার্যক্রম শুরু হবে এবং ২০২৭ সালের ফেব্রুয়ারি থেকে এসব প্ল্যান্টে উৎপাদন শুরু হওয়ার আশা করা হচ্ছে। তিনি বলেন, 'মাতুয়াইলে আমাদের যে বিদ্যমান ল্যান্ডফিল আছে সেটা হলো ১০০ একর আর নতুন ল্যান্ডফিল আছে ৮১ একর, টোটাল ১৮১ একর। ওল্ড ল্যান্ডফিল থেকে আমরা প্রায় সাড়ে চার লাখ টন কার্বন ডাই অক্সাইড সমপরিমাণ মিথেন গ্যাস প্রতি বছর ওখান থেকে উঠাতে পারব। সেই মিথেন গ্যাসটাকে আমরা ইলেকট্রিসিটি প্ল্যান্টে ইউজ করে ৫০ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদন করব।'
মাতুয়াইল ল্যান্ডফিলের ওপর সোলার প্যানেল বসানো হবে জানিয়ে মাহাবুবুর রহমান তালুকদার বলেন , ওই সোলার প্যানেল বসিয়ে ওখান থেকে প্রতি বছরে প্রায় ২৮ হাজার মেগাওয়াট বিদ্যুৎ পাবো। আগামী ১০ থেকে ১২ বছর পর ল্যান্ডফিলটাকে ইকোপার্ক হিসেবে ঘোষণা করে দিব। সেই ডিজাইন এবং ড্রয়িং প্রায় শেষ।' নতুন ল্যান্ডফিলে পাঁচটি প্ল্যান্ট নির্মাণের বিষয়ে ডিএসসিসির ওই কর্মকর্তা বলেন, 'আমাদের নতুন যে ল্যান্ডফিল আছে (৮১ একর), সেখানে প্রতিদিন তিন হাজার ২০০ থেকে তিন হাজার ৩০০ টন বর্জ্য ব্যবস্থাপনার জন্য পাঁচটি প্ল্যান্টের কনস্ট্রাকশন কার্যক্রম শুরু হবে এবং আগামী মাস থেকে তাদের (কোরিয়ান প্রতিষ্ঠান) জায়গা বুঝিয়ে দেওয়া হবে। সবগুলো প্ল্যান্টেরই প্রোডাকশন ইনশাআল্লাহ ফেব্রুয়ারি ২০২৭ থেকে শুরু হবে।' বর্জ্যের ধরন তুলে ধরে তিনি বলেন, 'আমাদের পুরো বর্জ্যের প্রায় ৬৮ থেকে ৭০ শতাংশ হলো কম্পোস্ট অর্গানিক ওয়েস্ট। অর্গানিক ওয়েস্ট থেকে বিভিন্ন ক্যাটাগরির প্রোডাক্ট বের হবে। একটা হলো আমাদের কম্পোস্ট সার, এখান থেকে প্রতিদিন ৪০০ থেকে ৪৪০ টন কম্পোস্ট সার আমরা পাব। আর এখান থেকে বায়োগ্যাস হবে যা ইলেকট্রিসিটি প্ল্যান্টে চলে যাবে।'
(জাগো নিউজ ওয়েব পেজ: ১৮.০৭.২০২৬ রুবাইয়া)

**সরছেন না আওয়ামী লীগ-জামায়াতপন্থিরা, নিয়োগ না পেয়ে ক্ষোভ বিএনপিপন্থিদের**

সুপ্রিম কোর্টে রাষ্ট্রপক্ষে মামলা লড়তে অন্তর্বর্তীকালীন সরকারের সময়ে প্রায় সাড়ে তিনশো আইন কর্মকর্তা নিয়োগ করা হয়েছিল। যাদের মধ্যে অনেকে ক্ষমতাচ্যুত আওয়ামী লীগের রাজনীতির সঙ্গে জড়িত। ছিলেন জামায়াতপন্থি আইনজীবীও। বর্তমান সরকারের সময়েও তাদের অধিকাংশই বহাল থাকায় এ নিয়ে ক্ষোভ বাড়ছে বিএনপিপন্থি আইনজীবীদের মধ্যে। তথ্য অনুসন্ধানে জানা যায়, বর্তমানে অ্যাটর্নি জেনারেল কার্যালয়ে দুই শতাধিক আইন কর্মকর্তা বিএনপির সক্রিয় অনুসারী। সম্প্রতি জামায়াতপন্থি সাতজন ডেপুটি অ্যাটর্নি জেনারেল (ডিএজি) ও ১১ জন সহকারী অ্যাটর্নি জেনারেল (এএজি) একযোগে পদত্যাগ করেন। তবে বর্তমান সরকারের আমলে বিএনপিপন্থি আইনজীবীদের অনেককে নিয়োগ না করা এবং আগে নিয়োগ পাওয়া আওয়ামী লীগ ও জামায়াতপন্থি অনেকে এখনো অ্যাটর্নি জেনারেল কার্যালয়ে কর্মরত থাকার বিষয়টি নিয়ে অসন্তোষ প্রকাশ করছেন বিএনপিপন্থি আইনজীবীরা। সংশ্লিষ্টরা জানান, রাষ্ট্রের আইন কর্মকর্তার মতো গুরুত্বপূর্ণ পদে বাছবিচারহীনভাবে নিয়োগ করা হয়েছে। ফলে এমন কিছু ব্যক্তিও নিয়োগ পেয়েছেন, যারা আইন পেশায় নিয়মিত না, যাদের কোনোদিন সুপ্রিম কোর্ট প্রাঙ্গণে দেখা যায়নি। যাদের

অনেকে বাংলাদেশ বার কাউন্সিল ও সুপ্রিম কোর্ট বারের পার্থক্য বোঝেন না। বিভিন্ন প্রভাবশালী ব্যক্তির সুপারিশে অন্তর্বর্তী সরকারের সময়ে তাদের নিয়োগ করা হয়েছে। তারা মূলত সংখ্যা ভারী করছেন। সুপ্রিম কোর্টের একজন জ্যেষ্ঠ আইনজীবী জাগো নিউজকে বলেন, সাধারণত আইন কর্মকর্তা পদে সরকার সমর্থক ও আস্থাভাজন ব্যক্তিকে নিয়োগ করা হয়। এখানে সরকারকে বোঝার ব্যাপার থাকে। সরকার কী বলতে চায়, কী করতে চায়, তা-ও বুঝতে হয়। কারণ, এখান থেকে তথ্যপাচারেরও ঝুঁকি থাকে, যা রাষ্ট্র ও সরকারের জন্য ব্যাপক ক্ষতির সুযোগ ও আশঙ্কা তৈরি করতে পারে। (জাগো নিউজ ওয়েব পেজ:১৮.০৭.২০২৬ রিহাব)

## বায়ু-শব্দদূষণ রোধে দ্রুত কার্যকর পদক্ষেপের নির্দেশ প্রধানমন্ত্রীর

বায়ু ও শব্দদূষণ নিয়ন্ত্রণে দ্রুত ও কার্যকর পদক্ষেপ নিতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। একই সঙ্গে তিনি ইটভাটাজনিত দূষণ রোধ, রাজধানী থেকে ফিটনেসবিহীন ও পরিবেশ দূষণকারী যানবাহন অপসারণ এবং অতিরিক্ত হর্নের ব্যবহার নিয়ন্ত্রণে কঠোর ব্যবস্থা নেওয়ার ওপর গুরুত্ব আরোপ করেছেন। শনিবার (১৮ জুলাই) রাজধানীর তেজগাঁওয়ে প্রধানমন্ত্রীর কার্যালয়ে পরিবেশ দূষণবিষয়ক এক উচ্চপর্যায়ের বৈঠকে সভাপতিত্বকালে তিনি এসব নির্দেশনা দেন। বৈঠকে দেশের বায়ু ও শব্দদূষণের বর্তমান পরিস্থিতি এবং তা নিয়ন্ত্রণে স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদি বিভিন্ন উদ্যোগ নিয়ে বিস্তারিত আলোচনা হয়। সভায় ইটভাটার কারণে সৃষ্ট বায়ুদূষণ কমাতে দ্রুত কার্যকর ব্যবস্থা নেওয়ার সিদ্ধান্ত হয়। এসময় প্রধানমন্ত্রী পরিবেশবান্ধব বিকল্প প্রযুক্তি ব্যবহার করে ইট উৎপাদনের ওপর বিশেষ গুরুত্ব আরোপ করেন এবং এ বিষয়ে প্রয়োজনীয় উদ্যোগ নিতে সংশ্লিষ্টদের নির্দেশ দেন। রাজধানীতে যানবাহনের অতিরিক্ত হর্ন ব্যবহারের কারণে শব্দদূষণ নিয়ন্ত্রণে কার্যকর ব্যবস্থা নেওয়া নিয়েও আলোচনা হয়। আইন প্রয়োগকারী সংস্থাকে এ বিষয়ে আরও কঠোরভাবে দায়িত্ব পালনের নির্দেশ দেন প্রধানমন্ত্রী। বৈঠকে ট্রাফিক ব্যবস্থাপনায় ব্যবহৃত কৃত্রিম বুদ্ধিমত্তাভিত্তিক (এআই) ক্যামেরার আদলে হর্ন নিয়ন্ত্রণেও এআই প্রযুক্তি ব্যবহারের সম্ভাবনা ও কার্যকারিতা নিয়ে আলোচনা হয়। এছাড়া রাজধানীর সড়ক থেকে ফিটনেসবিহীন, মেয়াদোত্তীর্ণ ও পরিবেশ দূষণকারী বাস, ট্রাক ও অন্যান্য যানবাহন দ্রুত অপসারণে কার্যকর উদ্যোগ নেওয়ার ওপর জোর দেন প্রধানমন্ত্রী।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৮.০৭.২০২৬ রিহাব)

## এসএসসির ফল ২০ জুলাই প্রকাশ হচ্ছে না, সম্ভাব্য সময় জানালো বোর্ড

চলতি বছরের এসএসসি ও সমমান পরীক্ষার ফল আগামী ২০ জুলাই প্রকাশের কথা ছিল। শিক্ষামন্ত্রীর নির্দেশনায় শিক্ষা বোর্ডগুলো ফল প্রকাশের প্রস্তুতিও নিচ্ছিল। তবে প্রশাসনিক ব্যস্ততায় তা কিছুটা পিছিয়ে যাচ্ছে। নতুন দিনক্ষণ জানা না গেলেও চলতি মাসে এ ফল প্রকাশ করা হবে। বাংলাদেশ আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় কমিটির সভাপতি এবং ঢাকা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক সৈয়দ আক্তারুজ্জামান এ তথ্য নিশ্চিত করেছেন। শনিবার (১৮ জুলাই) দুপুরে তিনি জাগো নিউজকে বলেন, ২০ জুলাইয়ের মধ্যে ফল প্রকাশের লক্ষ্য নির্ধারণ করা হয়েছিল। সে অনুযায়ী শিক্ষামন্ত্রী শিক্ষা বোর্ডগুলোকে প্রস্তুত থাকতে বলেছিলেন। বোর্ডও প্রয়োজনীয় প্রস্তুতি নিয়েছিল। তবে বর্তমান পরিস্থিতি বিবেচনায় বিভিন্ন জরুরি প্রশাসনিক কাজে অংশীজনরা ব্যস্ত থাকায় ফল প্রস্তুতের কাজ প্রত্যাশিত সময়ের মধ্যে শেষ করা সম্ভব হয়নি। এজন্য ফল প্রকাশে আরও কয়েকদিন সময় লাগবে। তবে খুব বেশি দেরি হবে না।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৮.০৭.২০২৬ রিহাব)

## লুঙ্গি পরেই মাদককারবারিদের ধাওয়া দিলেন এমপি

কুমিল্লার ব্রাহ্মণপাড়া উপজেলার সীমান্তবর্তী একটি গ্রামে দলবদ্ধ হয়ে মাদকসেবী ও মাদক কারবারিদের জমায়েত হওয়ার গোপন খবরে লুঙ্গি পরেই তাদের ধাওয়া দেন কুমিল্লা-৫ (বুড়িচং-ব্রাহ্মণপাড়া) আসনের সংসদ সদস্য হাজী জসীম উদ্দিন। শুক্রবার (১৭ জুলাই) দুপুরে ব্রাহ্মণপাড়া উপজেলার ভারত সীমান্তবর্তী আশাবাড়ি এলাকায় এ ঘটনা ঘটে। স্থানীয়রা জানান, ভারত সীমান্তের কাছে আশাবাড়ি এলাকায় সড়কের ওপর প্রকাশ্যে মাদক বেচাকেনা চলে। স্থানীয় লোকজন বাধা দিলে তাতে মাদককারবারিরা তাদের ওপর চড়াও হন। এতে ভয়ে আর মুখ খোলেন না কেউ। ওই এলাকায় প্রকাশ্যে মাদকের কারবার যেন একটি চিরাচরিত ঘটনা হয়ে গেছে। শুক্রবার দুপুরে স্থানীয়দের মাধ্যমে গোপনে মাদক কারবারিদের জমায়েত হওয়ার খবর পান সংসদ সদস্য জসীম উদ্দিন। পরে তিনি তার ব্যক্তিগত মোটরসাইকেলে তার সঙ্গে এক সহকারীকে নিয়ে আশাবাড়ি এলাকায় ছুটে যান লুঙ্গি পরেই। এসময় আশাবাড়ি সড়কের ওপর ৭-৮টি মোটরসাইকেলে করে বিভিন্ন এলাকা থেকে আসা মাদক কারবারিদের জমায়েত দেখতে পান সংসদ সদস্য। পরে তাদের ধাওয়া দিলে হুমড়ি খেয়ে পালিয়ে যান তারা। ধাওয়া খেয়ে পালাতে গিয়ে একটি মোটরসাইকেল ফেলে রেখে যান মাদক কারবারিরা। পরে পুলিশকে ফোন করেন সংসদ সদস্য জসীম উদ্দিন। পুলিশ ঘটনাস্থলে এলে সেই মোটরসাইকেলটি হস্তান্তর করেন তিনি। পুলিশ মোটরসাইকেল নিয়ে আসে থানায়। একইসময়ে আশাবাড়ি সড়কে সন্দেহজনক ঘোরাফেরা করায় নবীনগর উপজেলা থেকে আসা দুই যুবককে থামিয়ে জিজ্ঞাসাবাদ করেন সংসদ সদস্য। এ দুই যুবকের সঙ্গে থাকা মোটরসাইকেল এবং দুই যুববকেও পুলিশকে বুঝিয়েও দেন তিনি। পরে পুলিশ জিজ্ঞাসাবাদ করে ওই দুই যুবককে ছেড়ে দেয়। অভিযানের পুরো ভিডিও সংসদ সদস্য জসীম উদ্দিন নিজের ভেরিফায়েড ফেসবুক পেজে পোস্ট করেন। মুহূর্তেই ভিডিওটি ভাইরাল হয়। এ বিষয়ে সংসদ সদস্য জসীম উদ্দিন বলেন, আমার নির্বাচনি প্রতিশ্রুতি ছিল বুড়িচং-ব্রাহ্মণপাড়াকে মাদকমুক্ত করা। তারই অংশ হিসেবে আমি

এলাকায় রাতবিরাতেও মাদকবিরোধী অভিযান চালিয়েছি। আমার এলাকায় হয় মাদক কারবারিরা থাকবে , নতুবা আমি থাকবো। মাদকের বিরুদ্ধে আমার জিহাদ চলবে। (জাগো নিউজ ওয়েব পেজ:১৮.০৭.২০২৬ রিহাব)

## উপকূলে ঝড়ো হাওয়ার শঙ্কা, সমুদ্রবন্দরে ৩ নম্বর সতর্ক সংকেত

দেশের উপকূলীয় এলাকায় ঝড়ো হাওয়ার আশঙ্কায় সব সমুদ্রবন্দরকে তিন নম্বর স্থানীয় সতর্ক সংকেত দেখাতে বলেছে আবহাওয়া অধিদপ্তর। শনিবার (১৮ জুলাই) প্রকাশিত আবহাওয়ার সতর্কবার্তায় এ তথ্য জানানো হয়েছে। সতর্কবার্তায় বলা হয়, উত্তর-পশ্চিম বঙ্গোপসাগর এলাকায় বায়ু চাপের তারতম্য বিরাজ করছে। এর প্রভাবে সমুদ্রবন্দর , উত্তর বঙ্গোপসাগর এবং তৎসংলগ্ন বাংলাদেশের উপকূলীয় এলাকার ওপর দিয়ে ঝড়ো হাওয়া বয়ে যেতে পারে। এ কারণে দেশের সব সমুদ্রবন্দরকে ৩ নম্বর স্থানীয় সতর্ক সংকেত দেখিয়ে যেতে বলা হয়েছে। এ ছাড়া উত্তর বঙ্গোপসাগরে অবস্থানরত মাছ ধরার নৌকা ও ট্রলারগুলোকে পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত উপকূলের কাছাকাছি থেকে সাবধানে চলাচল করতে বলা হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:১৮.০৭.২০২৬ রিহাব)

## বাজার মূলধন বাড়লো আরও ৭ হাজার কোটি টাকা

গত সপ্তাহে দেশের শেয়ারবাজারে লেনদেন হওয়া পাঁচ কার্যদিবসের মধ্যে চার কার্যদিবসেই ঊর্ধ্বমুখিতার দেখা মিলে। এতে সপ্তাহের ব্যবধানে দাম বাড়ার তালিকায় নাম লিখিয়েছে বেশি প্রতিষ্ঠান। ফলে বেড়েছে মূল্যসূচক। বেশিরভাগ প্রতিষ্ঠানের শেয়ার দাম বাড়ায় প্রধান শেয়ারবাজার ঢাকা স্টক এক্সচেঞ্জের (ডিএসই) বাজার মূলধন সাত হাজার কোটি টাকার ওপরে বেড়ে গেছে। এতে তিন সপ্তাহের ব্যবধানে বাজার মূলধন বাড়লো ১৮ হাজার কোটি টাকার ওপরে। গত সপ্তাহজুড়ে ডিএসইতে লেনদেন হওয়া প্রতিষ্ঠানগুলোর মধ্যে ২১৬টির শেয়ার ও ইউনিটের স্থান হয়েছে দাম বাড়ার তালিকায়। বিপরীতে দাম কমেছে ১৫৫টির। আর ১৮টি প্রতিষ্ঠানের শেয়ার ও ইউনিটের দাম অপরিবর্তিত রয়েছে। এতে সপ্তাহের শেষ কার্যদিবসের লেনদেন শেষে ডিএসইর বাজার মূলধন দাঁড়িয়েছে ৭ লাখ ১০ হাজার ৮৮৩ কোটি টাকা। যা আগের সপ্তাহের শেষ কার্যদিবসে ছিল ৭ লাখ ৩ হাজার ৮৩৪ কোটি টাকা। অর্থাৎ সপ্তাহের ব্যবধানে বাজার মূলধন বেড়েছে ৭ হাজার ৪৯ কোটি টাকা। আগে র দুই সপ্তাহে বাজার মূলধন বাড়ে ১১ হাজার ৩০৮ কোটি টাকা। এতে তিন সপ্তাহের ব্যবধানে বাজার মূলধন বাড়লো ১৮ হাজার ৩৫৭ কোটি টাকা। বাজার মূলধন বাড়ার পাশাপাশি গত সপ্তাহে প্রধান মূল্যসূচকেরও উত্থান হয়েছে। ডিএসইর প্রধান মূল্যসূচক ডিএসইএক্স সপ্তাহজুড়ে বেড়েছে ৯৬ দশমিক ৩০ পয়েন্ট বা ১ দশমিক ৬৬ শতাংশ। আগের সপ্তাহে সূচকটি বাড়ে ৬০ দশমিক ২০ পয়েন্ট বা ১ দশমিক শূন্য ৫ শতাংশ। তার আগের সপ্তাহে বাড়ে ৯১ দশমিক শূন্য ৪ পয়েন্ট বা ১ দশমিক ৬১ শতাংশ। অর্থাৎ তিন সপ্তাহের ডিএসইর প্রধান মূল্যসূচক বেড়েছে ২৪৭ দশমিক ৫৪ পয়েন্ট। (জাগো নিউজ ওয়েব পেজ:১৮.০৭.২০২৬ রিহাব)

## নববধূকে নিয়ে বাড়ি ফেরার পথে সড়কে ঝরলো২ প্রাণ

আনন্দ-উৎসবের রেশ কাটতে না কাটতেই নেমে এলো শোকের ছায়া। বিয়ের অনুষ্ঠান শেষে নববধূকে নিয়ে বাড়ি ফেরার পথে সড়ক দুর্ঘটনায় প্রাণ গেলো শিশুসহ দুইজনের। এ ঘটনায় আহত হয়েছেন বর -কনেসহ অন্তত ১২ জন। শনিবার (১৮ জুলাই) ভোরে নীলফামারীর কিশোরগঞ্জ থেকে টেংগনামারী সড়কের শাল্টিবাড়ি এলাকায় এই দুর্ঘটনা ঘটে। নিহতরা হলেন - সদর উপজেলার কচুকাটা ইউনিয়নের বন্দরপাড়া এলাকার জিকরুল ইসলামের ৭ মাস বয়সি ছেলে জীবন ইসলাম ও মোজা মিয়ার ছেলে রিয়াদ ইসলাম (২০)। তিনি এইচএসসি প রীক্ষার্থী ছিলেন। পুলিশ ও স্থানীয়রা জানায়, শুক্রবার রাতে নীলফামারী সদর উপজেলার কচুকাটা বন্দরপাড়া এলাকা থেকে ১৫ থেকে ১৬ জন বরযাত্রী নিয়ে একটি মাইক্রোবাস কিশোরগঞ্জ উপজেলার যুগিপাড়ায় যায়। বিয়ের আনুষ্ঠানিকতা শেষে শনিবার ভোরে নববধূকে নিয়ে ফেরার পথে শাল্টি বাড়ি এলাকায় পৌঁছালে চালক নিয়ন্ত্রণ হারালে মাইক্রোবাসটি সড়কের পাশের খাদে পড়ে যায়। এতে ঘটনাস্থলেই সাত মাসের শিশু জীবন ও এইচএসসি পরীক্ষার্থী রিয়াদ ইসলামের মৃত্যু হয়। আহত অন্তত ১২ জনকে উদ্ধার করে রংপুর মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। তাদের মধ্যে কয়েকজনের অবস্থা আশঙ্কাজনক বলে জানা গেছে। কিশোরগঞ্জ থানান ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুল গফুর বলেন , আইনি প্রক্রিয়া শেষে দুইজনের মরদেহ পরিবারের কাছে হস্তান্তর করা হয়েছে। এ ঘটনায় অন্তত ১২ জন আহত হয়েছেন। (জাগো নিউজ ওয়েব পেজ:১৮.০৭.২০২৬ রিহাব)

## পার্বত্য অঞ্চলে বন্যার বড় কারণ চট্টগ্রাম-কক্সবাজার রেললাইন: শরিফ জামিল

তিন পার্বত্য জেলায় ২০২৩ সাল থেকে ২০২৬ সালের জুলাই পর্যন্ত সংঘটিত বন্যা ও জলাবদ্ধতার বেশিরভাগের জন্য চট্টগ্রাম-কক্সবাজার রেললাইন নির্মাণকে দায়ী করেছেন পরিবেশবাদী সংগঠন ধরিত্রী রক্ষায় আমরা (ধরা) এর সদস্যসচিব শরিফ জামিল। তিনি বলেন , এসব বন্যা শুধু অতিবৃষ্টি বা পাহাড়ি ঢলের কারণে হয়নি। নদী , খাল ও জলাশয় দখল , নাব্য হ্রাস , অপরিকল্পিত সড়ক ও অবকাঠামো নির্মাণ , পাহাড় কাটা , বন উজাড় এবং জলবায়ু পরিবর্তনের সম্মিলিত প্রভাবে পরিস্থিতি আরও ভয়াবহ হয়েছে। শনিবার (১৮ জুলাই) জাতীয় প্রেসক্লাবে ‘সাম্প্রতিক বন্যার তথ্যভিত্তিক পর্যালোচনা’ শীর্ষক সংবাদ সম্মেলনে এসব কথা বলেন তিনি। সংবাদ সম্মেলনে সভাপতিত্ব করেন ধরার সহ-আহ্বায়ক এম এস সিদ্দিকী। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন রিভার বাংলার সম্পাদক ও ধরার সদস্য ফয়সাল আহমেদ। শরিফ জামিল বলেন, চলতি বছরের ৭ থেকে ১২ জুলাই পর্যন্ত টানা অতি ভারী বৃষ্টিপাত, উজান থেকে নেমে

আসা পাহাড়ি ঢল এবং আন্তঃসীমান্ত নদ-নদীর অস্বাভাবিক পানি বৃদ্ধির কারণে দেশের অন্তত ১৭টি জেলা ভয়াবহ বন্যা ও জলাবদ্ধতার কবলে পড়ে। তিনি বলেন, এতে ১০ লাখের বেশি মানুষ সরাসরি ক্ষতিগ্রস্ত হয়েছেন। এর মধ্যে চট্টগ্রামে প্রায় ৬ লাখ, কক্সবাজারে ১ লাখ ৫৮ হাজার, রাঙ্গামাটিতে ১ লাখ ৮ হাজার, বান্দরবানে ৮৩ হাজার ৫০০ এবং কুড়িগ্রামে ১ লাখ ৩৬ হাজার মানুষ ক্ষতিগ্রস্ত হয়েছেন। পাশাপাশি হাজার হাজার হেক্টর কৃষিজমি, হাজারো মাছের ঘের, সড়ক, সেতু ও অন্যান্য অবকাঠামো ক্ষতিগ্রস্ত হয়েছে। সংবাদ সম্মেলনের সভাপতির বক্তব্যে এম এস সিদ্দিকী বলেন, সাম্প্রতিক বন্যা শুধু প্রাকৃতিক কারণে নয়, অপরিকল্পিত উন্নয়ন, নদী-খাল ভরাট, পানি প্রবাহে বাধা এবং জলবায়ু পরিবর্তনের সম্মিলিত প্রভাবে এর ভয়াবহতা বেড়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:১৮.০৭.২০২৬ রিহাব)

## পশুর হাটের ইজারাদারের অফিসে গুলি, শ্যুটার বাপ্পিসহ গ্রেফতার ৫

রাজধানীর মতিঝিল এলাকায় চাঁদাবাজি ও গুলিবর্ষণের ঘটনায় অভিযুক্ত শ্যুটার তানিম রেজা ওরফে বাপ্পি এবং তার চার সহযোগীকে গ্রেফতার করেছে পুলিশ। এসময় তাদের কাছ থেকে তিনটি বিদেশি আগ্নেয়াস্ত্র ও সাত রাউন্ড গুলি উদ্ধার করা হয়। পুলিশ বলছে, রাজধানীর দক্ষিণ কমলাপুরে কোরবানির পশুর হাটের এক ইজারাদারের অফিস লক্ষ্য করে গুলিবর্ষণের ঘটনায় তাদের সম্পৃক্ততা রয়েছে। এছাড়া, বিদেশি নম্বর ব্যবহার করে হোয়াটসঅ্যাপে ১০ লাখ টাকা চাঁদা দাবিতে প্রাণনাশের হুমকির ঘটনায় ও তাদের সম্পৃক্ততা রয়েছে। শনিবার (১৮ জুলাই) রাজধানীর মিন্টো রোডে ডিএমপি মিডিয়া সেন্টারে আয়োজিত এক সংবাদ সম্মেলনে এসব তথ্য জানানো হয়। ঢাকা মেট্রোপলিটন পুলিশের অতিরিক্ত পুলিশ কমিশনার (এস্টেট, ডেভেলপমেন্ট ও আইসিটি) এবং অতিরিক্ত দায়িত্বপ্রাপ্ত (ক্রাইম অ্যান্ড অপারেশনস) মোহাম্মদ ওসমান গণি এসব তথ্য জানান। মোহাম্মদ ওসমান গণি বলেন, গতকাল শুক্রবার সকালে রাজধানীর মতিঝিলের হোটেল পূর্বাণী সংলগ্ন এলাকায় অভিযান চালিয়ে তানিম রেজা ওরফে বাপ্পি ও তার তিন সহযোগীকে গ্রেফতার করে মতিঝিল বিভাগ। পরবর্তীতে তাদের আরও এক সহযোগীকে গ্রেফতার করা হয়। তিনি বলেন, গত ১৯ মে দক্ষিণ কমলাপুরে কোরবানির পশুর হাটের এক ইজারাদার ব্যবসায়ীর অফিস লক্ষ্য করে সন্ত্রাসীরা গুলিবর্ষণ করে। ১৫ মে একই ব্যবসায়ীর কাছে বিদেশি নম্বর ব্যবহার করে হোয়াটসঅ্যাপে ১০ লাখ টাকা চাঁদা দাবি এবং প্রাণনাশের হুমকি দেওয়া হয়। এ ঘটনায় মতিঝিল থানায় মামলা দায়ের হওয়ার পর তদন্তে তানিম রেজা বাপ্পি ও তার সহযোগীদের সম্পৃক্ততার তথ্য পাওয়া যায়। দীর্ঘদিন আত্মগোপনে থাকায় তাদের গ্রেফতার করা সম্ভব হয়নি।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৮.০৭.২০২৬ রিহাব)

## ঢাকায় পুলিশের অভিযানে ২৪ ঘণ্টায় গ্রেফতার ৪৬৩

রাজধানী ঢাকায় গত ২৪ ঘণ্টায় ৪৬৩ জনকে গ্রেফতার করেছে পুলিশ। একই সময়ে বিভিন্ন থানায় ৩৮টি মামলা দায়ের করা হয়েছে। শনিবার (১৮ জুলাই) সকালে এ তথ্য জানিয়েছে ঢাকা মেট্রোপলিটন পুলিশ (ডিএমপি)। গ্রেফতারদের মধ্যে রয়েছেন ডিএমপির রমনা বিভাগে ৪৭ জন, লালবাগ বিভাগে ৩২ জন, ওয়ারী বিভাগে ৪৫ জন, মতিঝিল বিভাগে ৫০ জন, তেজগাঁও বিভাগে ৫০ জন, মিরপুর বিভাগে ১১৪ জন, গুলশান বিভাগে ৪৭ জন, উত্তরা বিভাগে ৬৪ জন, সিটিটিসি একজন ও গোয়েন্দা বিভাগ ১৩ জনকে গ্রেফতার করে। এসময় তাদের কাছ থেকে ১৫ হাজার ৩৬৪ পিস ইয়াবা, ৪৫ কেজি ৫৮০ গ্রাম গাঁজা, একটি সিএনজি-চালিত অটোরিকশা, একটি মোটরসাইকেল, ১০টি মোবাইল ফোন, অটোরিকশার চারটি ব্যাটারি, একটি চাকু, একটি চাপাতি ও একজন ভিকটিমকে উদ্ধার করা হয়।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৮.০৭.২০২৬ রিহাব)

## মাওলানা শফিকুর রহমানের মৃত্যুতে চরমোনাই পীরের শোক

ইসলামী আন্দোলন বাংলাদেশের নারায়ণগঞ্জ জেলা সহ-সভাপতি মাওলানা শফিকুর রহমানের মৃত্যুতে শোক প্রকাশ করেছেন আমির মুফতি সৈয়দ মুহাম্মাদ রেজাউল করীম (চরমোনাই পীর)। শনিবার (১৮ জুলাই) এক শোকবার্তায় তিনি এই শোক প্রকাশ করেন। ইসলামী আন্দোলন বাংলাদেশের কেন্দ্রীয় মিডিয়া সেলের প্রধান সমন্বয়ক কে এম শরীয়াতুল্লাহ এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানান। এর আগে আজ সকাল সাড়ে ১০টায় মাওলানা শফিকুর রহমানের মৃত্যু হয়। শোকবার্তায় চরমোনাই পীর বলেন, মাওলানা শফিকুল ইসলাম প্রায় পুরোটা জীবনে দেশে ইসলাম প্রতিষ্ঠার জন্য কাজ করেছেন। ছাত্রাবস্থায় তিনি ইসলামী শাসনতন্ত্র ছাত্র আন্দোলনে কাজ করেছেন। ছাত্র আন্দোলনের জেলা সভাপতির দায়িত্ব পালন করেছেন। কর্মজীবনে প্রবেশ করেও বিভিন্ন দায়িত্ব পালন করেছেন। ইন্তেকালের সময় তিনি ইসলামী আন্দোলন বাংলাদেশের নারায়ণগঞ্জ জেলা সহ-সভাপতি হিসেবে দায়িত্ব পালন করতেন।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৮.০৭.২০২৬ রিহাব)

## দেশে দুর্নীতির জয়জয়কার চলছে আব্দুর রব

বাংলাদেশ জামায়াতে ইসলামীর কেন্দ্রীয় নির্বাহী পরিষদ সদস্য অধ্যক্ষ আব্দুর রব বলেছেন, দেশে দুর্নীতি ও অবক্ষয়ের জয়জয়কার চলছে। এমতাবস্থায় সংগঠনের কাঠামো ও ভিত্তি মজবুত করার মাধ্যমে দুর্নীতিমুক্ত সমাজ প্রতিষ্ঠার কাজ এগিয়ে নিতে হবে। শুক্রবার (১৭ জুলাই) রাতে মগবাজারস্থ আলফালাহ মিলনায়তনে শিল্পাঞ্চল থানা জামায়াত আয়োজিত এক কর্মী শিক্ষা বৈঠকে প্রধান অতিথির বক্তব্যকালে তিনি এসব কথা বলেন। তিনি বলেন, মজবুত সংগঠনের পূর্ব শর্ত হল ইসলামী আদর্শের ভিত্তিতে সংগঠনের কর্মীদের জীবন গঠন করা ও দ্বীনি ইলম অর্জনে অগ্রগামী

থাকা। তাই ইসলামী আন্দোলনের কর্মীদের সংগঠনের প্রতি অকুণ্ঠ আনুগত্য ও শৃঙ্খলা মেনে চলতে হবে। তিনি দেশকে ইসলামী কল্যাণ পরিণত করার স্বপ্ন বাস্তবায়নে স্ব স্ব অবস্থান থেকে ভূমিকা রাখার আহ্বান জানান।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৮.০৭.২০২৬ রিহাব)

## এমপি বাচ্চুকে কারণ দর্শানোর নোটিশ দিলো বিএনপি

ময়মনসিংহ-১১ (ভালুকা) আসনের সংসদ সদস্য ফখর উদ্দিন আহমেদ বাচ্চুকে কারণ দর্শানোর নোটিশ দিয়েছে বিএনপি। দলীয় শৃঙ্খলা ভঙ্গের অভিযোগে এ নোটিশ দেওয়া হয়েছে। শনিবার (১৮ জুলাই) বিএনপির কেন্দ্রীয় দপ্তর থেকে বিষয়টি নিশ্চিত করা হয়েছে। ফখর উদ্দিন আহমেদ বাচ্চুর বিরুদ্ধে এর আগে স্থানীয় ঝুট ব্যবসা নিয়ন্ত্রণসহ বিভিন্ন অনিয়মের অভিযোগে বিভিন্ন গণমাধ্যমে সংবাদ প্রকাশিত হয়। সংশ্লিষ্ট সূত্র জানিয়েছে, এসব অভিযোগের প্রেক্ষাপটেই দলীয় শৃঙ্খলা ভঙ্গের বিষয়টি নিয়ে বিএনপি ব্যবস্থা নিয়েছে। ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে বিএনপির মনোনয়নে ফখর উদ্দিন আহমেদ বাচ্চু ময়মনসিংহ -১১ (ভালুকা) আসন থেকে সংসদ সদস্য নির্বাচিত হন। (জাগো নিউজ ওয়েব পেজ:১৮.০৭.২০২৬ রিহাব)

## চট্টগ্রামে এনসিটি-সিসিটি ইজারা প্রক্রিয়া বন্ধের দবিতে প্রতীকী গণঅনশন

নিউমুরিং কনটেইনার টার্মিনাল (এনসিটি) ও চিটাগাং কনটেইনার টার্মিনাল (সিসিটি) বিদেশি প্রতিষ্ঠানের কাছে ইজারা দেওয়ার প্রক্রিয়া বন্ধের দাবিতে চট্টগ্রামে প্রতীকী গণঅনশন করেছে বন্দর রক্ষা কমিটি। শনিবার (১৮ জুলাই) নগরীর জামাল খান চট্টগ্রাম প্রে স ক্লাব চত্বরে এ কর্মসূচি পালন করে সংগঠনটি। বেলা ১১টা থেকে বিকেল ৩টা পর্যন্ত এই কর্মসূচিতে বিভিন্ন রাজনৈতিক, শ্রমিক, পেশাজীবী, সাংস্কৃতিক ও সামাজিক সংগঠনের নেতারা সংহতি প্রকাশ করে অংশগ্রহণ করেন। গণঅনশন উপলক্ষ্যে আয়োজিত সমাবেশে সভাপতিত্ব করেন বন্দর রক্ষা কমিটির আহ্বায়ক প্রকৌশলী দেলোয়ার মজুমদার। পরে বিকেল ৩টায় কবি ও সাংবাদিক আবুল মোমেন অংশগ্রহণকারীদের শরবত পান করিয়ে প্রতীকী গণঅনশন ভঙ্গ করান। এর আগে সংক্ষিপ্ত বক্তব্যে কবি ও সাংবাদিক আবুল মোমেন বলেন, চট্টগ্রাম বন্দর বাংলাদেশের অর্থনীতির প্রাণকেন্দ্র। দে শের আমদানি-রপ্তানির সিংহভাগ এই বন্দরের মাধ্যমে পরিচালিত হয়। তাই এই বন্দরের গুরুত্বপূর্ণ টার্মিনাল বিদেশি প্রতিষ্ঠানের হাতে দীর্ঘমেয়াদে তুলে দেওয়ার সিদ্ধান্ত অর্থনৈতিক ও কৌশলগত উভয় দিক থেকেই অত্যন্ত সংবেদনশীল। জাতীয় স্বার্থ সংশ্লিষ্ট এমন সিদ্ধান্ত গ্রহ ণের আগে জনগণের মতামত, বিশেষজ্ঞদের অভিমত এবং সংসদীয় আলোচনার প্রয়োজন ছিল। জনগণকে অন্ধকারে রেখে এমন সিদ্ধান্ত গ্রহণ কোনোভাবেই গ্রহণযোগ্য হতে পারে না। তিনি আরও বলেন, চট্টগ্রাম বন্দর আমাদের জাতীয় গৌরবের প্রতীক। এই বন্দরের সক্ষমতা ও দক্ষতা আরও বৃদ্ধি করতে হলে নিজস্ব জনবল, প্রযুক্তি ও ব্যবস্থাপনার উন্নয়নে বিনিয়োগ করতে হবে। বিদেশি প্রতিষ্ঠানের কাছে দীর্ঘমেয়াদি ইজারা দিয়ে সমস্যার সমাধান হবে না; বরং ভবিষ্যতে জাতীয় স্বার্থ ক্ষতিগ্রস্ত হওয়ার আশঙ্কা তৈরি হবে। জনগণের শান্তিপূর্ণ এই প্রতিবাদের প্রতি সরকারকে সম্মা ন জানিয়ে অবিলম্বে এনসিটি ও সিসিটি ইজারার প্রক্রিয়া বন্ধের সুস্পষ্ট ঘোষণা দিতে হবে।

সিপিবির সাবেক সভাপতি মোহাম্মদ শাহ আলম বলেন, রাষ্ট্রের কৌশলগত ও লাভজনক সম্পদ জনগণের সম্পদ। জনগণের সম্পদ বিদেশি করপোরেট প্রতিষ্ঠানের হাতে তুলে দেওয়ার যে প্রবণতা দেখা যাচ্ছে, তা দেশের অর্থনৈতিক স্বাধীনতা ও সার্বভৌমত্বের জন্য শুভ নয়। অতীতের বিভিন্ন অভিজ্ঞতা আমাদের শিক্ষা দেয়, জাতীয় স্বার্থবিরোধী চুক্তির পরিণতি দীর্ঘমেয়াদে দেশের জনগণকেই বহন করতে হয়। ট্রেড ইউনিয়ন কেন্দ্র (টিইউসি) চট্টগ্রাম জেলা কমিটির সভাপতি তপন দত্ত বলেন, চট্টগ্রাম বন্দর শুধু ব্যবসায়ীদের নয়, হাজার হাজার শ্রমিকের জীবিকা এবং দেশের অর্থনীতির অন্যতম ভিত্তি। এই বন্দরের ভবিষ্যৎ নিয়ে সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে শ্রমিকদের মতামত সম্পূর্ণ উপেক্ষা করা হয়েছে। এটি অত্যন্ত দুঃখজনক। সরকার অবিলম্বে এনসিটি ও সিসিটি ইজারা র প্রক্রিয়া বন্ধের ঘোষণা না দিলে শ্রমিক সংগঠনগুলো বৃহত্তর ঐক্য গড়ে তুলে কঠোর আন্দোলনের কর্মসূচি গ্রহণ করবে।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৮.০৭.২০২৬ রিহাব)

## দক্ষিণখানে অটোরিকশার ধাক্কায় প্রাণ গেলো মোটরসাইকেল আরোহী স্কুলছাত্রের

রাজধানীর দক্ষিণখানে ব্যাটারিচালিত অটো রিকশার ধাক্কায় মো. শিশির (১৭) নামের মোটরসাইকেল আরোহী এক স্কুলছাত্র নিহত হয়েছে। শনিবার (১৮ জুলাই) বিকেল পৌনে ৪টার দিকে দক্ষিণখান থানার মোল্লারটেক দোবাদিয়া এলাকায় এ দুর্ঘটনা ঘটে। গুরুতর আহত অবস্থায় শিশিরকে উদ্ধার করে ঢাকা মেডিকেল কলেজ (ঢামেক) হাসপাতালের জরুরি বিভাগে নিয়ে আসলে কর্তব্যরত চিকিৎসক মৃত ঘোষণা করেন। শিশিরকে হাসপাতালে নিয়ে আসা আরাফাত রহমান জানান, নিহত শিশির দক্ষিণখানের মোল্লারটেক উদয়ন হাই স্কুলে নবম শ্রেণিতে পড়তো। শনিবার সকাল সাড়ে ১০টার দিকে এক বন্ধুর মোটরসাইকেল নিয়ে চালাতে বের হয় সে। একপর্যায়ে দ্রুতগতির একটি অটোরিকশা মোটরসাইকেলে ধাক্কা দিলে পাকা রাস্তায় ছিটকে পড়ে গুরুতর আহত হয় শিশির। উদ্ধার করে প্রথমে স্থানীয় একটি হাসপাতালে নেওয়া হয় তাকে। সেখানে অবস্থার অবনতি হলে ঢাকা মেডিকেলে নেওয়া হলে চিকিৎসক মৃত ঘোষণা করেন। আরাফাত আরও জানান, শিশির লক্ষ্মীপুর সদর উপজেলার বাসিন্দা সুমন রহমানের ছেলে। সুমন পেশায় বাসচালক। বর্তমানে দক্ষিণখানের মোল্লারটেকের তেঁতুলতলা এলাকায় পরিবারের সঙ্গে থাকতো শিশির।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৮.০৭.২০২৬ রিহাব)

## নাগরিক সমস্যা সমাধানে 'আমাদের চট্টগ্রাম' অ্যাপ নিয়ে এলো চসিক

নাগরিক সমস্যা সমাধানে ওয়ান স্টপ সিটিজেন সার্ভিস মোবাইল ও ওয়েব অ্যাপ্লিকেশন 'আমাদের চট্টগ্রাম' অ্যাপ নিয়ে এসেছে চট্টগ্রাম সিটি করপোরেশন (চসিক)। শনিবার (১৮ জুলাই) দুপুরে নগরীর ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন মিলনায়তনে আয়োজিত এক আড়ম্বরপূর্ণ অনুষ্ঠানে অ্যাপটির উদ্বোধন করেন চসিক মেয়র ডা. শাহাদাত হোসেন।
নাগরিক সমস্যা সমাধানে ওয়ান স্টপ সিটিজেন সার্ভিস মোবাইল ও ওয়েব অ্যাপ্লিকেশন 'আমাদের চট্টগ্রাম' অ্যাপ নিয়ে এসেছে চট্টগ্রাম সিটি করপোরেশন (চসিক)। শনিবার (১৮ জুলাই) দুপুরে নগরীর ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন মিলনায়তনে আয়োজিত এক আড়ম্বরপূর্ণ অনুষ্ঠানে অ্যাপটির উদ্বোধন করেন চসিক মেয়র ডা. শাহাদাত হোসেন।
উদ্বোধনী বক্তব্যে মেয়র ডা. শাহাদাত হোসেন বলেন, আজকের দিনে চট্টগ্রাম সিটি করপোরেশনের ইতিহাসে একটি গৌরবময় ও যুগান্তকারী দিনের সাক্ষী হলো। আমরা এমন এক প্রযুক্তিনির্ভর সময়ে বাস করছি, যেখানে নাগরিক সেবা হাতের মুঠোয় পৌঁছে দেওয়া বিলাসিতা নয়, সময়ের অপরিহার্য দাবি। সেই দাবি পূরণ করতেই 'আমাদের চট্টগ্রাম' অ্যাপের যাত্রা শুরু হলো। এটি শুধু একটি অ্যাপ নয়, বরং নাগরিক ও সিটি করপোরেশনের মধ্যে একটি ডিজিটাল সেতুবন্ধন। (জাগো নিউজ ওয়েব পেজ:১৮.০৭.২০২৬ রিহাব)

## বেপরোয়া স্পোর্টস কার ধাওয়া করে যুবক আটক, মিললো বিদেশি পিস্তল

রাজধানীর মিরপুরে বেপরোয়া স্পোর্টস কার ধাওয়া করে আটক এক যুবকের কাছে বিদেশি পিস্তল ও ম্যাগাজিন পেয়েছে ট্রাফিক পুলিশ। শনিবার (১৮ জুলাই) সকাল সাড়ে ৬টার দিকে দারুসসালাম এলাকায় এ ঘটনা ঘটে। আটক যুবকের নাম সাজ্জাদ হোসেন আশিক (২০)। ঢাকা মহানগর পুলিশের (ডিএমপি) ট্রাফিক মিরপুর বিভাগের উপ-পুলিশ কমিশনার (ডিসি) মোহাম্মদ ছানোয়ার হোসেন জানান, দারুসসালাম ট্রাফিক জোনে দায়িত্ব পালনকালে সার্জেন্ট অনিরুদ্ধ রায় একটি বেপরোয়া গতির হলুদ রঙের স্পোর্টস কার থামানোর সংকেত দেন। চালক প্রথমে গাড়ি থামালেও প্রয়োজনীয় কাগজপত্র দেখাতে অস্বীকৃতি জানান। আচরণ সন্দেহজনক মনে হলে চালক ও আরোহীকে তল্লাশির জন্য গাড়ি থেকে নামতে বলা হয়। এসময় তারা হঠাৎ দ্রুতগতিতে পালানোর চেষ্টা করেন। তাৎক্ষণিকভাবে ধাওয়া করে গাবতলী বাস টার্মিনাল-সংলগ্ন সেলফি কাউন্টারের সামনে গাড়িটি আটক করেন সার্জেন্ট অনিরুদ্ধ। পরে পুলিশ পরিদর্শক (শহর ও যানবাহন) বিকাসুজ্জামান রনিসহ ট্রাফিক মিরপুর বিভাগের সদস্যরা ঘটনাস্থলে পৌঁছে স্থানীয় লোকজনের উপস্থিতিতে গাড়ির আরোহী সাজ্জাদকে আটক করেন। পরে তার দেহ তল্লাশি করে একটি বিদেশি পিস্তল ও একটি ম্যাগাজিন জব্দ করা হয়। আটক ব্যক্তিকে অস্ত্রসহ দারুসসালাম থানায় হস্তান্তর করা হয়েছে। এ ঘটনায় পরবর্তী আইনগত কার্যক্রম চলমান। (জাগো নিউজ ওয়েব পেজ:১৮.০৭.২০২৬ রিহাব)

## ঢাকা মেডিকেলে দালাল চক্রের সদস্য আটক

ঢাকা মেডিকেল কলেজ (ঢামেক) হাসপাতালে দালাল চক্রের এক সদস্যকে আটক করেছেন আনসার সদস্যরা। আটক ব্যক্তির নাম মো. হযরত আলী (২৮)। শনিবার (১৮ জুলাই) দুপুর ১২টার দিকে ঢামেকের নতুন ভবনের দোতলা থেকে তাকে আটক করা হয়। পরে তার বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়ার জন্য পুলিশে সোপর্দ করা হয়। ঢামেক হাসপাতাল আনসারের প্লাটুন কমান্ডার (পিসি) মো. শাহাদাত হোসেন জানান, ঢামেকের নতুন ভবনের দোতলায় দায়িত্বরত আনসার সদস্যরা দেখতে পান, হযরত আলী রোগী ও তাদের স্বজনদের কম খরচে উন্নত চিকিৎসার প্রলোভন দেখিয়ে একটি বেসরকারি ক্লিনিকে নিয়ে যাওয়ার চেষ্টা করছেন। এ ঘটনায় আনসার সদস্যরা দ্রুত ঘটনাস্থলে পৌঁছে তাকে আটক করেন। পরে হাসপাতাল প্রশাসনের কাছে উপস্থাপন করা হলে কর্তৃপক্ষের নির্দেশনায় তাকে পুলিশের কাছে হস্তান্তর করা হয়। শাহাদাত হোসেন বলেন, যারা অবৈধভাবে হাসপাতালে ঘোরাফেরা করেন, যাদের কোনো কাজ নেই, তাদের ধরার ব্যাপারে পরিচালক নির্দেশনা দিয়েছেন। (জাগো নিউজ ওয়েব পেজ:১৮.০৭.২০২৬ রিহাব)

## দুর্যোগে মানুষের পাশে দাঁড়ানো সবার নৈতিক দায়িত্ব শাহজাহান চৌধুরী

দুর্যোগে ক্ষতিগ্রস্ত মানুষের পাশে দাঁড়ানো সবার নৈতিক দায়িত্ব বলে মন্তব্য করেছেন চট্টগ্রাম-১৫ (সাতকানিয়া-লোহাগাড়া) আসনের সংসদ সদস্য শাহজাহান চৌধুরী। শনিবার (১৮ জুলাই) দুপুরে চট্টগ্রামের সাতকানিয়া উপজেলার কাঞ্চনা ইউনিয়নে সাম্প্রতিক বন্যায় ক্ষতিগ্রস্ত মানুষের মধ্যে ত্রাণ ও আর্থিক সহায়তা বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ মন্তব্য করেন। স্থানীয় মাস্টার মোহাম্মদ তাজুল ইসলাম ফাউন্ডেশনের উদ্যোগে ত্রাণ বিতরণ কর্মসূচির আয়োজন করা হয়। শাহজাহান চৌধুরী বলেন, 'প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্ত মানুষের পাশে দাঁড়ানো শুধু মানবিক দায়িত্ব নয়, এটি আমাদের সবার নৈতিক কর্তব্য। সরকারি উদ্যোগের পাশাপাশি সমাজের বিত্তবান ব্যক্তি ও স্বেচ্ছাসেবী সংগঠনগুলো এগিয়ে এলে দুর্যোগ মোকাবিলা সহজ হবে। ক্ষতিগ্রস্ত মানুষের পুনর্বাসনে প্রয়োজনীয় সহযোগিতা অব্যাহত থাকবে।' ফাউন্ডেশনের প্রতিষ্ঠাতা ও চেয়ারম্যান মঈন উদ্দীন হাসান বলেন, 'মানুষের দুঃসময়ে পাশে দাঁড়ানোই আমাদের ফাউন্ডেশনের মূল লক্ষ্য। বন্যায় ক্ষতিগ্রস্ত পরিবারগুলোর কষ্ট কিছুটা হলেও লাঘব করতে আমরা ধারাবাহিকভাবে খাদ্যসামগ্রী, নগদ অর্থ ও প্রয়োজনীয় সহায়তা পৌঁছে দেওয়ার চেষ্টা করছি। সামর্থ্য অনুযায়ী এই মানবিক কার্যক্রম ভবিষ্যতেও অব্যাহত থাকবে।' (জাগো নিউজ ওয়েব পেজ:১৮.০৭.২০২৬ রিহাব)

## গণভোটের আকাঙ্ক্ষা উপেক্ষার কারণে আবারও গণঅভ্যুত্থান হতে পারে

ক্ষমতাসীনদের দুর্বলতা ও জনগণের গণভোটের আকাঙ্ক্ষা উপেক্ষার কারণেই ভবিষ্যতে আবারও জুলাইয়ের মতো একটি গণঅভ্যুত্থানের পরিস্থিতি সৃষ্টি হতে পারে। এমন মন্তব্য করেছেন বাংলাদেশ জামায়াতে ইসলামীর কেন্দ্রীয় নির্বাহী পরিষদ সদস্য, ঢাকা মহানগর উত্তরের আমির এবং ঢাকা উত্তর সিটি করপোরেশনের (ডিএনসিসি) মেয়র প্রার্থী মোহাম্মদ সেলিম উদ্দিন। তিনি বলেন, এমন পরিস্থিতি যেন সৃষ্টি না হয়, সেদিকে সরকারের সতর্ক দৃষ্টি রাখা উচিত। একই সঙ্গে তিনি অভিযোগ করেন, কেউ কেউ আওয়ামী লীগের ভাষ্য অনুসরণ করে তাদের পুনর্বাসনের চেষ্টা করছে। শনিবার (১৮ জুলাই) সকালে রাজধানীর উত্তরার নর্থ টাওয়ার হাউজ বিল্ডিং এলাকায় জুলাই গ্রাফিতি আর্ট উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সেলিম উদ্দিন বলেন, জুলাইয়ের বিরুদ্ধে যারা অবস্থান নেবে, তারা জনগণের কাছে প্রত্যাখ্যাত হবে। জুলাই নি যে কোনো ষড়যন্ত্র কিংবা অপমানজনক বক্তব্য দেশের মানুষ মেনে নেবে না। জুলাইকে নিয়ে অপপ্রচারের পরিণতি ভালো হবে না।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৮.০৭.২০২৬ রিহাব)

## হাইকোর্টে ৮ দিনে ৩৪৮৪৬ পুরোনো মামলা নিষ্পত্তি

সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগে ৮ কার্যদিবসে পুরোনো ক্রিমিনাল মিস মামলা ও পুরোনো রিট মামলা মিলিয়ে মোট ৩৪ হাজার ৮৪৬টি পুরোনো মামলা নিষ্পত্তি হয়েছে। শনিবার (১৮ জুলাই) সুপ্রিম কোর্টের গণসংযোগ কর্মকর্তা মো. শফিকুল ইসলাম এ তথ্য নিশ্চিত করেন। তিনি বলেন, বৃহস্পতিবার (১৬ জুলাই) হাইকোর্ট বিভাগের ক্রিমিনাল মোশন বেঞ্চসমূহে মোট ৬ হাজার ৩১৭টি পুরোনো ক্রিমিনাল মিস মামলা নিষ্পত্তি হয়েছে। একই সঙ্গে রিট মোশন বেঞ্চসমূহে ২৩টি পুরোনো রিট মামলা নিষ্পত্তি হয়েছে। এদিন হাইকোর্ট বিভাগে একদিনে পুরোনো ক্রিমিনাল মিস মামলা ও পুরাতন রিট মামলা মিলিয়ে মোট ৬ হাজার ৩৪০টি পুরোনো মামলা নিষ্পত্তি হয়েছে। শফিকুল ইসলাম বলেন, পুরোনো মামলা নিষ্পত্তি কার্যক্রম শুরু হওয়ার পর এ পর্যন্ত ৮ কার্যদিবসে (প্রতি সপ্তাহে একদিন করে) মোট ২৭ হাজার ৯৩৯টি পুরোনো ক্রিমিনাল মিস মামলা এবং ৬ হাজার ৯০৭টি পুরোনো রিট মামলা নিষ্পত্তি হয়েছে এবং এখন পর্যন্ত পুরোনো ক্রিমিনাল মিস মামলা ও পুরোনো রিট মামলা মিলিয়ে মোট ৩৪ হাজার ৮৪৬টি পুরোনো মামলা নিষ্পত্তি হয়েছে। প্রধান বিচারপতির নির্দেশনা অনুসারে হাইকোর্ট বিভাগের ক্রিমিনাল মোশন বেঞ্চ এবং রিট মোশন বেঞ্চসমূহে দীর্ঘদিনের পুরোনো মামলা নিষ্পত্তির কার্যক্রম চলমান। বিচারপ্রার্থীদের দ্রুত ন্যায় বিচার নিশ্চিতকরণ, মামলাজট হ্রাস এবং বিচার ব্যবস্থার গতিশীলতা বৃদ্ধির লক্ষ্যে গৃহীত এ বিশেষ উদ্যোগের আওতায় ধারাবাহিকভাবে বিপুল সংখ্যক পুরোনো মামলা নিষ্পত্তি করা হচ্ছে। (জাগো নিউজ ওয়েব পেজ:১৮.০৭.২০২৬ রিহাব)

# রেডিও টুডে

## মানুষের কল্যাণ নিশ্চিত করাই সরকারের মূল লক্ষ্য: স্বরাষ্ট্রমন্ত্রী

স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ বলেছেন, সরকারের মূল লক্ষ্য হচ্ছে মানুষের কল্যাণ নিশ্চিত করা। জনগণের ভোটে নির্বাচিত সরকার হিসেবে জনগণের যেকোনো বিপদ-আপদে পাশে থাকা সরকারের দায়িত্ব ও অঙ্গীকার। তিনি বলেন, ‘সবার আগে বাংলাদেশ, ক্ষমতার আগে জনগণ’-এই নীতিকে সামনে রেখেই কাজ করছে সরকার। শনিবার কক্সবাজারের উপকূলীয় পেকুয়া উপজেলা প্রাঙ্গণে আয়োজিত এক অনুষ্ঠানে বন্যায় ক্ষতিগ্রস্তদের পুনর্বাসনে ১০০টি ঘর নির্মাণ কার্যক্রমের উদ্বোধনকালে তিনি এসব কথা বলেন। ক্ষতিগ্রস্তদের পুনর্বাসনে শামসুল হক ফাউন্ডেশনের উদ্যোগে এসব ঘর নির্মাণ করা হচ্ছে। স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, শুধু ঘরবাড়ি বা ক্ষতিগ্রস্ত পরিবারই নয়, বন্যায় ক্ষতিগ্রস্ত কৃষক, মৎস্যচাষি ও গবাদিপশু পালকদের জন্যও সরকার সহায়তা কর্মসূচি গ্রহণ করেছে। যাদের বীজতলা, চারা বা কৃষিজমি ক্ষতিগ্রস্ত হয়েছে, তাদের সার, বীজসহ প্রয়োজনীয় কৃষি উপকরণ দেওয়া হবে। পাশাপাশি ক্ষতিগ্রস্ত মৎস্য ও প্রাণিসম্পদ খাতের ক্ষয়ক্ষতির জরিপ করে সহায়তা দেওয়া হবে। এছাড়া বন্যায় ক্ষতিগ্রস্ত স্কুল, কলেজ, মাদ্রাসা, সড়কসহ সব ধরনের অবকাঠামো দ্রুত মেরামতের উদ্যোগ নেওয়া হবে বলেও জানান তিনি। মন্ত্রী বলেন, সরকার সবসময় দেশের মানুষের পাশে থাকবে এবং ন্যায়বিচার নিশ্চিত করতে কাজ করবে। স্বরাষ্ট্রমন্ত্রী প্রধানমন্ত্রী তারেক রহমানের জন্য দেশবাসীর কাছে দোয়া চেয়ে বলেন, সরকার জনবান্ধব ও দরিদ্রবান্ধব নীতি অনুসরণ করছে, যাতে সাধারণ মানুষের জীবনযাত্রায় অতিরিক্ত চাপ সৃষ্টি না হয় এবং সরকারের সেবা জনগণের দোরগোড়ায় পৌঁছে দেওয়া যায়। (রেডিও টুডে ওয়েব পেজ:১৮.০৭.২০২৬ আসাদ)

## রাজাকারদের রাজনৈতিক গোষ্ঠীকে বর্জন করতে হবে: স্বাস্থ্যমন্ত্রী

একাত্তরে একটি গোষ্ঠী আমাদের মা-বোনদের পাকিস্তানি হানাদার বাহিনীর হাতে তুলে দিয়েছিল। বাংলাদেশকে মেধাশূন্য করার জন্য বুদ্ধিজীবীদের ধরে নিয়ে হত্যার উদ্দেশ্যে হত্যা করেছিল। সেই রাজাকারদের রাজনৈতিক গোষ্ঠীকে বর্জন করতে হবে। তা না হলে এই বাংলাদেশ থাকবে না বলে মন্তব্য করেছেন স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী সরদার সাখাওয়াত হোসেন বকুল। শনিবার বিকেলে নরসিংদীর মনোহরদীর গাংকুলকান্দী ভূইয়া বাজার মাঠ সংলগ্ন নব দিগন্ত ক্লাব আয়োজিত মেধা বৃত্তি প্রদান ও সংবর্ধনা অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। স্বাস্থ্যমন্ত্রী বলেন, আমরা রাজাকার ও পাক হানাদারদের বিরুদ্ধে যুদ্ধ করে দেশ স্বাধীন করেছি। বাংলাদেশের বিরুদ্ধে এখনো

ষড়যন্ত্র হচ্ছে। তাই আজকের কোমলমতি শিক্ষার্থীদের স্বাধীনতার সঠিক ইতিহাস তুলে ধরতে হবে। তিনি বলেন, প্রধানমন্ত্রী তারেক রহমানের নেতৃত্বে সারাদেশের উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সগুলোকে ১০১ শয্যায় উন্নীত করা হচ্ছে। স্বাস্থ্য সেবায় বিশাল নিয়োগ দেওয়া হচ্ছে। বর্তমান সরকার স্বাস্থ্য সেবাকে গ্রাম পর্যন্ত নিশ্চিত করতে কাজ করছে। (রেডিও টুডে ওয়েব পেজ:১৮.০৭.২০২৬ আসাদ)

## গণভোটকে ব্যর্থ করে দিলে সরকারকে ব্যর্থ করে দেয়া হবে: বিরোধীদলীয় নেতা

বিরোধীদলীয় নেতা ও জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান বলেছেন, গণভোটে জনগণ প্রায় ৭০ ভাগ রায় দিয়েছে, ওই গণভোট না থাকলে এই সরকারও মানা হবে না। গণভোটকে ব্যর্থ করে দিলে আপনাদের ব্যর্থ করে দেয়া হবে। গণভোট মানতে জনগণ বাধ্য করবে। শনিবার বিকেলে বরিশালের হেমায়েত উদ্দিন কেন্দ্রীয় ঈদগাহ ময়দানে ১১ দলের বরিশাল বিভাগীয় সমাবেশে প্রধান অথিতির বক্তব্যে তিনি এ কথা বলেন। ।বিরোধীদলীয় নেতা বলেন, ধোকার পথে পা বাড়াবেন না। আমাদের সাফ কথা গণভোটের গণরায় মানতেই হবে। যারা গণভোটের ভোট মানে না, তারা গণতন্ত্র মানে না, এরা গণতন্ত্রের শত্রু। আমরা চাই ফিরে আসুন, জনগণের রায়ের প্রতি আপনার সম্মান করুন। বৈষম্যের জন্য জুলাই হয়নি, বৈষম্যের কবর রচনার জন্য জুলাই হয়েছিল। সময় থাকতে সচেতন হন, মানুষের ম্যান্ডেটের প্রতি সম্মান প্রদর্শন করুন। তিনি বলেন, ২০09 সাল থেকে ২৪ সাল পর্যন্ত এদেশের মানুষ জীবন দিয়েছে, রক্ত দিয়েছে আয়নাঘরের সঙ্গী হয়েছে। মামলায় জেলে গিয়েছে, সন্তান হারিয়েছে, স্বামী হারিয়েছে কিন্তু ফ্যাসিবাদের কাছে মাথানত করেনি। ফ্যাসিবাদকে বাংলাদেশ থেকে তাড়িয়ে দিয়েছে। আপনারা ডামি ফ্যাসিবাদ হতে পারবেন, আওয়ামী ফ্যাসিবাদ হতে পারবেন না। যেসকল ফ্যাসিবাদের বিরুদ্ধে অধ্যাদেশ জারি হয়েছিল, বিএনপি তার সবগুলো রেখে দিয়েছে। এটি জাতির সাথে বিশ্বাসঘাতকতা। সংবিধান সংশোধন কমিটি বলে কিছু নেই। এটি অবৈধ। কোনো ভাঁওতাবাজি করলে জাতি তাদের ছেড়ে কথা বলবে না। সংসদে সংবিধান সংশোধন করার জন্য গঠিত কমিটিকে আমরা ঘৃণাভরে প্রত্যাখান করেছি। তারা এই কমিটিকে এখন বিশেষ কমিটি বলছেন। জনগণের সাথে আর কত ছলচাতুরি, ধোকাবাজি করবে সরকার সেই প্রশ্নও রাখেন তিনি। পদে পদে মিথ্যা বলা ও ধোকাবাজির পরিণতির জন্য প্রস্তুত থাকার কথা স্মরণ করিয়ে দেন তিনি। (রেডিও টুডে ওয়েব পেজ:১৮.০৭.২০২৬ আসাদ)

## জুলাই সনদ বাস্তবায়ন না হলে ফের গণঅভ্যুত্থান: নাহিদ

জুলাই সনদ বাস্তবায়ন না হলে হরতাল-অবরোধের মতো কর্মসূচি ছাড়াও গণআন্দোলন থেকে গণঅভ্যুত্থানের পথে হাঁটার হুঁশিয়ারি দিয়েছেন বিরোধীদলীয় চিফ হুইপ ও জাতীয় নাগরিক পার্টির আহ্বায়ক নাহিদ ইসলাম। শনিবার বরিশালে ১১ দলীয় ঐক্যের বিভাগীয় সমাবেশে তিনি এ আলটিমেটাম দেন। একই সাথে বিএনপি ও প্রধানমন্ত্রী তারেক রহমানের তীব্র সমালোচনা করে তিনি বলেন, বিএনপি গণতন্ত্রের জন্য নয়, ক্ষমতার জন্য লড়াই করেছিল এবং বর্তমানে তারা প্রতিশ্রুতি ভঙ্গ করে দেশে চাঁদাবাজির রাজত্ব কায়েম করেছে। নাহিদ ইসলাম সমাবেশে উপস্থিত নেতাকর্মীদের উদ্দেশে বলেন, বরিশালে বিভাগীয় সমাবেশের পর ঢাকায় মহাসমাবেশ অনুষ্ঠিত হবে। এরপর দেশের প্রতিটি জেলা ও উপজেলায় ধারাবাহিক কর্মসূচি পালন করা হবে। তিনি বলেন, 'এর মধ্যে সরকার যদি গণভোটের রায়ের আলোকে জুলাই সনদ বাস্তবায়ন না করে, তাহলে গণআন্দোলন এবং প্রয়োজনে গণঅভ্যুত্থান পর্যন্ত যেতে আমরা বাধ্য হব।' তিনি আরও বলেন, এখন পর্যন্ত তারা হরতাল বা অবরোধের মতো কর্মসূচি ঘোষণা করেননি। তবে প্রয়োজন হলে এমন কর্মসূচি দেওয়ার প্রস্তুতি তাদের রয়েছে। নাহিদের অভিযোগ, 'আমরা এই মুহূর্তে হরতাল-অবরোধের পক্ষে ছিলাম না। কিন্তু সরকার এবং প্রধানমন্ত্রী তারেক রহমান দেশকে ধীরে ধীরে সেই পরিস্থিতির দিকে ঠেলে দিচ্ছেন।' (রেডিও টুডে ওয়েব পেজ:১৮.০৭.২০২৬ আসাদ)

## ফাইনাল ম্যাচ ঘিরে ঢাকা বিশ্ববিদ্যালয়ে বহিরাগত প্রবেশে নিষেধাজ্ঞা

ফিফা বিশ্বকাপ ২০২৬-এর ফাইনাল ম্যাচকে কেন্দ্র করে ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে বিশেষ নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করেছে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। এ সময় ক্যাম্পাসে অতিথি ও সাধারণ যানবাহনের প্রবেশ নিয়ন্ত্রণ করা হবে।শনিবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রক্টর দপ্তর থেকে প্রকাশিত এক জরুরি বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। বিজ্ঞপ্তিতে বলা হয়, আগামী ১৯ জুলাই সন্ধ্যা সাড়ে ৬টা থেকে ২০ জুলাই ভোর ৬টা পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারী ছাড়া অন্য কোনো অতিথির ক্যাম্পাসে প্রবেশ নিয়ন্ত্রিত থাকবে। একই সঙ্গে সাধারণ যানবাহনের প্রবেশ ও চলাচলেও বিধিনিষেধ থাকবে। এ সময় শাহবাগ, দোয়েল চত্বর, শিববাড়ি ক্রসিং, ফুলার রোড ও নীলক্ষেত—এই পাঁচটি প্রবেশপথ দিয়ে শুধুমাত্র বিশ্ববিদ্যালয়ের স্টিকারযুক্ত যানবাহন এবং জরুরি সেবার যানবাহন প্রবেশ করতে পারবে। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ জানিয়েছে, জরুরি সেবার আওতায় অ্যাম্বুলেন্স, চিকিৎসক ও রোগীবাহী যান, সাংবাদিকদের যানবাহন, রাইড-শেয়ার সেবা, খাবার সরবরাহকারী যান, অনলাইন শপিং ডেলিভারি বাহন এবং অন্যান্য সরকারি যানবাহন অন্তর্ভুক্ত থাকবে। তবে পলাশী থেকে দোয়েল চত্বর হয়ে হাইকোর্ট মোড় পর্যন্ত সড়কটি স্বাভাবিকভাবে চলাচলের জন্য উন্মুক্ত থাকবে। এছাড়া গণপরিবহন ও ভারী যানবাহনের প্রবেশে আগের মতোই বিদ্যমান বিধিনিষেধ বহাল থাকবে বলে বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়েছে।

(রেডিও টুডে ওয়েব পেজ:১৮.০৭.২০২৬ আসাদ)

## উত্তরের ৫ জেলায় বন্যার শঙ্কা, বৃষ্টি নিয়েও 'দুঃসংবাদ'

ভারি বৃষ্টিপাত ও উজানের ঢলে দেশের উত্তরাঞ্চল ও উত্তর পূর্বে বিভিন্ন নদ-নদীর পানি বিপৎসীমার ওপরে বইছে। উত্তরের লালমনিরহাট, নীলফামারী, রংপুর, গাইবান্ধা ও কুড়িগ্রাম জেলার কোথাও কোথাও স্বল্পমেয়াদি বন্যা পরিস্থিতি তৈরি হয়েছে। এ ছাড়া উত্তর পূর্বের সিলেট অঞ্চলেও একাধিক নদীর পানি বিপৎসীমার ওপরে বইছিল। এতে সেখানে নিম্নাঞ্চল প্লাবিত হয়েছে। পানি উন্নয়ন বোর্ডের বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র সূত্রে এই পরিস্থিতির কথা জানা গেছে। এদিকে, অতিবৃষ্টি ও পাহাড়ি ঢলে পানি বাড়ায় রাঙামাটির কাপ্তাই বাঁধের ১৬টি জলকপাট খুলে দিয়েছে কর্তৃপক্ষ। বন্যায় চট্টগ্রাম ও সিলেট বিভাগের বিভিন্ন স্থানের ক্ষয়ক্ষতি নিরূপণ শেষ হয়নি। চট্টগ্রামের তিন উপজেলায় ২০ হাজার নলকূপ ক্ষতিগ্রস্ত হয়েছে। এতে নিরাপদ পানি সংকটে ভুগছেন আট লাখ বাসিন্দা।বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র জানিয়েছে, তিস্তা নদী ডালিয়া কাউনিয়া, তারাপুর ও হরিপুর পয়েন্টে গতকাল বিপৎসীমায় বইছিল।(রেডিও টুডে ওয়েব পেজ:১৮.০৭.২০২৬ আসাদ)

## গণপরিবহন আধুনিকায়নে ১৪০০ বৈদ্যুতিক বাস আনছে সরকারঃ

দেশের গণপরিবহনব্যবস্থাকে আরো আধুনিক, পরিবেশবান্ধব ও টেকসই করতে প্রায় ১ হাজার ৪০০টি বৈদ্যুতিক (ইভি) বাস চালুর পরিকল্পনা নিয়েছে সরকার। এ পরিকল্পনার আওতায় সারা দেশে সর্বজনীন ইভি চার্জিং অবকাঠামো গড়ে তোলা এবং মনোরেলসহ নতুন গণপরিবহনব্যবস্থা চালুর উদ্যোগও নেওয়া হচ্ছে। বাংলাদেশ সংবাদ সংস্থাকে দেওয়া এক সাক্ষাৎকারে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের সচিব ড. মোহাম্মদ জিয়াউল হক বলেন, জীবাশ্ম জ্বালানির ওপর নির্ভরশীলতা কমিয়ে দেশের পরিবহনব্যবস্থাকে আরো পরিচ্ছন্ন, নিরাপদ ও কার্যকর করে তুলতেই এসব উদ্যোগ নেওয়া হয়েছে। তিনি বলেন, দেশের ইতিহাসে সবচেয়ে বড় বৈদ্যুতিক বাস বহর গড়ে তুলতে সরকার একাধিক প্রকল্প বাস্তবায়ন করছে। তিনি জানান, ৫০০টি বৈদ্যুতিক বাস কেনার একটি প্রস্তাব অর্থায়নের জন্য প্রক্রিয়াধীন রয়েছে। এ ছাড়া দক্ষিণ কোরিয়ার সহায়তায় বাস্তবায়নাধীন ৩০০টি বৈদ্যুতিক বাসের কর্মসূচিতে বাসের সংখ্যা বাড়ানোর লক্ষ্যে প্রকল্পটি সংশোধনের কাজ চলছে। (রেডিও (টুডে ওয়েব পেজ :১৮.০৭.২০২৬ আসাদ)

## অটোমেটিক ট্রাফিক লাইট সিস্টেম দ্রুত চালুর নির্দেশ প্রধানমন্ত্রীর

যানজট নিরসন ও আধুনিক ট্রাফিক ব্যবস্থা নিশ্চিতে রাজধানীর আরও কমপক্ষে ৫০টি পয়েন্টে দ্রুততম সময়ের মধ্যে 'অটোমেটিক ট্রাফিক লাইট সিস্টেম' চালু করার নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। শনিবার প্রধানমন্ত্রীর কার্যালয়ে পরিবেশ দূষণবিষয়ক এক উচ্চপর্যায়ের বৈঠকে এই নির্দেশনা দেন তিনি। এসময় রাজধানীর সড়ক থেকে ফিটনেসবিহীন, মেয়াদোত্তীর্ণ ও পরিবেশ দূষণকারী যানবাহন দ্রুত অপসারণে কার্যকর উদ্যোগ গ্রহণের ওপর বিশেষ গুরুত্বারোপ করেছেন প্রধানমন্ত্রী। এই বৈঠকে বায়ু ও শব্দ দূষণ প্রতিরোধে বিভিন্ন পদক্ষেপ নিয়ে বিস্তারিত আলোচনা হয়। বিশেষ করে ইটভাটার কারণে সৃষ্ট বায়ু দূষণ রোধে দ্রুত কার্যকর ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত হয়। এ সময় পরিবেশবান্ধব বিকল্প প্রযুক্তি ব্যবহার করে ইট উৎপাদনের ওপর গুরুত্বারোপ করেন প্রধানমন্ত্রী। রাজধানী ঢাকায় যানবাহনের হর্নের অতিরিক্ত ব্যবহার কীভাবে নিয়ন্ত্রণ করা যায়, সে বিষয়েও আলোচনা হয় বৈঠকে। এ বিষয়ে আইন প্রয়োগকারী সংস্থাকে আরও কঠোর ভূমিকা পালনের নির্দেশ দেন প্রধানমন্ত্রী। তিনি বলেন, ট্রাফিক ব্যবস্থাপনায় ব্যবহৃত এআই ক্যামেরার মতো হর্ন নিয়ন্ত্রণেও কৃত্রিম বুদ্ধিমত্তা প্রযুক্তি ব্যবহার করা যেতে পারে।
(রেডিও টুডে ওয়েব পেজ:১৮.০৭.২০২৬ আসাদ)

## প্রতিটি হত্যাকাণ্ডের বিচার নিশ্চিত করবে সরকারঃ মাহদী আমিন

বর্তমান সরকার প্রতিটি হত্যাকাণ্ডের বিচার নিশ্চিত করবে বলে জানিয়েছেন প্রধানমন্ত্রীর উপদেষ্টা ও প্রধানমন্ত্রীর কার্যালয়ের মুখপাত্র মাহদী আমিন। শনিবার বিকেলে সরকারের ৫ মাস পূর্তি উপলক্ষ্যে প্রধানমন্ত্রীর তেজগাঁও কার্যালয়ের 'করবী' হলে আয়োজিত এক সংবাদ সম্মেলনে এ কথা জানান তিনি। মাহদী আমিন বলেন, ১২ ফেব্রুয়ারি আপামর জনসাধারণের অংশগ্রহণে অনুষ্ঠিত অবাধ, স্বতঃস্ফূর্ত ও নিরপেক্ষ নির্বাচনের মাধ্যমে প্রধানমন্ত্রী তারেক রহমানের নেতৃত্বে গণতান্ত্রিক সরকার রাষ্ট্রীয় দায়িত্ব গ্রহণ করে। এর ফলে দীর্ঘ প্রতীক্ষার পর জনগণ তাদের অধিকার ফিরে পেয়েছে। সেই সঙ্গে সরকার ও জনগণের মধ্যে গভীর আস্থা ও নির্ভরতা আজ এই রাষ্ট্রব্যবস্থাকে প্রকৃত কল্যাণমুখী গণতান্ত্রিক সরকার হিসেবে সুপ্রতিষ্ঠিত করেছে। কয়েকটি উদাহরণ তুলে ধরে প্রধানমন্ত্রীর কার্যালয়ের এই মুখপাত্র বলেন, মাত্র ১৯ দিনে শিশু রামিসা ধর্ষণ ও হত্যা মামলার রায় এবং ২৯ কার্যদিবসের মধ্যে মেহেরপুরে শিশু ধর্ষণ মামলার রায় সম্পন্ন করে দ্রুততম সময়ে বিচার নিশ্চিতের নতুন নজির স্থাপিত হয়েছে। নারী ও শিশু নির্যাতন দমন আইনের মামলায় ডেথ রেফারেন্স ও আপিল অগ্রাধিকারের ভিত্তিতে শুনানির পর মাত্র এক মাসে ১০টি রায় ঘোষণা করা হয়েছে। বর্তমান সরকার প্রতিটি হত্যাকাণ্ডের বিচার নিশ্চিত করতে চায়।
(রেডিও টুডে ওয়েব পেজ:১৮.০৭.২০২৬ আসাদ)

## প্রবাসী কার্ডে মিলবে যে ১০ বিশেষ সুবিধা

প্রধানমন্ত্রী তারেক রহমানের সভাপতিত্বে প্রবাসী কার্ড চালুর উদ্যোগ-সংক্রান্ত একটি বৈঠক অনুষ্ঠিত হয়েছে। বৈঠকে জানানো হয়, আগামী মাসের মধ্যে সরকারের 'প্রবাসী কার্ড'-এর পরীক্ষামূলক কার্যক্রম শুরু করা হবে। শনিবার

প্রধানমন্ত্রীর কার্যালয়ের চামেলী হলে এ বৈঠক হয়। সভায় জানানো হয়, প্রবাসী কার্ড চালুর মূল উদ্দেশ্য হলো প্রবাসীদের সামাজিক মর্যাদা বৃদ্ধি, ক্ষমতায়ন, আর্থিক প্রণোদনা প্রদান এবং ডুয়াল কারেন্সি কার্ডের মাধ্যমে আন্তর্জাতিক পেমেন্ট ও ব্যাংকিং সুবিধা নিশ্চিত করা। সরকারের নির্বাচনী অঙ্গীকারের অংশ হিসেবে ইতিমধ্যে ফ্যামিলি কার্ড, কৃষক কার্ড ও ক্রীড়া কার্ড বাস্তবায়নের কার্যক্রম শুরু হয়েছে। প্রবাসী কার্ডও সরকারের নির্বাচনী অঙ্গীকারের একটি গুরুত্বপূর্ণ অংশ। সেই ধারাবাহিকতায় এর পরীক্ষামূলক কার্যক্রম শুরু হচ্ছে। প্রবাসী কার্ডের মাধ্যমে প্রবাসীরা অন্তত ১০টি বিশেষ সুবিধা পাবেন। এর মধ্যে রয়েছে—

১. দেশে ও বিদেশে কমপ্লিমেন্টারি এয়ারপোর্ট লাউঞ্জ ব্যবহারের সুবিধা এবং বিশেষ ইমিগ্রেশন বুথের মাধ্যমে দ্রুত সেবা।

২. আন্তর্জাতিক বিমানবন্দরে কমপ্লিমেন্টারি মিট অ্যান্ড গ্রিট সেবা।

৩. বিমান টিকিট ও হোটেল বুকিংয়ে বিশেষ ছাড়।

৪. দেশে ও বিদেশে ন্যায্যমূল্যে গাড়ি বুকিং এবং সিগনেচার কার্ডধারীদের জন্য এয়ারপোর্ট পিক অ্যান্ড ড্রপ সেবা।

৫. সরকারি হাসপাতালে প্রবাসী সেবা বুথ এবং বেসরকারি হাসপাতালে চিকিৎসাসেবায় বিশেষ ছাড়।

৬. কার্ডধারীর মৃত্যু হলে বিনা খরচে মরদেহ দেশে পরিবহনের সুবিধা।

৭. প্রবাসফেরতদের পুনর্বাসন ও বীমা সুবিধা।

৮. জমি রেজিস্ট্রেশন, নামজারি, ইউটিলিটি সংযোগ, লাইসেন্স প্রদান এবং বৈদেশিক বিনিয়োগে অগ্রাধিকার।

৯. রেমিট্যান্স রিওয়ার্ড পয়েন্ট, ক্রেডিট স্কোরিং, ঋণ সুবিধা এবং কার্ডের মাধ্যমে সরাসরি অর্থ প্রেরণ ও সহজ লেনদেনের সুবিধা।

১০. জাতীয় পরিচয়পত্র, পাসপোর্ট, কনস্যুলার সেবা, ব্যাংকিং এবং সরকার প্রদত্ত অন্যান্য সেবায় অগ্রাধিকার। (রেডিও টুডে ওয়েব পেজ:১৮.০৭.২০২৬ আসাদ)

## বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের সংবর্ধনা দিল বীরশ্রেষ্ঠ নূর মোহাম্মদ পাবলিক কলেজ

রাজধানীর পিলখানায় অবস্থিত বীরশ্রেষ্ঠ নূর মোহাম্মদ পাবলিক কলেজে ২০২৫ সালের প্রাথমিক বৃত্তি পরীক্ষায় কৃতিত্ব অর্জনকারী শিক্ষার্থীদের সংবর্ধনা দেওয়া হয়েছে। শনিবার  সকাল ১০টায় কলেজ প্রাঙ্গণে আয়োজিত অনুষ্ঠানে বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থী, শিক্ষক ও বিপুলসংখ্যক অভিভাবক অংশ নেন। কলেজ সূত্রে জানা যায়, ২০২৫ সালের প্রাথমিক বৃত্তি পরীক্ষায় প্রতিষ্ঠানটি থেকে মোট ৩৮ জন শিক্ষার্থী বৃত্তি অর্জন করেছে। এর মধ্যে ১৪ জন মেধাবৃত্তি এবং ২৪ জন সাধারণ বৃত্তি লাভ করেছে। এ ফলাফলের মাধ্যমে লালবাগ থানার মধ্যে প্রথম স্থান অর্জন করেছে বীরশ্রেষ্ঠ নূর মোহাম্মদ পাবলিক কলেজ। সংবর্ধনা অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কলেজের অধ্যক্ষ লেফটেন্যান্ট কর্নেল মোহাম্মদ তাজুল ইসলাম। তিনি বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের অভিনন্দন জানিয়ে বলেন, 'এই অর্জনের ধারাবাহিকতা ধরে রাখতে হবে। ভবিষ্যতে আরো ভালো ফলাফল অর্জনের জন্য এখন থেকেই আন্তরিকভাবে প্রস্তুতি নিতে হবে।' অনুষ্ঠানে শিক্ষক ও অভিভাবকরাও শিক্ষার্থীদের এই সাফল্যে আনন্দ প্রকাশ করেন। তারা শিক্ষার্থীদের অধ্যবসায়, অভিভাবকদের সহযোগিতা এবং প্রতিষ্ঠানের শিক্ষার মানের প্রশংসা করেন। একই সঙ্গে ভবিষ্যতেও এ ধরনের সাফল্যের ধারা অব্যাহত থাকবে বলে আশাবাদ ব্যক্ত করেন। (রেডিও টুডে ওয়েব পেজ:১৮.০৭.২০২৬ আসাদ)

## ট্রল-অপবাদ দিয়ে দায়িত্ব থেকে বিচ্যুত করা যাবে নাঃ শিক্ষামন্ত্রী

শিক্ষামন্ত্রী ড. আ ন ম এহসানুল হক মিলন বলেছেন, যে যত ট্রলই করেন না কেন, যে যত অপবাদই দেন না কেন, আমাদের সঠিক দায়িত্ব থেকে আপনারা বিচ্যুত করতে পারবেন না। শিক্ষা ভাবনাকে বাদ দিয়ে যারা উচ্ছৃঙ্খল কথা বলে সমাজকে উসকানি দিতে চায়, আমাদের এই তরুণ প্রজন্ম তাদের ব্যর্থ করে দেবে।  তিনি আরও বলেন, আমাকে নিয়ে যারা ট্রল করলেন, তারা কেউ পরীক্ষার্থী নন। সিটি কলেজ, আইডিয়াল কলেজ বা ভিকারুননিসার মতো কোনো প্রতিষ্ঠানের শিক্ষার্থীকে আমি আন্দোলন করতে দেখিনি। এভাবে কিছু বহিরাগত আন্দোলন করে সাধারণ শিক্ষার্থীদের মিসগাইড করে কী একটা বিশৃঙ্খলা  সৃষ্টির চেষ্টা করল। আমি স্পষ্টভাবে বলতে চাই—আমরা এসেছি, এই জাতিকে সুশিক্ষিত করার দায়িত্ব পেয়েছি। আজ শনিবার দুপুরে সদর উপজেলা অডিটোরিয়ামে নওগাঁ বিশ্ববিদ্যালয়ের শিক্ষা কার্যক্রমের উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ মন্তব্য করেন। এর আগে শিক্ষামন্ত্রী শহরের বরুনকান্দি এলাকায় বিশ্ববিদ্যালয়ের অস্থায়ী ক্যাম্পাসে নামফলক উন্মোচন করেন। শিক্ষামন্ত্রী বলেন, '২০০১ সাল থেকে ২০০৬ সাল পর্যন্ত বেগম খালেদা জিয়ার নেতৃত্বে এই মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রীর দায়িত্ব পেয়েছিলাম। আজকে তারই জ্যেষ্ঠ সন্তান জনাব তারেক রহমানের অধীনে আমি দায়িত্ব পালন করছি। আপনারা কী করে ভাবতে পারেন যে, অন্যায়কে প্রশ্রয় দিতে আমাকে নির্দেশ দেওয়া হবে? নিশ্চয়ই না। আপনারা আপনাদের দায়িত্বে অটল থাকুন। লেখাপড়া আমাদের করতেই হবে এবং শিক্ষার মান আমাদের উন্নত করতেই হবে।'  (রেডিও টুডে ওয়েব পেজ:১৮.০৭.২০২৬ আসাদ)

## ২০ জুলাই এসএসসির ফল নয়, সম্ভাব্য কবে জানালো বোর্ড

চলতি বছরের এসএসসি ও সমমান পরীক্ষার ফল আগামী ২০ জুলাই প্রকাশের কথা ছিল। শিক্ষামন্ত্রীর নির্দেশনায় শিক্ষা বোর্ডগুলো ফল প্রকাশের প্রস্তুতিও নিচ্ছিল। তবে প্রশাসনিক ব্যস্ততায় তা কিছুটা পিছিয়ে যাচ্ছে। নতুন দিনক্ষণ জানা না

গেলেও চলতি মাসে এ ফল প্রকাশ করা হবে। বাংলাদেশ আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় কমিটির সভাপতি এবং ঢাকা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক সৈয়দ আক্তারুজ্জামান এ তথ্য নিশ্চিত করেছেন। শনিবার দুপুরে তিনি বলেন, ২০ জুলাইয়ের মধ্যে ফল প্রকাশের লক্ষ্য নির্ধারণ করা হয়েছিল। সে অনুযায়ী শিক্ষামন্ত্রী শিক্ষা বোর্ডগুলোকে প্রস্তুত থাকতে বলেছিলেন। বোর্ডও প্রয়োজনীয় প্রস্তুতি নিয়েছিল। তবে বর্তমান পরিস্থিতি বিবেচনায় বিভিন্ন জরুরি প্রশাসনিক কাজে অংশীজনরা ব্যস্ত থাকায় ফল প্রস্তুতের কাজ প্রত্যাশিত সময়ের মধ্যে শেষ করা সম্ভব হয়নি। এজন্য ফল প্রকাশে আরও কয়েকদিন সময় লাগবে। তবে খুব বেশি দেরি হবে না। চলতি মাসের মধ্যেই ফল প্রকাশ সম্ভব কি না- এমন প্রশ্নের জবাবে বোর্ড চেয়ারম্যান বলেন, 'আশা করছি, সেটা আমরা পারবো। এ মাসের মধ্যেই আমাদের কাজ গুছিয়ে ফল প্রকাশ করতে পারবো।' (রেডিও টুডে ওয়েব পেজ:১৮.০৭.২০২৬ আসাদ)

## সংসদ সদস্য বাচ্চুকে শোকজ করলো বিএনপি

দলীয় শৃঙ্খলা ভঙ্গের অভিযোগে ময়মনসিংহ-১১ আসনের সংসদ সদস্য ফখর উদ্দিন আহমেদ বাচ্চুকে কারণ দর্শানোর নোটিশ দিয়েছে বিএনপি। শনিবার দলটির কেন্দ্রীয় দপ্তর সূত্রে এ তথ্য জানা গেছে। দলীয় সূত্র জানায়, স্থানীয় পাট ব্যবসা নিয়ন্ত্রণসহ বিভিন্ন অনিয়মের অভিযোগে সম্প্রতি ফখর উদ্দিন আহমেদ বাচ্চুকে নিয়ে বিভিন্ন গণমাধ্যমে সংবাদ প্রকাশিত হয়। এসব অভিযোগকে কেন্দ্র করে দলীয় শৃঙ্খলা ভঙ্গেরৌ বিষয়টি আমলে নিয়ে তার বিরুদ্ধে সাংগঠনিক ব্যবস্থা হিসেবে শোকজ নোটিশ জারি করেছে বিএনপি। (রেডিও টুডে ওয়েব পেজ:১৮.০৭.২০২৬ আসাদ)

## এলডিসি উত্তরণের প্রস্তুতিকাল ৩ বছর বাড়ানোর আহ্বান বাণিজ্যমন্ত্রীর

স্বল্পোন্নত দেশের (এলডিসি) তালিকা থেকে বাংলাদেশের মসৃণ , টেকসই ও স্থিতিশীল উত্তরণ নিশ্চি তে আন্তর্জাতিক সম্প্রদায়ের আরও জোরালো সহযোগিতা চেয়েছেন বাণিজ্যমন্ত্রী খন্দকার আব্দুল মুক্তাদির। একই সঙ্গে তিনি এলডিসি উত্তরণের প্রস্তুতি পর্ব তিন বছর বাড়ানোর আহ্বান জানিয়েছেন। শনিবার মন্ত্রণালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়, জাতিসংঘ সদরদপ্তরে অনুষ্ঠি ত পৃথক বৈঠকে ইকোসকের সভাপতি ও নেপালের স্থায়ী প্রতিনিধি রাষ্ট্রদূত লোক বাহাদুর থাপা এবং ইকোসকের সহ-সভাপতি ও আলজেরিয়ার স্থায়ী প্রতিনিধি রাষ্ট্রদূত আমর বেনজামার কাছে এলডিসি থেকে বাংলাদেশের উত্তরণের প্রস্তুতিকাল তিন বছর বাড়ানোর পক্ষে সরকারের যৌক্তিকতা তুলে ধরে ন বাণিজ্যমন্ত্রী। বাণিজ্যমন্ত্রী বলেন, দেশের চলমান অর্থনৈতিক ও রাজনৈতিক রূপান্তর, বৈশ্বিক অর্থনৈতিক অনিশ্চয়তা, জ্বালানি সংকট, সরবরাহ ব্যবস্থার বিঘ্ন , জলবায়ু পরিবর্তনের বহুমাত্রিক প্রভাব এবং অন্যান্য বাহ্যিক প্রতিকূলতার কারণে বাংলাদেশ নির্ধারিত প্রস্তুতি পর্বের পুরো সুবিধা কাজে লাগাতে পারেনি। তিনি আরও বলেন , এলডিসি থেকে উত্তরণে বাংলাদেশ দৃঢ়ভাবে অঙ্গীকারবদ্ধ। প্রস্তুতিকাল বাড়ানোর অনুরোধ উত্তরণ বিলম্বিত করার জন্য নয়। বরং উত্তরণকে আরও মসৃণ , টেকসই ও স্থিতিশীল করাই এর উদ্দেশ্য। মন্ত্রী বলেন , অতিরিক্ত এই সময় কাঠামোগত সংস্কার সুসংহত করা, সুশাসন জোরদার করা, সামষ্টিক অর্থনৈতিক স্থিতিশীলতা পুনঃপ্রতিষ্ঠা , আর্থিক খাতকে আরও শক্তিশালী করা , বিনিয়োগবান্ধব পরিবেশ সৃষ্টি, অবকাঠামোর উন্নয়ন এবং একটি শক্তিশালী ও টেকসই মসৃণ উত্তরণ কৌশল কার্যকরভাবে বাস্তবায়নে সহায়তা করবে। বাংলাদেশ প্র তিনিধিদলে প্রধানমন্ত্রীর অর্থ ও পরিকল্পনা বিষয়ক উপদেষ্টা ড . রাশেদ আল মাহমুদ তিতুমীর, পরিকল্পনা প্রতিমন্ত্রী জোনায়েদ সাকি, অর্থনৈতিক সম্পর্ক বিভাগের (ইআরডি) সচিব মো. শাহরিয়ার কাদের সিদ্দিকী, জাতিসংঘে বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি রাষ্ট্রদূত সালাহউদ্দিন নোমা ন চৌধুরী , লেদারগুডস অ্যান্ড অ্যাকসেসরিজ এক্সপোর্টার্স অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ -এর সভাপতি সৈয়দ নাসিম মঞ্জুর এবং বাংলাদেশ গার্মেন্ট ম্যানুফ্যাকচারার্স অ্যান্ড এক্সপোর্টার্স অ্যাসোসিয়েশনের (বিজিএমইএ) সভাপতি মাহমুদ হাসান খান উপস্থিত ছিলেন। ইকোসকের সভাপতি ও সহ -সভাপতি এলডিসি থেকে উত্তরণে উন্নয়নশীল দেশগুলোর সামনে বিদ্যমান বৈশ্বিক চ্যালেঞ্জগুলোর বিষয়ে আলোকপাত করে বাংলাদেশের এলডিসি থেকে মসৃণ , টেকসই ও স্থিতিশীল উত্তরণ নিশ্চিত করতে নিবিড়ভাবে কাজ করার প্রত্যয় ব্যক্ত করেন। (রেডিও টুডে ওয়েব পেজ: ১৮.০৭.২০২৬ এলিনা)

## দেশের রাস্তায় এখন ১ হাজারেরও বেশি বিওয়াইডি গাড়ি

বিশ্বের শীর্ষস্থানীয় নিউ এনার্জি ভেহিকেল (এনইভি) উৎপাদক প্রতিষ্ঠান বিওয়াইডি, বাংলাদেশে তাদের যাত্রা শুরুর পর থেকে দেশের রাস্তায় ১,০০০-এর অধিক এনইভি 'র যুগান্তকারী সাফল্য অর্জন করেছে। ২০২৪ সালের ০৩ মার্চ ফ্ল্যাগশিপ ইলেকট্রিক সেডান 'বিওয়াইডি সিল'-এর মাধ্যমে বাংলাদেশে অনুষ্ঠানিক কার্যক্রম শুরু করে বিওয়াইডি। তখন থেকেই বিভিন্ন দামের একাধিক এনইভি মডেলের মাধ্যমে নিজেদের পোর্টফলিও সমৃদ্ধ করার পাশাপাশি , বাংলাদেশের ক্রেতাদের চাহিদা পূরণে প্রতিনিয়ত অত্যাধুনিক প্রযুক্তি নিয়ে আসছে বিওয়াইডি। এই সময়ের মধ্যে দেশের বাজারে ১ হাজারেরও বেশি এনইভি গাড়ি সরবরাহ করতে সক্ষম হয়েছে প্রতিষ্ঠানটি। দেশের রাস্তায় ১,০০০-এর অধিক এনইভির এই যুগান্তকারী সাফল্য বর্ণাঢ্য অনুষ্ঠানের আয়োজন করা হয়। সম্প্রতি ঢাকার একটি হোটেলে এ উপলক্ষে 'ড্রিভেন বাই ১০০০' শীর্ষক এ অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে প্রতিষ্ঠানটির কর্মকর্তা , সম্মানিত ক্রেতা, ডিলার পার্টনার, এই খাতের অংশীজন , ইনফ্লুয়েন্সার ও গণমাধ্যমের প্রতিনিধিরা অংশ নেন। বাংলাদেশে টেকসই মোবিলিটিকে ত্বরান্বিত করতে বিওয়াইডির প্রতিশ্রুতিকে পুনর্ব্যক্ত করে এ আয়োজন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিওয়াইডি এশিয়া-প্যাসিফিক অটো সেলস ডিভিশনের ডেপুটি জেনারেল ম্যানেজার কেৎসু ঝ্যাং। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিওয়াইডি বাংলাদেশের চেয়ারম্যান হাফিজুর রহমান খান। অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন

বিওয়াইডি বাংলাদেশের ব্যবস্থাপনা পরিচালক (এমডি) আমিদ সাকিফ খান, কান্ট্রি ম্যানেজার চার্লস রেন ও চিফ মার্কেটিং অফিসার ইমতিয়াজ নওশের। এশিয়া-প্যাসিফিক অটো সেলস ডিভিশনের ডেপুটি জেনারেল ম্যানেজার কেৎসু ঝ্যাং বলেন, "আজ আমরা শুধু বাংলাদেশের সড়কে ১,০০০টি বিওয়াইডি গাড়ির উপস্থিতি উদযাপন করছি না। বরং, এক হাজার পরিবারের হাজারো গল্পকে উদযাপন করছি, যারা বিওয়াইডিকে তাদের প্রতিদিনের যাতায়াতে সঙ্গী করেছেন; এক হাজার ক্রেতা যারা বিওয়াইডি ব্র্যান্ডের ওপর, এর প্রযুক্তি ও পণ্যের ওপর ভরসা রেখেছেন। এরকম মাইলফলক একটি প্রতিষ্ঠানের একার পক্ষে অর্জন করা সম্ভব নয়। এই সাফল্য অর্জিত হয়েছে পারস্পরিক অংশীদারিত্ব, দৃঢ় সংকল্প এবং আগামী দিনের যাত্রা আরও সমৃদ্ধ ও সফল হবে—এই অটুট বিশ্বাসের ভিত্তিতে। এই যাত্রায় আমাদের পাশে থাকার জন্য আমরা আমাদের ডিলার পার্টনার, কর্মী ও গণমাধ্যমের বন্ধুদের ধন্যবাদ জানাতে চাই।"

এ বিষয়ে বিওয়াইডি বাংলাদেশের ব্যবস্থাপনা পরিচালক (এমডি) আমিদ সাকিফ খান বলেন, "১,০০০ এনইভি বিক্রির মাইলফলকে পৌঁছানো বিওয়াইডি বাংলাদেশের জন্য অত্যন্ত গর্বের একটি মুহূর্ত। এটি আমাদের ওপর ক্রেতাদের ক্রমবর্ধমান আস্থার প্রতিফলন। বাংলাদেশের প্রথম অফিসিয়াল এনইভি ব্র্যান্ড হিসেবে বিওয়াইডি চালুর পর থেকেই বিশ্বমানের পণ্য ও প্রযুক্তির মাধ্যমে টেকসই মোবিলিটিকে আরও সহজলভ্য করতে প্রতিশ্রুতিবদ্ধ আমরা। পরিবেশবান্ধব যাতায়াতের এই যাত্রায় অংশ নেওয়ায় আমরা আমাদের ক্রেতা, ডিলার পার্টনার ও স্টেকহোল্ডারদের আন্তরিক ধন্যবাদ জানাই।" বিওয়াইডির লক্ষ্য বৈশ্বিক তাপমাত্রা ১ ডিগ্রি সেলসিয়াস পরিমাণ কমিয়ে আনা। এ লক্ষ্যকে সামনে রেখে আন্তর্জাতিক বাজারে উদ্ভাবনী নিউ এনার্জি ভেহিকেল নিয়ে আসার মাধ্যমে পরিবেশবান্ধব যাতায়াত ব্যবস্থার নেতৃত্ব দিচ্ছে প্রতিষ্ঠানটি। নিরবচ্ছিন্ন উদ্ভাবন ও টেকসই যাতায়াত ব্যবস্থার প্র তি দৃঢ় অঙ্গীকারের মাধ্যমে বিওয়াইডি বাংলাদেশ আগামীতে তাদের কার্যক্রম আরও বাড়াবে। একইসাথে পরিচ্ছন্ন, স্মার্ট ও পরিবেশবান্ধব পরিবহন ব্যবস্থা গড়ে তুলতে কাজ করবে তারা। (রেডিও টুডে ওয়েব পেজ: ১৮.০৭.২০২৬ এলিনা)

## স্পিন ঘূর্ণিতে জিম্বাবুয়েকে হারিয়ে সিরিজে সমতায় বাংলাদেশ

প্রথম ম্যাচের পরাজয়ের হতাশা কাটিয়ে দুর্দান্ত প্রত্যাবর্তন করেছে বাংলাদেশ। জিম্বাবুয়েকে ৩৪ রানে হারিয়ে তিন ম্যাচের টি-টোয়েন্টি সিরিজে ১-১ সমতা ফিরিয়েছে টাইগাররা। ফলে সিরিজের ভাগ্য নির্ধারণ হবে শেষ ও তৃতীয় ম্যাচে। শুক্রবার (১৭ জুলাই) বুলাওয়ের কুইন্স স্পোর্টস ক্লাবে অনুষ্ঠিত সিরিজের দ্বিতীয় টি-টোয়েন্টিতে টস হেরে আগে ব্যাট করতে নামে বাংলাদেশ। নির্ধারিত ২০ ওভারে ৫ উইকেট হারিয়ে ১৮৬ রান সংগ্রহ করে সফরকারীরা। জবাবে ১৮৭ রানের লক্ষ্য তাড়া করতে নেমে ১৯.৪ ওভারে ১৫২ রানে অলআউট হয় জিম্বাবুয়ে। ফলে ৩৪ রানের জয় তুলে নেয় বাংলাদেশ। প্রথম ম্যাচে ৩২ রানের পরাজয়ের পর সিরিজে টিকে থাকতে এই ম্যাচে জয়ের বিকল্প ছিল না বাংলাদেশের সামনে। সেই চাপের ম্যাচে ব্যাটিং ও বোলিং—দুই বিভাগেই নিয়ন্ত্রিত পারফরম্যান্স দেখিয়ে স্বাগতিকদের হারায় টাইগাররা। এই জয়ের ফলে তিন ম্যাচের টি -টোয়েন্টি সিরিজে ১-১ সমতা ফিরেছে। এখন আগামী রোববার একই মাঠে অনুষ্ঠিত তৃতীয় ও শেষ ম্যাচেই নির্ধারণ হবে সিরিজের ভাগ্য। বাংলাদেশ একাদশ : তাওহিদ হৃদয় (অধিনায়ক), পারভেজ হোসেন ইমন, তানজিদ হাসান, সাইফ হাসান, ইয়াসির আলি চৌধুরি, নুরুল হাসান সোহান, শেখ মাহেদি হাসান, রিশাদ হোসেন, মোহাম্মদ সাইফ উদ্দিন, নাহিদ রানা ও তাসকিন আহমেদ। জিম্বাবুয়ে একাদশ : সিকান্দার রাজা (অধিনায়ক), ব্রায়ান বেনেট, টাডিওয়ানাশে মারুমানি, ডিওন মেয়ার্স, রায়ান বার্ল, মিল্টন শুম্বা, ক্লাইভ মাডান্ডে, তাশিঙ্গা মুসেকিয়া, ব্রাড ইভান্স, ব্লেসিং মুজারাবানি ও রিচার্ড এনগারাভা।
(রেডিও টুডে ওয়েব পেজ: ১৮.০৭.২০২৬ এলিনা)

## 'তারুণ্য, স্টার্টআপ ও সম্ভাবনার বাংলাদেশ' কর্মসূচির প্রচারণা

'তারুণ্য, স্টার্টআপ ও সম্ভাবনার বাংলাদেশ' শীর্ষক কর্মসূচিকে সফল করার লক্ষ্যে ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে ব্যাপক প্রচারণা চালিয়েছে বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদল। শুক্রবার (১৭ জুলাই) বিশ্ববিদ্যালয়ের ঐতিহ্যবাহী মধুর ক্যান্টিন সংলগ্ন আইবিএ ভবনের সামনের দেয়ালে কর্মসূচি -সংক্রান্ত প্রচারণামূলক প্লাকার্ড সাঁটানো হয়। এ প্রচারণা কার্যক্রমে নেতৃত্ব দেন বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদল কেন্দ্রীয় সংসদের যুগ্ম -সাধারণ সম্পাদক এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের সলিমুল্লাহ মুসলিম হল ছাত্রদলের সাবেক নির্বাচিত সাধারণ সম্পাদক মো. তরিকুল ইসলাম তারিক। এ সময় ঢাকা বিশ্ববিদ্যালয় ও বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন হল শাখা ছাত্রদলের প্রায় ৬০–৭০ জন নেতাকর্মী উপস্থিত ছিলেন। তারা আগামী কর্মসূচিকে সফল করতে ঐক্যবদ্ধভাবে কাজ করার প্রত্যয় ব্যক্ত করেন। কর্মসূচি শেষে মো. তরিকুল ইসলাম তারিক বলেন, "বাংলাদেশের সবচেয়ে বড় শক্তি আমাদের তারুণ্য। এই তরুণদের মেধা, সৃজনশীলতা, উদ্ভাবনী সক্ষমতা এবং উদ্যোক্তা হওয়ার স্বপ্নকে বিকশিত করার মাধ্যমেই একটি সমৃদ্ধ, আত্মনির্ভরশীল ও সম্ভাবনাময় বাংলাদেশ গড়ে তোলা সম্ভব। 'তারুণ্য, স্টার্টআপ ও সম্ভাবনার বাংলাদেশ' কর্মসূচি সেই লক্ষ্যেই একটি সময়োপযোগী উদ্যোগ।" তিনি আরও বলেন, "বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি)-এর ভারপ্রাপ্ত চেয়ারম্যান জনাব তারেক রহমান এ কর্মসূচিকে আন্তরিকভাবে উৎসাহিত ও অনুপ্রাণিত করেছেন। তাঁর বিশ্বাস—রাজনীতির পাশাপাশি তরুণদের দক্ষতা, উদ্ভাবন, প্রযুক্তি ও উদ্যোক্তা তৈরির মাধ্যমে দেশের অর্থনীতিকে শক্তিশালী করতে হবে। আমরা সেই বার্তাই বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের কাছে পৌঁছে দিতে কাজ করছি।" তিনি বলেন, "আমরা বিশ্বাস করি, যে জাতি তারুণ্যের

স্বপ্নকে মূল্যায়ন করে, সেই জাতিই ভবিষ্যতে নেতৃত্ব দেয়। তাই তরুণদের কর্মসংস্থান , উদ্ভাবন ও স্টার্টআপ সংস্কৃতি বিকাশে সবাইকে এগিয়ে আসতে হবে। ছাত্রদল সবসময় ইতিবাচক , সৃজনশীল ও জনকল্যাণমূলক উদ্যোগের পাশে থাকবে।" নেতাকর্মীরা জানান, বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে এ ধরনের প্রচারণা কার্যক্রম ধারাবাহিকভাবে অব্যাহত থাকবে , যাতে অধিক সংখ্যক তরুণ এ উদ্যোগ সম্পর্কে জানতে ও সম্পৃক্ত হতে পারেন।
(রেডিও টুডে ওয়েব পেজ: ১৮.০৭.২০২৬ এলিনা)

## চীনের সঙ্গে জিও পলিটিকাল ও ব্যবসায়িক সম্পর্ক আরও দৃঢ় হবে: ফখরুল

চীনের সঙ্গে ভূরাজনৈতিক, অর্থনৈতিক এবং ব্যবসায়িক সম্পর্ক আরও দৃঢ় করতে চায় বিএনপি। এমন প্রত্যাশার কথা জানিয়েছেন স্থানীয় সরকার , পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রী মির্জা ফখরুল ইসলাম আলমগীর। সম্প্রতি বাংলাদেশের প্রধানমন্ত্রী তারেক রহমানের চীন সফরের মধ্য দিয়ে দু'দেশের বিদ্যমান সম্পর্ক আরও দৃঢ় হয়েছে বলেও জানান তিনি। শনিবার রাজধানীর প্যান প্যাসিফিক সোনারগাঁও হোটেলে 'বাংলাদেশ-চায়না ফ্রেন্ডশিপ অ্যাসোসিয়েশন ' আয়োজিত আলোচনা সভায় এসব কথা বলেন মির্জা ফখরুল। প্রধানমন্ত্রী তারেক রহমানের ঐতিহাসিক চীন সফরের পর 'লং লিভ বাংলাদেশ-চায়না ফ্রেন্ডশিপ' শীর্ষক এই আলোচনা অনুষ্ঠিত হয়। সভায় গেস্ট অব অনার ছিলেন বাংলাদেশে নিযুক্ত চীনা রাষ্ট্রদূত ইয়াও ওয়েন। সভায় মির্জা ফখরুল বলেন , 'আমাদের তরুণরা চীনে যাচ্ছে এবং সম্পর্ক গড়ে তুলছে। তারেক রহমানের সফর দুই দেশের পারস্পরিক সম্পর্ককে আরও গতিশীল করেছে। চী নের কমিউনিস্ট পার্টির সঙ্গে বিএনপির সম্পর্ক দীর্ঘদিনের। ফ্যাসিস্ট আওয়ামী নির্যাতনের সময়ও আমরা দলটির সঙ্গে যোগাযোগ রেখেছি। ' তিনি বলেন, চীন শুধু আওয়ামী লীগকে নয় বরং বিএনপিসহ অন্যান্য দলের সঙ্গেও সম্পর্ক রেখেছে। বিএনপি চীনের সঙ্গে জিও পলিটিকাল ইন্টারেস্টে সম্প র্ক রাখতে চায়। আবার ভারত -যুক্তরাষ্ট্রের সঙ্গেও অর্থনৈতিক ও রাজনৈতিক সম্পর্ক রাখতে চাই। স্থানীয় সরকার মন্ত্রী আরও বলেন, 'চীন-বাংলাদেশের সম্পর্ক এখন বেশ উপরে। চীনের প্রযুক্তির সহায়তা চায় বাংলাদেশ। আবার চীনের কারিগরি শিক্ষায় বাংলাদেশের তরুণদের শিক্ষিত করতেও দেশটির সহায়তা প্রয়োজন। তিনি বলেন, রাস্তাঘাট ও অবকাঠামো নির্মাণ, সোলার এনার্জি ও গ্রীন এনার্জির ব্যবহারে চীনা প্রযুক্তির সহায়তা বাড়াতে পারলে লাভবান হবে বাংলাদেশ। মির্জা ফখরুল বলেন , আমরা আশাবাদী, কারণ চীনের সঙ্গে বিএনপির আদর্শিক মিল আছে। পাশাপাশি ব্যবসায়িক স ম্পর্কও আছে। আমরা চীন থেকে আমদানি ও রপ্তানি করব। চীনও আমাদের দেশ থেকে আমদানি-রপ্তানি করবে। আধিপত্যবিরোধী শক্তি হিসেবে চীনের নেতৃত্ব চায় বাংলাদেশ। সভায় ইয়াও ওয়েন বলেন, চীনে বিদ্যমান হাইস্পিড ট্রেন প্রযুক্তি ভবিষ্যতে বাংলাদেশে কার্যকর করতে আগ্রহী তারা। চট্টগ্রা ম, ঢাকা ও সিলেটকে এই হাইস্পিড ট্রেন প্রযুক্তির আওতায় আনা সম্ভব বলেও জানান তিনি। এসময় রোহিঙ্গা প্রত্যাবাসনে চীন সর্বোচ্চ সহযোগিতার আশ্বাস দেন রাষ্ট্রদূত। তারেক রহমানের সফরে নতুন অধ্যায়ের সূচনা হয়েছে বলেও মন্তব্য করেন। অনুষ্ঠানে তথ্যমন্ত্রী জহির উদ্দিন স্ব পন, বেসামরিক বিমান ও পর্যটন প্রতিমন্ত্রী রশিদুজ্জান মিল্লাতসহ আরও অনেকে উপস্থিত ছিলেন। সভায় সভাপতিত্ব করেন বাংলাদেশ-চীন মৈত্রী সমিতির সভাপতি ও বিএনপি চেয়ারপারসনের উপদেষ্টা অ্যাডভোকেট নজমুল হক নান্নু। আলোচনায় বক্তারা বলেন , বাংলাদেশ ও চীনের সম্পর্ক পারস্পরি ক আস্থা, সম্মান, উন্নয়ন সহযোগিতা এবং দীর্ঘদিনের বন্ধুত্বের এক উজ্জ্বল দৃষ্টান্ত। তারা আশাবাদ প্রকাশ করেন , অবকাঠামো উন্নয়ন, বাণিজ্য, বিনিয়োগ, প্রযুক্তি, শিক্ষা, স্বাস্থ্য, কৃষি এবং সাংস্কৃতিক বিনিময়সহ বিভিন্ন ক্ষেত্রে দু 'দেশের সহযোগিতা আগামী দিনে আরও সম্প্রসারিত হবে।(রেডিও টুডে ওয়েব পেজ: ১৮.০৭.২০২৬ এলিনা)

## ভূ-রাজনীতি নয়, অর্থনীতিই বাংলাদেশের বৈদেশিক নীতির মূল ভিত্তি: তথ্য ও সম্প্রচারমন্ত্রী

তথ্য ও সম্প্রচার মন্ত্রী জহির উদ্দিন স্বপন বলেছেন , ভূ-রাজনীতি নয়, বরং আমদানি-রপ্তানি, রেমিট্যান্স ও জনশক্তি রপ্তানির ম তো অর্থনৈতিক নিয়ামকগুলোই বাংলাদেশের বৈদেশিক ও কূটনৈতিক নীতির মূল ভিত্তি। তিনি বলেন , 'বাংলাদেশের এই অর্থনৈতিক অগ্রযাত্রায় অন্যতম প্রধান কৌশলগত ও নির্ভরযোগ্য অংশীদার হতে পারে চীন। ' শনিবার রাজধানীর একটি অভিজাত হোটেলে বাংলাদেশ -চীন মৈত্রী সমিতি (বিসিএফএ) আয়োজিত 'লং লিভ বাংলাদেশ-চায়না ফ্রেন্ডশিপ' শীর্ষক সেমিনারে বিশেষ অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিএনপি মহাসচিব এবং স্থানীয় সরকার , পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রী মির্জা ফখরুল ইসলাম আলমগীর। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বাংলা দেশ-চীন মৈত্রী সমিতির সভাপতি ও বিএনপি চেয়ারম্যানের উপদেষ্টা অ্যাডভোকেট নজমুল হক নান্নু। সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশে নিযুক্ত চীনের রাষ্ট্রদূত ইয়াও ওয়েন। বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন প্রতিমন্ত্রী এম রশিদু জ্জামান মিল্লাত। অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন সংসদ সদস্য সানজিদা ইসলাম তুলি ও শামসুর রহমান শিমুল বিশ্বাস। বাংলাদেশ-চীনের দ্বিপাক্ষিক বাণিজ্যের চিত্র তুলে ধরে তথ্যমন্ত্রী বলেন , 'বর্তমানে বৈশ্বিক ও আঞ্চলিক রাজনীতি মূলত অর্থনীতিকে কেন্দ্র করেই আবর্তিত হচ্ছে। সং গত কারণেই বাংলাদেশের অর্থনীতি ও বাণিজ্য বহুলাংশে চীন নির্ভর। আমাদের মোট এফডিআই (সরাসরি বৈদেশিক বিনিয়োগ) স্টকের মধ্যে চীনের অবস্থান দ্বিতীয়। ' তিনি বলেন, চীনের সঙ্গে বাংলাদেশের বাণিজ্যের পরিমাণ প্রায় ২০ বিলিয়ন ডলার, যার সিংহভাগই আমদানি নির্ভর। বাংলাদেশ থেকে চীনে রপ্তানির পরিমাণ এখনও ১ বিলিয়ন ডলারের নিচে। তবে বাংলাদেশের এই রপ্তানি সামর্থ্য বাড়ানোর জন্য চীন সরকারের আগ্রহ রয়েছে। মন্ত্রী জানান , আমাদের অর্থনীতির গতিকে আরও বেগবান করতে প্রধানমন্ত্রী তারেক

রহমানের দূরদর্শী চিন্তার আলোকে চীন সবচাইতে গুরুত্বপূর্ণ বন্ধু হতে পারে। যোগাযোগ ছাড়া কোনো অর্থনীতি দ্রুত বিকশিত হতে পারে না উল্লেখ করে তিনি বলেন, 'চীনা রাষ্ট্রদূত ইয়াও ওয়েনের ব্যক্তিগত উদ্যোগে সম্প্রতি গুরুত্বপূর্ণ কৌশলগত সফর সম্পন্ন হয়েছে। আমাদের নেতা তারেক রহমানের নির্দেশনায় বাংলাদেশ ও চীন ঐতিহাসিক সড়ক যোগাযোগ স্থাপনে একমত হয়েছে।'

জহির উদ্দিন স্বপন আরও জানান, দীর্ঘদিনের কিছু জটিলতা কাটিয়ে চীন, মিয়ানমার ও বাংলাদেশের মধ্যে সড়ক যোগাযোগ স্থাপনের প্রক্রিয়া শুরু হতে যাচ্ছে। আঞ্চলিক উন্নয়নের স্বার্থে এই উদ্যোগে ভারতসহ অন্য যেকোনো দেশকে স্বাগত জানানো হবে, যা এই অঞ্চলের অ র্থনীতিতে এক বিশাল কৌশলগত বিজয় হিসেবে গণ্য হবে। বাংলাদেশের জন্য রোহিঙ্গা সমস্যাকে একটি অন্যতম বড় সংকট হিসেবে উল্লেখ করে তথ্যমন্ত্রী বলেন, চীন সরকার বাংলাদেশ ও মিয়ানমারের পারস্পরিক স্বার্থের বিষয়টি গুরুত্বের সঙ্গে অনুধাবন করেছে। রোহিঙ্গা সংকট সমাধান এবং দ্বি পাক্ষিক আলোচনার মাধ্যমে এই সমস্যার স্থায়ী উত্তরণে চীনের পক্ষ থেকে শক্তিশালী ও কার্যকর ভূমিকা আমাদের সরকার প্রত্যাশা করে। বাংলাদেশের কূটনৈতিক দর্শনের মূল ভিত্তি স্পষ্ট করে মন্ত্রী বলেন, বাংলাদেশ একটি বাস্তবসম্মত নীতিতে বিশ্বাসী। ভূ-রাজনীতি আমাদের প্রধান লক্ষ্য নয়, আমাদের অগ্রাধিকার হলো অর্থনীতি। আমরা চীন ও ভারত থেকে আমদানি করি, আমেরিকা ও ইউরোপে পণ্য রপ্তানি করি এবং মধ্যপ্রাচ্য ও মালয়েশিয়া থেকে রেমিট্যান্স আয় করি। এই অর্থনৈতিক কাঠামোর ওপর ভিত্তি করেই আমাদের কূটনৈতিক সম্পর্ক নির্ধারিত হয়। চীন আমাদের এই অবস্থানকে অত্যন্ত গুরুত্বের সঙ্গে মূল্যায়ন করে।' তিনি বাংলাদেশ ও চীনের মধ্যকার এই মৈত্রী ও রাজনৈতিক - অর্থনৈতিক ইকোসিস্টেমকে আরও ফলপ্রসূ ও গতিশীল করতে চীনা রাষ্ট্রদূতকে এই সম্পর্কের অন্যতম রূপকার বলেও মন্তব্য করেন। (রেডিও টুডে ওয়েব পেজ: ১৮.০৭.২০২৬ এলিনা)

## যানবাহনের হর্ন নিয়ন্ত্রণে কঠোর হওয়ার নির্দেশ প্রধানমন্ত্রীর

যানজট নিরসন ও আধুনিক ট্রাফিক ব্যবস্থা নিশ্চিতে রাজধানীতে আরও অন্তত ৫০টি পয়েন্টে দ্রুততম সময়ের মধ্যে 'অটোমেটিক ট্রাফিক লাইট সিস্টেম' চালু করার নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। একই সঙ্গে রাজধানীর সড়ক থেকে ফিটনেসবিহীন, মেয়াদোত্তীর্ণ ও পরিবেশ দূষণকারী যানবাহন দ্রুত অপসারণে কার্যকর উদ্যোগ গ্রহণের ওপর বিশেষ গুরুত্বারোপ করেছেন তিনি। শনিবার (১৮ জুলাই) প্রধানমন্ত্রীর কার্যালয়ে পরিবেশ দূষণবিষয়ক এক উচ্চপর্যায়ের বৈঠকে সভাপতিত্বকালে তিনি এই নির্দেশনা দেন। বৈঠকে বায়ু ও শব্দ দূষণ প্রতিরোধে বিভিন্ন পদক্ষেপ নিয়ে বিস্তারিত আলোচনা হয়। বিশেষ করে ইটভাটার কারণে সৃষ্ট বায়ু দূষণ রোধে দ্রুত কার্যকর ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত হয়। এ সময় পরিবেশবান্ধব বিকল্প প্রযুক্তি ব্যবহার করে ইট উৎপাদনের ওপর গুরুত্বারোপ করেন প্রধানমন্ত্রী। রাজধানী ঢাকায় যানবাহনের হর্নের অতিরিক্ত ব্যবহার কীভাবে নিয়ন্ত্রণ করা যায়, সে বিষয়েও বৈঠকে আলোচনা হয়। এ ক্ষেত্রে আইন প্রয়োগকারী সংস্থাকে আরও কঠোর ভূমিকা পালনের নির্দেশ দিয়ে প্রধানমন্ত্রী বলেন, ট্রাফিক ব্যবস্থাপনায় ব্যবহৃত এআই ক্যামেরার মতো হর্ন নিয়ন্ত্রণেও কৃত্রিম বুদ্ধিমত্তা (এআই) প্রযুক্তি ব্যবহার করা যেতে পারে। বৈঠকে পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তনবিষয়ক মন্ত্রী আবদুল আউয়াল মিন্টু, প্রতিমন্ত্রী শেখ ফরিদুল ইসলাম, পানি সম্পদ প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন আজাদ এবং প্রধানমন্ত্রীর পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তনবিষয় ক বিশেষ সহকারী ড. সাইমুম পারভেজ উপস্থিত ছিলেন। এছাড়া ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের প্রশাসক মো. আব্দুস সালাম, ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের প্রশাসক মো. শফিকুল ইসলাম খান, ঢাকা মেট্রোপলিটন পুলিশ (ডিএমপি) কমিশনার মোসলেহ্ উদ্দিন আহমেদ ও অতিরিক্ত পুলিশ কমিশনার (ট্রাফিক) মো. আনিসুর রহমানসহ বিভিন্ন মন্ত্রণালয় ও সংস্থার ঊর্ধ্বতন কর্মকর্তারা বৈঠকে অংশ নেন। (রেডিও টুডে ওয়েব পেজ: ১৮.০৭.২০২৬ এলিনা)

## বাংলাদেশ-চীন সম্পর্ক এখন ইতিহাসের অন্যতম সেরা পর্যায়েঃ চীনের রাষ্ট্রদূত

বাংলাদেশের সঙ্গে চীনের সম্পর্ক এখন ইতিহাসের অন্যতম সে রা পর্যায়ে রয়েছে বলে জানিয়েছেন ঢাকায় নিযুক্ত চীনের রাষ্ট্রদূত ইয়াও ওয়েন। শনিবার রাজধানীর প্যান প্যাসিফিক সোনারগাঁও হোটেলে 'বাংলাদেশ চীন মৈত্রী সমিতি' আয়োজিত এক সেমিনারে বিশেষ অতিথির বক্তব্যে তিনি এই মন্তব্য করেন। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায়মন্ত্রী এবং বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর। এ সময় বাংলাদেশ - চীন সম্পর্কের নতুন সম্ভাবনার এক বিস্তৃত রূপরেখা তুলে ধরেন রাষ্ট্রদূত ইয়াও ওয়েন। যেখানে তিনি তিস্তা মহাপরিকল্পনা বাস্তবায়নে পূর্ণ সহযোগিতা, বাংলাদেশের পণ্যের জন্য চী নের বাজার আরও উন্মুক্ত করা, দ্রুতগতির বুলেট ট্রেনের সম্ভাবনা এবং রোহিঙ্গা সংকট সমাধানে সক্রিয় মধ্যস্থতা করার কথা উল্লেখ করেছেন। রাষ্ট্রদূত ইয়াও ওয়েন বলেন, বাংলাদেশ ও চীনের সম্পর্ক বর্তমানে ইতিহাসের অন্যতম সেরা পর্যায়ে রয়েছে। সাম্প্রতিক উচ্চপর্যায়ের সফর দুই দেশের কৌশলগত অংশীদারিত্বকে আরও শক্তিশালী করেছে। উন্নয়ন, বাণিজ্য, যোগাযোগ ও আঞ্চলিক স্থিতিশীলতার মতো গুরুত্বপূর্ণ ক্ষেত্রগুলোতে বাংলাদেশকে দীর্ঘমেয়াদি সহযোগিতা দিতে চীন প্রতিশ্রুতিবদ্ধ। তিস্তা মহাপরিকল্পনায় পূর্ণ সহযোগিতার আশ্বাস দিয়ে ইয়াও ওয়েন বলেন, তিস্তা নদী মহাপরিকল্পনা বাস্তবায়নে চীন আন্তরিকভাবে কাজ করছে। প্রকল্পটির সম্ভাব্যতা যাচাইয়ের কাজ দ্রুত এগিয়ে চলছে এবং প্রয়োজনীয় কারিগরি ও আর্থিক সহায়তা দিতে বেইজিং প্রস্তুত রয়েছে। এ প্রকল্প বাস্তবায়িত হলে উত্তরাঞ্চলের পানি ব্যবস্থাপনা, কৃষি ও পরিবেশে ইতিবাচক পরি বর্তন আসবে। কাঁঠাল রফতানির জন্য চীনের বিশাল বাজার খুলছে জানিয়ে রাষ্ট্রদূত বলেন,

প্রধানমন্ত্রীর সাম্প্রতিক চীন সফরে বাংলাদেশের তাজা কাঁঠাল রফতানির বিষয়ে একটি গুরুত্বপূর্ণ প্রটোকল স্বাক্ষর হয়েছে। এর ফলে আমের পর এবার দেশের জাতীয় ফল কাঁঠালও চীনের বিশাল ভোক্তা বাজারে প্রবেশের সুযোগ পাবে, যা কৃষি অর্থনীতিতে নতুন সম্ভাবনার দ্বার খুলে দেবে। বুলেট ট্রেনের সম্ভাবনা ও যোগাযোগ খাতে সহযোগিতার বিষয়ে ইয়াও ওয়েন বলেন , বাংলাদেশ-চীন-মিয়ানমার অর্থনৈতিক করিডোর (বিসিএম) নিয়ে কাজ এগিয়ে চলছে। পাশাপাশি চীনের উচ্চগতির রেল প্রযুক্তি বাংলাদেশে ব্যবহারের সম্ভাবনাও গুরুত্বের সঙ্গে বিবেচনা করা হচ্ছে। ভবিষ্যতে ঢাকা-চট্টগ্রামসহ গুরুত্বপূর্ণ রুটে দ্রুতগতির ট্রেন চালুর সুযোগ তৈরি হতে পারে। রোহিঙ্গা প্রত্যাবাসন প্রসঙ্গে রাষ্ট্রদূত বলেন, মিয়ানমারে নতুন রাজনৈতিক বাস্তবতা তৈরি হয়েছে। এই পরিস্থিতি তে বাংলাদেশ ও মিয়ানমারের মধ্যে সংলাপ এগিয়ে নিতে এবং টেকসই সমাধান খুঁজে বের করতে চীন মধ্যস্থতামূলক ভূমিকা অব্যাহত রাখবে।
(রেডিও টুডে ওয়েব পেজ: ১৮.০৭.২০২৬ এলিনা)

# BBC

**US STRIKES HIT IRAN FOR SEVENTH CONSECUTIVE NIGHT**

The US military said it carried out the seventh night of strikes on Iran since President Donald Trump declared the temporary ceasefire agreement was "over". US Central Command (Centcom) said its forces "hit surveillance sites, military logistics infrastructure, underground weapons storage, and maritime capabilities". Iran said it responded by targeting US allies in the region including Kuwait, which said another of its power and water plants had been hit following a similar attack the previous day. Jordan's military also said it had intercepted 10 Iranian missiles fired into its airspace overnight. No damage was reported. Bahrain also said its air defences had "thwarted" Iranian attacks. (BBC News Web Page: 18/07/26, FARUK)

**TRUMP THREATENS NEW CANADA TARIFFS OVER FIRES SENDING 'FILTHY' AIR INTO US CITIES**

US President Donald Trump has threatened to impose new tariffs on Canada after hundreds of wildfires have left much of the northern US covered by a blanket of smoke. The threat follows complaints by US lawmakers over the wildfires and Ontario's premier Doug Ford asking the US to send support to fight the fires, rather than complain. "The United States is being unnecessarily invaded by filthy, polluted, and unhealthy air," Trump said, threatening to impose new levies over Canada's "willful negligence". As of Saturday, there were about 955 fires actively burning in Canada, according to the Canadian Wildland Fire Information System - with the majority burning out of control. More than 190 of those blazes are burning in Ontario, some out of control. (BBC News Web Page: 18/07/26, FARUK)

**SPACE START-UP LAUNCHES INDIA'S FIRST COMMERCIAL ROCKET DESIGNED FOR ORBIT**

That's the vision behind an Indian private rocket company that achieved its first orbital launch on Saturday. Skyroot Aerospace, which recently became India's first space tech unicorn after reaching $1.1bn valuation, launched Vikram-1 from the Indian Space Research Organization's (Isro) launch facility in Sriharikota in southern India. The seven-storey rocket lifted off at 12:05 India time and travelled 280 miles to reach the Low Earth Orbit in a 16-minure flight. Skyroot is the first Indian private company to launch a rocket into orbit, making India only the third country, after the US and China, with a private company capable of orbital launches. "Vikram-1 Test Flight-1 has reached orbit... History is made," the company posted on X. The successful Vikram-1 launch will take Skyroot closer to its goal of offering what it calls a "cab service to space", where companies can hire a rocket "to ride to a unique location in the orbit to place a satellite or visit a space station".
(BBC News Web Page: 18/07/26, FARUK)

**EU PROPOSES SLOWING DOWN CUTS TO CARBON EMISSIONS FOR BUSINESSES**

The European Union has unveiled proposals that would slow cuts to businesses greenhouse gas emissions limits, as part of a major climate policy overhaul. The reforms would relax the rules of the bloc's emissions trading system (ETS) to give businesses more time to reduce their carbon output than previously planned. The changes would mean some industries could obtain emission allowances until 2038 instead of 2034, if they commit to investing in decarbonization efforts. The proposals still need to be approved by EU countries and lawmakers - a process that could take a year. The European Commission, which develops legislation for the EU's 27 member states, said the changes would ensure the ETS was aligned with the EU's goal to reduce carbon emissions by 90% by 2040, compared with 1990 levels. (BBC News Web Page: 18/07/26, FARUK)

**MAGNITUDE 7.3 EARTHQUAKE QUAKE STRIKES OFF MEXICO COAST**

A powerful magnitude 7.3 earthquake struck off the coast of southern Mexico on Friday, triggering a tsunami warning for parts of the Pacific. No fatalities or significant damage have been reported in Mexico or Guatemala from the quake, which was also felt in El Salvador. Mexico's navy secretary Admiral Raymundo Morales told a press conference that there was "no serious impact", but that people were being advised to stay away from beaches. The US Tsunami Warning System had warned of possible "hazardous tsunami waves" along the nearby coasts of Mexico and Guatemala. It later recorded waves of 0.3m above tide level in Puerto Madero and Chiapas in Mexico. Several hours after the initial warning was issued, the centre said the threat had passed but advised people in affected areas to "remain observant and exercise normal caution near the sea".

(BBC News Web Page: 18/07/26, FARUK)

**HELICOPTERS DUMP WATER AS HUGE NORWAY FIRE DESTROYS HOMES**

More than 100 homes have been destroyed by a massive fire burning through Drammen in southern Norway, rescue officials said. Hundreds of people have been evacuated from the area, around 30 miles west of Oslo. No casualties or missing people have been reported so far. Dozens of firefighters are working to extinguish the blaze, which has spread to a nearby forest. Local police said the fire was "still not under control". It was not immediately clear where or how the fire had started, but a Drammen Red Cross worker said it had spread quickly due to the weather. "It says something about the heat we've had lately. It's been very dry. So once the fire started, it spread quickly. That's what we've seen," Thomas Evjen told Reuters. (BBC News Web Page: 18/07/26, FARUK)

**AT LEAST 14 DEAD AFTER MINIBUS ROLLS OFF MOUNTAIN ROAD IN PERU**

At least 14 people have been killed and five injured after a minibus in the Peruvian Andes lost control on a curve, and veered off a mountain road. Rescue crews used ropes to recover victims from the steep hillside. (BBC News Web Page: 18/07/26, FARUK)

**ISRAELI ARMY DESTROYS THREE SCHOOLS IN SOUTHERN LEBANON: MINISTER**

The Israeli military has looted and destroyed three schools in southern Lebanon, according to the country's education minister. Israel "looted" the schools before using explosives to reduce them into "piles of ashes", Education and Higher Education Minister Rima Karami said in a statement carried by Lebanon's state-run National News Agency (NNA) on Friday. Karami said the schools had been added to the growing list of educational institutions destroyed during the conflict. The fighting in Lebanon escalated into a full-scale war in March after months of cross-border exchanges between Israel and Hezbollah following the start of the Gaza genocide in October 2023. Israel says it is targeting Hezbollah.

(BBC News Web Page: 18/07/26, FARUK)

**::--::THE END::--::**